জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

২৩

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম

কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ : ১৩৪৫ বঙ্গাব্দ
দ্বিতীয় (বিশ্ববাণী) সংস্করণ : আষাঢ়, ১৩৮৯ বঙ্গাব্দ

1345

প্রকাশক :
বিশ্ববাণী প্রকাশনী
ব্রজকিশোর মণ্ডল
৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা-৭০০০০৯

মুদ্রক :
রবীন্দ্রনাথ ঘোষ
নিউমানস প্রিন্টিং
১বি, গোয়াবাগান স্ট্রীট
কলিকাতা-৭০০০০৬

মূল্য : ৪০.০০

নবতিতমোঽধ্যায়ঃ।

———ঃ০ঃ———

ধৃতরাষ্ট্র উবাচ।

ধ্বজান্ বহুবিধাকারান্ ভ্রাজমানানতিশ্রিয়া।
পার্থানাং মামকানাঞ্চ ত্বং সমাচক্ষ্ব সঞ্জয়! ॥১॥

সঞ্জয় উবাচ।

ধ্বজান্ বহুবিধাকারান্ শৃণু তেষাং মহাত্মনাম্।
রূপতো বর্ণতশ্চৈব নামতশ্চ নিবোধ মে ॥২॥
তেষান্তু রথমুখ্যানাং রথেষু বিবিধা ধ্বজাঃ।
প্রত্যদৃশ্যন্ত রাজেন্দ্র! জ্বলিতা ইব পাবকাঃ ॥৩॥
কাঞ্চনাঃ কাঞ্চনাপীড়াঃ কাঞ্চনস্রগলঙ্কৃতাঃ।
কাঞ্চনানীব শৃঙ্গাণি কাঞ্চনস্য মহাগিরেঃ ॥৪॥
অনেকবর্ণা বিবিধা ধ্বজাঃ পরমশোভনাঃ।
তে ধ্বজাঃ সংবৃতাস্তেষাং পতাকাভিঃ সমন্ততঃ।
নানাবর্ণবিরাগাভিবিশোভন্ত সমুচ্ছ্রিতাঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৌতুকেন জিজ্ঞাসতে ধ্বজানিতি। বহুবিধাকারানিতি সম্ভাব্যমানমুক্তম্ ॥১॥
ধ্বজানিতি। রূপত আকৃত্যা। এবমন্যত্র। নিবোধ জানীহি ॥২॥
তেষামিতি। তেষামর্জ্জুনাদীনাম্, রথমুখ্যানাং রথিশ্রেষ্ঠানাম্ ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি পাণ্ডবপক্ষ ও আমার পক্ষের নানাবিধাকৃতি ও অতিসৌন্দর্য্যে শোভমান ধ্বজগুলির বর্ণনা কর' ॥১॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! সেই মহাত্মাদের নানাবিধাকৃতি ধ্বজগুলির বিষয় আপনি শ্রবণ করুন এবং সেগুলির আকৃতি, বর্ণ ও নাম আমার নিকট অবগত হউন ॥২॥

রাজশ্রেষ্ঠ! সেই রথিশ্রেষ্ঠগণের রথে প্রজ্বলিত অগ্নির ন্যায় নানাবিধ ধ্বজ দেখা যাইতেছিল ॥৩॥

(১)⋯ তান্ সমাচক্ষ্ব সঞ্জয়!—বা বা নি। (৫)⋯নানাবর্ণবিকারাভিঃ⋯পি বঙ্গ বৰ্দ্ধ,⋯ শুশুভুঃ সর্ব্বতো বৃতাঃ—বা নি।

পতাকাশ্চ ততস্তাস্তু শ্বসনেন সমীরিতাঃ।
নৃত্যমানাঃ স্ম দৃশ্যন্তে রঙ্গমধ্যে বিলাসিকাঃ ॥৬॥
ইন্দ্রায়ুধসবর্ণাভাঃ পতাকা ভরতর্ষভ!।
দোধূয়মানা রথিনাং শোভয়ন্তি মহারথান্ ॥৭॥
সিংহলাঙ্গূলমুগ্রাস্যং ধ্বজং বানরলক্ষণম্।
ধনঞ্জয়স্য সংগ্রামে প্রত্যপশ্যাম ভৈরবম্ ॥৮॥
স বানরবরো রাজন্! পতাকাভিরলঙ্কৃতঃ।
ত্রাসয়ামাস তৎ সৈন্যং ধ্বজো গাণ্ডীবধন্বনঃ ॥৯॥

ভারতকৌমুদী

কাঞ্চনা ইতি। কাঞ্চনাঃ স্বর্ণময়াঃ, কাঞ্চনাপীডাঃ স্বর্ণময়শেখরাঃ। কাঞ্চনস্য স্বর্ণময়স্য সুমেরোঃ। নানাবর্ণৈর্বিশিষ্টো রাগো রঞ্জনং যাসাং তাভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৫॥
পতাকা ইতি। শ্বসনেন বায়ুনা, সমীরিতাঃ সঞ্চালিতাঃ। বিলাসিকা নর্ত্তক্য ইব ॥৬॥
ইন্দ্রেতি। ইন্দ্রায়ুধসবর্ণা শক্রধনুস্তুল্যরূপা আভা যাসাং তাঃ। দোধূয়মানা বায়ুনা ॥৭॥
সিংহেতি। সিংহলাঙ্গূলমুগ্রাস্যঞ্চ বানরং বিভ্রতমিতি শেষঃ। অতএব বানরলক্ষণম্ ॥৮॥
স ইতি। বানরাণাং বরো যস্মিন্ সঃ। তৎ কৌরবীয়ম্। গাণ্ডীবধন্বনোঽর্জ্জুনস্য ॥৯॥

মহাগিরি সুমেরুর স্বর্ণময় শৃঙ্গসমূহের ন্যায় স্বর্ণময়, স্বর্ণশেখর, স্বর্ণমালায় অলঙ্কৃত, নানাবর্ণ ও নানাপ্রকার পরমসুন্দর ধ্বজ প্রকাশ পাইতেছিল এবং নানাবর্ণরঞ্জিত পতাকাসমূহদ্বারা আবৃত সেই উত্তোলিত ধ্বজগুলি সকল দিকে শোভা পাইতেছিল ॥৪—৫॥

সেই পতাকাগুলি আবার বায়ুসঞ্চালিত হইয়া—রঙ্গালয়ে নৃত্যকারিণী নর্ত্তকীগণের ন্যায় দৃষ্টিগোচর হইতেছিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! রথিগণের ইন্দ্রধনুতুল্য নানাবর্ণযুক্ত পতাকা সকল বায়ুকর্ত্তৃক অনবরত সঞ্চালিত হইতে থাকিয়া সেই মহারথগণকে শোভিত করিতেছিল ॥৭॥

মহারাজ! আমরা রণস্থলে অর্জ্জুনের ভয়ঙ্কর ধ্বজটা দেখিতেছিলাম; তাহার উপরে একটা বানর ছিল, তাহার লাঙ্গুলটা সিংহের লাঙ্গুলের ন্যায় এবং মুখখানাও সিংহের মুখের তুল্য ভীষণ ছিল ॥৮॥

রাজা! বানরশ্রেষ্ঠযুক্ত ও পতাকাশোভিত অর্জ্জুনের সেই ধ্বজটা কৌরবসৈন্যের ভয় জন্মাইতেছিল ॥৯॥

(৬)…নৃত্যমানো ব্যদৃশ্যন্ত—বা নি। (৮) সিংহলাঙ্গূল উগ্রাস্যো ধ্বজো বানরলক্ষণঃ। প্রত্যদৃশ্যত ভারত।—নি।

তথৈব সিংহলাঙ্গূলং দ্রোণপুত্রস্য ভারত!।
ধ্বজাগ্রং সমপশ্যাম বালসূর্য্যসমপ্রভম্ ॥১০॥
কাঞ্চনং পবনোদ্ধূতং শক্রধ্বজসমদ্যুতিম্।
নন্দনং কৌরবেন্দ্রাণাং দ্রৌণের্লক্ষ্ম সমুচ্ছ্রিতম্ ॥১১॥
হস্তিকক্ষা পুনর্হৈমী বভূবাধিরথের্ধ্বজঃ।
আহবে খং মহারাজ! দদৃশে পূরয়ন্নিব ॥১২॥
পতাকা কাঞ্চনী স্রগ্বী ধ্বজঃ কর্ণস্য সংযুগে।
নৃত্যতীব রথোপস্থে শ্বসনেন সমীরিতঃ ॥১৩॥
আচার্য্যস্য চ পাণ্ডূনাং ব্রাহ্মণস্য যশস্বিনঃ।
গোবৃষো গৌতমস্যাসীৎ কৃপস্য চ পরিষ্কৃতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তথেতি। সিংহস্য লাঙ্গূলং চিহ্নভূতং যস্মিন্ তৎ ॥১০॥
কাঞ্চনমিতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। নন্দনমানন্দজনকম্। লক্ষ্ম চিহ্নং পতাকেত্যর্থঃ ॥১১॥
হস্তীতি। হস্তিনঃ কক্ষা মধ্যবন্ধনরজ্জুঃ, হৈমী স্বর্ণময়ী, আধিরথেঃ কর্ণস্য ॥১২॥
পতাকেতি। স্রগ্বী মালাবান্। রথস্য উপস্থে উপরিভাগে, শ্বসনেন বায়ুনা ॥১৩॥
আচার্য্যস্যেতি। চকারাৎ কুরূণাঞ্চ। গোবৃষঃ প্রধানবৃষচিহ্নম্। পরিষ্কৃতো মার্জ্জিতঃ ॥১৪॥

ভরতনন্দন! সেইরূপই আমার অশ্বত্থামার ধ্বজটা দেখিলাম; সেটা নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং সিংহলাঙ্গুলচিহ্নিত ছিল ॥১০॥

স্বর্ণখচিত, বায়ুসঞ্চালিত, ইন্দ্রধ্বজের ন্যায় নানাবর্ণ এবং কৌরবশ্রেষ্ঠগণের আনন্দজনক অশ্বত্থামার চিহ্নস্বরূপ একটা পতাকা সেই ধ্বজের উপরে উত্তোলিত ছিল ॥১১॥

মহারাজ! কর্ণের ধ্বজের উপরে আবার তাঁহার চিহ্নস্বরূপ স্বর্ণময় হস্তি-মধ্যবন্ধনরজ্জু ছিল; সেটা যেন আকাশ পূর্ণ করিতে থাকিয়া সমরস্থলে দৃষ্টিগোচর হইতে লাগিল ॥১২॥

কর্ণের সেই মালাযুক্ত ধ্বজ ও স্বর্ণময়ী পতাকা বায়ুকর্তৃক সঞ্চালিত হইতে থাকিয়া রথের উপরে যেন নৃত্য করিতেছিল ॥১৩॥

কৌরব ও পাণ্ডবগণের অস্ত্রশিক্ষক, ব্রাহ্মণ, যশস্বী ও গৌতমগোত্র কৃপের ধ্বজের উপরে একটা পরিমার্জিত শ্রেষ্ঠ বৃষচিহ্ন ছিল ॥১৪॥

(১৩) পতাকী কাঞ্চনঃ স্রগ্বী—নি। (১৪) আচার্য্যস্য তু পাণ্ডূনাং ব্রাহ্মণস্য তপস্বিনঃ —বা নি।

স তেন ভ্রাজতে রাজন্ ! গোবৃষেণ মহারথঃ ।
ত্রিপুরারে রথো যদ্বদ্‌গোবৃষেণ বিরাজতা ॥১৫॥
ময়ূরো বৃষসেনস্য কাঞ্চনো মণিরত্নবান্ ।
ব্যাহরিষ্যন্নিবাতিষ্ঠৎ সেনাগ্রমতিশোভয়ন্ ॥১৬॥
তেন তস্য রথো ভাতি ময়ূরেণ মহাত্মনা ।
যথা স্কন্দস্য রাজেন্দ্র ! ময়ূরেণ বিরাজতা ॥১৭॥
মদ্ররাজস্য শল্যস্য ধ্বজাগ্রেঽগ্নিশিখামিব ।
সৌবর্ণীং সমপশ্যাম সীতামপ্রতিমাং শুভাম্ ॥১৮॥
সা সীতা ভ্রাজতে তস্য রথমাস্থায় মারিষ ! ।
সর্ববীজবিরূঢ়েব যথা সীতা শ্রিয়া বৃতা ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। ভ্রাজতে শোভতে স্ম। ত্রিপুরারেঃ শিবস্য ॥১৫॥

ময়ূর ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনঃ। ব্যাহরিষ্যন্ বিপক্ষাণাং ভয়ং বদিষ্যন্ ॥১৬॥

তেনেতি। স্কন্দস্য কার্ত্তিকেয়স্য রথঃ ॥১৭॥

মদ্রেতি। সীতাং লাঙ্গলপদ্ধতিং ভূরেখাম্, "সীতা লাঙ্গলপদ্ধতিঃ" ইত্যমরঃ ॥১৮॥

সেতি। সর্বাণি বীজানি বিরূঢানি অঙ্কুরিতানি যস্যাং সা, সীতা লাঙ্গলকৃতভূরেখা ॥১৯॥

রাজা ! মহাদেবের রথখানা যেমন শ্রেষ্ঠ বৃষচিহ্নদ্বারা শোভা পাইয়া থাকে, সেইরূপ কৃপাচার্য্যের রথখানাও সেই শ্রেষ্ঠ বৃষদ্বারা শোভা পাইতেছিল ॥১৫॥

স্বর্ণখচিত ও মণি-রত্নযুক্ত বৃষসেনের ধ্বজের উপরে একটা ময়ূরচিহ্ন ছিল; সেটা সৈন্যের সম্মুখভাগের গুরুতর শোভা জন্মাইতে থাকিয়া বিপক্ষদিগকে ভয়ের কথা বলিবে বলিযাই যেন সেস্থানে অবস্থান করিতেছিল ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! কার্ত্তিকের রথখানা যেমন শোভমান ময়ূরদ্বারা শোভা পায়, সেইরূপ বৃষসেনের রথখানাও সেই উত্তম ময়ূরচিহ্নদ্বারা শোভা পাইতেছিল ॥১৭॥

মদ্ররাজ শল্যের ধ্বজের উপরে অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল, স্বর্ণময়, অতুলনীয় ও শুভলক্ষণযুক্ত একটা সীতা (লাঙ্গলকৃত ভূরেখা) দেখিয়াছিলাম ॥১৮॥

মাননীয় রাজা ! সমস্ত বীজ অঙ্কুরিত হইলে শোভাযুক্ত লাঙ্গলকৃত ভূরেখা যেমন প্রকাশ পায়, সেইরূপ সেই সুবর্ণময়ী সীতাও শল্যের রথে থাকিয়া প্রকাশ পাইতেছিল ॥১৯॥

(১৫)...ত্রিপুরঘ্নরথো যদ্বৎ—বা নি। (১৭) ময়ূরেণ মহাত্মনঃ—বা নি। (১৮)... প্রতিপশ্যাম—বা নি।

বরাহঃ সিন্ধুরাজস্য রাজতোঽভিবিরাজতে।
ধ্বজাগ্রে লোহিতার্কাভো হেমজালপরিষ্কৃতঃ ॥২০॥
শুশুভে কেতুনা তেন রাজতেন জয়দ্রথঃ।
যথা দেবাসুরে যুদ্ধে পুরা পূষা স্ম শোভতে ॥২১॥
সৌমদত্তেঃ পুনর্যূপো যজ্ঞশীলস্য ধীমতঃ।
ধ্বজঃ সূর্য্য ইবাভাতি সোমশ্চাত্র প্রদৃশ্যতে ॥২২॥
স যূপঃ কাঞ্চনো রাজন্! সৌমদত্তের্বিরাজতে।
রাজসূয়ে মখশ্রেষ্ঠে যথা যূপঃ সমুচ্ছ্রিতঃ ॥২৩॥
শলস্য তু মহারাজ! রাজতো দ্বিরদো মহান্।
কেতুঃ কাঞ্চনচিত্রাঙ্গৈর্ময়ূরৈরুপশোভিতঃ ॥২৪॥
স কেতুঃ শোভয়ন্ সৈন্যং তাবকং ভরতর্ষভ!।
যথা শ্বেতো মহানাগো দেবরাজচমূং তথা ॥২৫॥

ভারতকৌমুদী

বরাহ ইতি। লোহিতার্কাভো নবোদিতসূর্য্যতুল্যরক্তবর্ণঃ, হেমজালেন পরিষ্কৃতঃ শোভিতঃ ॥২০॥

শুশুভ ইতি। কেতুনা ধ্বজেন, রাজতেন রজতময়েন। পূষা সূর্য্যঃ ॥২১॥

সৌমেতি। সৌমদত্তের্ভূরিশ্রবসঃ। যূপো যূপচিহ্নিতঃ। সোমশ্চন্দ্রচিহ্নম্ ॥২২॥

স ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনঃ স্বর্ণময়ঃ। মখশ্রেষ্ঠে যজ্ঞপ্রধানে ॥২৩॥

শলস্যেতি। রাজতো রৌপ্যময়ঃ, দ্বিরদো হস্তী তদাকারচিহ্নযুক্ত ইত্যর্থঃ ॥২৪॥

শোভমান সিন্ধুরাজ জয়দ্রথের ধ্বজের উপরে নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ এবং স্বর্ণজালে পরিশোভিত একটা বরাহ শোভা পাইতেছিল ॥২০॥

পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে সূর্য্য যেমন শোভা পাইতেন, সেইরূপ সেই রৌপ্যখচিত ধ্বজদ্বারা জয়দ্রথ শোভা পাইতে লাগিলেন ॥২১॥

যজ্ঞানুষ্ঠানপরায়ণ ও বুদ্ধিমান্ ভূরিশ্রবার যূপচিহ্নিত ধ্বজটা আবার সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিল; তাহাতে চন্দ্রচিহ্নও দেখা যাইতে লাগিল ॥২২॥

রাজা! যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ে উত্তোলিত ধ্বজের ন্যায় ভূরিশ্রবার সেই স্বর্ণময় ধ্বজটা বিশেষ শোভা পাইতে লাগিল ॥২৩॥

মহারাজ! শলের ধ্বজের উপরে একটা রৌপ্যময় বিশাল হস্তীর চিহ্ন ছিল; সেটা আবার সুবর্ণবিচিত্রাঙ্গ কতকগুলি ময়ূরচিহ্নদ্বারা শোভিত ছিল ॥২৪॥

---

(২৫) স কেতুঃ শোভয়ামাস সৈন্যং তে ভরতর্ষভ।—বা নি।

নাগো মণিময়ো রাজ্ঞো ধ্বজঃ কাঞ্চনসংবৃতঃ।
কিঙ্কিণীশতসংহ্রাদো রাজংশ্চিত্রো রথোত্তমে ॥২৬॥
ব্যভ্রাজত ভৃশং রাজন্! পুত্রস্তব বিশাংপতে!।
ধ্বজেন মহতা সংখ্যে কুরূণামৃষভস্তদা ॥২৭॥
নবৈতে তব বাহিন্যামুচ্ছ্রিতাঃ পবমধ্বজাঃ।
ব্যদীপয়ংস্তে পৃতনাং যুগান্তাদিত্যসন্নিভাঃ ॥২৮॥
দশমস্ত্বর্জ্জুনস্যাসীদেক এব মহাকপিঃ।
অদীপ্যতার্জ্জুনো যেন হিমবানিব বহ্নিনা ॥২৯॥
ততশ্চিত্রাণি শুভ্রাণি সুমহান্তি মহারথাঃ।
কার্ম্মুকাণ্যাদদুস্তূর্ণমর্জ্জুনার্থে পরন্তপাঃ ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। শোভয়ন্নাসীদিতি শেষঃ। মহানাগঃ অনন্তো নাম ॥২৫॥
নাগ ইতি। নাগঃ সর্পচিহ্নযুক্তঃ, রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥২৬॥
ব্যভ্রাজতেতি। ব্যভ্রাজত বিশেষেণাদীপ্যত। পুত্রো দুর্য্যোধনঃ ॥২৭॥
নবেতি। উচ্ছ্রিতা উত্তোলিতাঃ। ব্যদীপযন্ অশোভযন্, পৃতনাং সেনাম্ ॥২৮॥
দশম ইতি। মহান্ কপির্যত্র স তাদৃশো ধ্বজঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

ধ্বজানিতি। রূপ আৱাবঃ ॥১—৯॥ ধ্বজাগ্রং ধ্বজমুখ্যাম্ ॥১০॥ কাঞ্চনং কাঞ্চনময়ম্ ॥১১—১৯॥ আলোহিতার্কাভোঽনুপবক্তস্ফটিকবর্ণঃ ॥২১—২৮॥ হিমবানিব বহ্নিনেতি তত্রকিল পরাশরেণ বহ্নিঃ সংস্থানিতঃ ॥২৯—৩৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

ভরতশ্রেষ্ঠ! শ্বেতবর্ণ অনন্তনাগ যেমন দেবসৈন্যের শোভা জন্মাইতেন, তেমন সেই ধ্বজটা আপনার সৈন্যের শোভা জন্মাইতে লাগিল ॥২৫॥

রাজা! দুর্য্যোধনের উত্তম রথে নাগচিহ্নিত, মণিময় ও স্বর্ণবেষ্টিত একটা ধ্বজ ছিল; তাহাতে শত শত কিঙ্কিণী বাজিতেছিল ॥২৬॥

নরনাথ রাজা! আপনার পুত্র কৌরবশ্রেষ্ঠ দুর্য্যোধন তখন সেই বিশাল ধ্বজদ্বারা রণস্থলে বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! আপনার সৈন্যমধ্যে উত্তোলিত প্রলয়কালের সূর্য্যের ন্যায় উজ্জ্বল এই নযটা উত্তম ধ্বজ আপনার সৈন্যের শোভা জন্মাইতে লাগিল ॥২৮॥

হিমালয় যেমন অগ্নিদ্বারা শোভা পায়, তেমন যে ধ্বজদ্বারা অর্জ্জুন শোভা পাইতেছিলেন, সেই দশম একমাত্র মহাকপিধ্বজই অর্জ্জুনের ছিল ॥২৯॥

(২৬)···ধ্বজঃ কনকসংবৃতঃ—বা নি।

তথৈব ধনুরবায়চ্ছৎ পার্থঃ শত্রুবিনাশনম্।
গাণ্ডীবং দিব্যকর্ম্মা তদ্রাজন্! দুর্মন্ত্রিতে তব ॥৩১॥
তবাপরাধাদ্ধি নৃপা নিহতা বহবো যুধি।
নানাদিগ্‌ভ্যঃ সমাহূতাঃ সহয়াঃ সরথদ্বিপাঃ ॥৩২॥
তেষামাসীদ্ব্যতিক্ষেপো গর্জতামিতরেতরম্।
দুর্য্যোধনমুখানাঞ্চ পাণ্ডূনামৃষভস্য চ ॥৩৩॥
তত্রাদ্ভুতং পরং চক্রে কৌন্তেয়ঃ কৃষ্ণসারথিঃ।
যদেকো বহুভিঃ সার্দ্ধং সমাগচ্ছদভীতবৎ ॥৩৪॥
অশোভত মহাবাহুর্গাণ্ডীবং বিক্ষিপন্ ধনুঃ।
জিগীষুস্তান্ নরব্যাঘ্রান্ জিঘাংসুশ্চ জয়দ্রথম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মহারথাঃ কর্ণাদয়ঃ। অর্জ্জুনস্য অর্থে নিবারণায় ॥৩০॥
তথেতি। আযচ্ছৎ আকর্ষণেন প্রাসারযৎ। দিব্যকর্ম্মা অলৌকিককর্ম্মা ॥৩১॥
তবেতি। অপরাধাৎ দ্যূতানুমোদনাদিদোষাৎ। অন্যথেদৃগনর্থো ন স্যাদিতি ভাবঃ ॥৩২॥
তেষামিতি। ব্যতিক্ষেপঃ পরস্পরসংঘর্ষঃ। পাণ্ডূনামৃষভস্য পাণ্ডবশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য ॥৩৩॥
তত্রেতি। সমাগচ্ছৎ সমরস্থলে সম্মিলিতোঽভবৎ ॥৩৪॥
অশোভতেতি। মহাবাহুরর্জ্জুনঃ বিক্ষিপন্ অবিরতমাকর্ষন্ ॥৩৫॥

তদনন্তর শত্রুসন্তাপকারী কর্ণপ্রভৃতি মহারথেরা অর্জ্জুনকে নিবারণ করিবার জন্য সত্বর বিচিত্র, শুভ্রবর্ণ ও বিশাল ধনু সকল গ্রহণ করিলেন ॥৩০॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলে সেইরূপই অলৌকিককার্য্যকারী অর্জ্জুনও শত্রুনাশক সেই গাণ্ডীবধনু বিস্তৃত করিলেন ॥৩১॥

আপনার অপরাধেই নানাদিক্ হইতে আহূত বহুতর রাজা হস্তী, অশ্ব ও রথের সহিত যুদ্ধে নিহত হইয়াছেন ॥৩২॥

সে যাহা হউক ক্রমে পরস্পর গর্জনকারী দুর্য্যোধনপ্রভৃতি কৌরবযোদ্ধৃগণ এবং পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুনের পরস্পর সংঘর্ষ হইতে লাগিল ॥৩৩॥

তখন কৃষ্ণসারথি অর্জ্জুন গুরুতর অদ্ভুত কার্য্য করিতে লাগিলেন; যে হেতু তিনি একাকী বহুতর যোদ্ধার সহিত নির্ভয়ে মিলিত হইয়াছিলেন ॥৩৪॥

ক্রমে মহাবাহু অর্জ্জুন সেই নরশ্রেষ্ঠগণকে জয় এবং জয়দ্রথকে বধ করিবার

---

(৩১)···শত্রুবিনাশনঃ—বা নি। (৩২) তবাপরাধাদ্রাজানঃ—বা নি। (৩৫)·· নরব্যাঘ্রঃ—বা নি।

তত্রার্জ্জুনো মহারাজ ! শরৈর্মুক্তৈঃ সহস্রশঃ ।
অদৃশ্যানকরোদ্‌যোধাংস্তাবকান্ শত্রুতাপনঃ ॥৩৬॥
ততস্তেঽপি নরব্যাঘ্রাঃ পার্থং সর্ব্বে মহারথাঃ ।
অদৃশ্যং সমরে চক্রুঃ সায়কৌঘৈঃ সমন্ততঃ ॥৩৭॥
সংবৃতে নরসিংহৈস্তৈঃ কুরূণামৃষভেঽর্জ্জুনে ।
মহানাসীৎ সমুদ্ধূতস্তস্য সৈন্যস্য নিস্বনঃ ॥৩৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে ধ্বজবর্ণনে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(ঃ*ঃ)——

ভারতকৌমুদী

তত্রেতি । যোধান্ কর্ণাদীন্ ॥৩৬॥

তত ইতি । তে কর্ণাদয়ঃ । সমন্ততঃ সর্বাভ্য এব দিগ্‌ভ্যঃ ॥৩৭॥

সংবৃত ইতি । সংবৃতে আবৃতে । সমুদ্ধূত উৎপন্নঃ নিস্বনঃ কোলাহলঃ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

ইচ্ছা করিয়া অনবরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৫॥

মহারাজ ! তখন শত্রুতাপন অর্জ্জুন সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিয়া আপনার পক্ষের যোদ্ধাদিগকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৩৬॥

তদনন্তর নরশ্রেষ্ঠ সেই মহারথেরা সকলেও সকল দিক্ হইতে বাণসমূহ-দ্বারা অর্জ্জুনকে অদৃশ্য করিলেন ॥৩৭॥

সেই নরশ্রেষ্ঠেরা কুরুশ্রেষ্ঠ অর্জ্জুনকে আবৃত করিলে, সেই সৈন্যগণের মধ্যে বিশাল কোলাহল উত্থিত হইল' ॥৩৮॥

——ঃ*ঃ——

(৩৬) অদৃশ্যাংস্তাবকান্ যোধান্ প্রচক্রে শত্রুতাপনঃ—বা নি। * 'ত্র্যধিকশততমোঽধ্যায়' বঙ্গ বর্দ্ধ, 'পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

একনবতিতমোঽধ্যায়ঃ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।

অর্জ্জুনে সৈন্ধবং প্রাপ্তে ভারদ্বাজেন সংবৃতাঃ ।
পাঞ্চালাঃ কুরুভিঃ সার্দ্ধং কিমকুর্ব্বত সঞ্জয় ॥১॥

সঞ্জয় উবাচ ।

অপরাহ্ণে মহারাজ ! সংগ্রামে লোমহর্ষণে ।
পাঞ্চালানাং কুরূণাঞ্চ দ্রোণদ্যূতমভূত্তদা ॥২॥
পাঞ্চালা বিজিঘাংসন্তো দ্রোণং সংহৃষ্টচেতসঃ ।
অভ্যমুঞ্চন্ত গর্জ্জন্তঃ শরবর্ষাণি মারিষ ! ॥৩॥
ততঃ সুতুমুলস্তেষাং সংগ্রামোঽবর্ত্ততাদ্ভুতঃ ।
পাঞ্চালানাং কুরূণাঞ্চ ঘোরো দেবাসুরোপমঃ ॥৪॥
সর্ব্বে দ্রোণরথং প্রাপ্য পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ।
তদনীকং বিভিৎসন্তো মহাস্ত্রাণি ব্যদর্শয়ন্ ।৫॥

দ্রোণস্য রথপর্য্যন্তং রথিনো রথমাস্থিতাঃ।
কম্পয়ন্তোঽভ্যবর্ষন্ত বেগমাস্থায় মধ্যমম্ ॥৬॥
তমভ্যয়াদ্বৃহৎক্ষত্রঃ কৈকেয়ানাং মহারথঃ।
প্রবপন্ নিশিতান্ বাণান্ মহেন্দ্রাশনিসন্নিভান্ ॥৭॥
তন্তু প্রত্যুদ্যযৌ শীঘ্রং ক্ষেমধূর্ত্তির্মহাযশাঃ।
বিমুঞ্চন্ নিশিতান্ বাণান্ শতশোঽথ সহস্রশঃ ৮॥
ধৃষ্টকেতুশ্চ চেদীনামৃষভোঽতিবলোচিতঃ।
ত্বরিতোঽভ্যদ্রবদ্দ্রোণং মহেন্দ্র ইব শম্বরম্ ॥৯॥
তমাপতন্তং সহসা ব্যাদিতাস্যমিবান্তকম্।
বীরধন্বা মহেষ্বাসস্ত্বরমাণঃ সমভ্যয়াৎ ॥১০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। তদনীকং দ্রোণসৈন্যম্ বিভিৎসন্তো ভেত্তুমিচ্ছন্তঃ ॥৫॥
দ্রোণস্যেতি। আস্থিতা আরূঢাঃ। কম্পযন্তো ভুবম্, অভ্যবর্ষন্ত অস্ত্রাণি ॥৬॥
তমিতি। প্রবপন্ বীজবপনবৎ নিবিড়ং নিক্ষিপন্ ॥৭॥
তমিতি। ক্ষেমধূর্ত্তির্নাম কৌরবপক্ষীয়ঃ ॥৮॥
ধৃষ্টেতি। অতিবলেন উদিত উদ্ধতঃ। শম্বরং নাম অসুরম্ ॥৯॥
তমিতি। ব্যাদিতাস্যং প্রকটিতবদনম্ ॥১০॥

পাণ্ডবগণের সহিত পাঞ্চালেরা সকলে দ্রোণের রথের নিকটে উপস্থিত হইযা তাঁহার সৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া মহাস্ত্র সকল দেখাইতে লাগিল ॥৫॥

রথারোহী রথীরা মধ্যম বেগ অবলম্বন করিয়া দ্রোণের রথপর্য্যন্ত রণস্থল কাঁপাইতে থাকিযা অস্ত্রবর্ষণ করিতে থাকিলেন ॥৬॥

কৈকেয়গণের মধ্যে মহারথ বৃহৎক্ষত্র ইন্দ্রের বজ্রের তুল্য সুধার বাণ সকল নিরন্তরভাবে নিক্ষেপ করিতে থাকিযা দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৭॥

তখন মহাযশা ক্ষেমধূর্ত্তি শত শত ও সহস্র সহস্র সুধার বাণ নিক্ষেপ করিতে করিতে তাঁহার প্রত্যুদ্গমন করিলেন ॥৮॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন শম্বরাসুরের প্রতি ধাবিত হইযাছিলেন, তেমন চেদিশ্রেষ্ঠ ও অত্যন্তবলমত্ত ধৃষ্টকেতু দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

(৬)…কম্পযন্তোঽভ্যবর্ত্তন্ত—পি বা নি। (৮,…হন্তং প্রত্যুদিযাচ্ছীঘ্রম…পি, তন্তু প্রত্যুদিযাচ্ছীঘ্রম—বঙ্গ বর্দ্ধ। (৯)…মহেন্দ্রমিব শম্বরঃ—নি।

যুধিষ্ঠিরং মহারাজং জিগীষুং সমবস্থিতম্।
সহানীকং ততো দ্রোণো ন্যবারয়ত বীর্য্যবান্ ॥১১॥
নকুলং কুশলং যুদ্ধে পরাক্রান্তং পরাক্রমী।
অভ্যগচ্ছৎ সমায়ান্তং বিকর্ণস্তে সুতঃ প্রভো। ॥১২॥
সহদেবং তথায়ান্তং দুর্ম্মুখঃ শত্রুতাপনঃ।
শরৈরনেকসাহস্রৈঃ সমবাকিরদাশুগৈঃ ॥১৩॥
সাত্যকিন্তু নরব্যাঘ্রং ব্যাঘ্রদত্তস্ত্ববারয়ৎ।
শরৈঃ সুনিশিতৈস্তীক্ষ্ণৈঃ কম্পয়ন্ বৈ মুহুর্মুহুঃ ॥১৪॥
দ্রৌপদেয়ান্ নরব্যাঘ্রান্ মুঞ্চতঃ সায়কোত্তমান্।
সংরব্ধো রথিনাং শ্রেষ্ঠঃ সৌমদত্তিরবারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

যুধীতি। জিগীষুং জেতুমিচ্ছুম্। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকস্তম্॥১১॥
নকুলমিতি। কুশলং দক্ষম্॥১২॥
সহেতি। দুর্ম্মুখো ধার্ত্তরাষ্ট্রঃ। আশুগৈর্দ্রুতগামিভিঃ॥১৩॥
সাত্যকিমিতি। কম্পয়ন্ সাত্যকিমেব ॥১৪॥
দ্রৌপেতি। দ্রৌপদেযান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সৌমদত্তির্ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তপুত্রঃ ॥১৫॥

বিবৃতবদন যমের ন্যায় তিনি বেগে আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর বীরধন্বা সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥১০॥

ওদিকে মহারাজ যুধিষ্ঠির জয়াভিলাষী হইয়া সৈন্যগণের সহিত অবস্থান করিতে লাগিলে, বলবান্ দ্রোণ তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১১॥

রাজা! যুদ্ধে নিপুণ ও পরাক্রমশালী নকুল আসিতে থাকিলে, পরাক্রমসম্পন্ন আপনার পুত্র বিকর্ণ তাঁহার দিকে গমন করিলেন ॥১২॥

সহদেব আগমন করিতে থাকিলে, শত্রুতাপন দুর্ম্মুখ দ্রুতগামী অনেকসহস্র বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥১৩॥

ব্যাঘ্রদত্ত সুনিশিত তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অনবরত বিচলিত করিতে থাকিয়া সাত্যকিকে বারণ করিতে লাগিলেন ॥১৪॥

নরশ্রেষ্ঠ দ্রৌপদীর পুত্রেরা উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতেছিলেন, তখন রথিশ্রেষ্ঠ সৌমদত্তি ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥১৫॥

---

(১২)…বিকর্ণস্তে সুতঃ প্রভো।—বা নি। (১৩)…বিকর্ণঃ শত্রুকর্ষণঃ—বা নি। (১৫)… সংরব্ধান্ রথিনঃ শ্রেষ্ঠান্—বা নি।

ভীমসেনং তথা ক্রুদ্ধং ঘোররূপং ভয়াবহম্।
প্রত্যবারয়দায়ান্তমার্য্যশৃঙ্গির্মহারথঃ ॥১৬॥
তয়োঃ সমভবদ্যুদ্ধং নররাক্ষসয়োর্ম্মৃধে।
যাদৃগেব পুরা বৃত্তং রামরাবণয়োর্নৃপ! ॥১৭॥
ততো যুধিষ্ঠিরো দ্রোণং নবত্যা নতপর্ব্বণাম্।
আজঘ্নে ভরতশ্রেষ্ঠঃ সর্ব্বমর্ম্মসু ভারত! ॥১৮॥
তং দ্রোণঃ পঞ্চবিংশত্যা নিজঘান স্তনান্তরে।
রোষিতো ভরতশ্রেষ্ঠ! কৌন্তেয়েন যশস্বিনা ॥১৯॥
ভূয় এব তু বিংশত্যা সায়কানাং সমাচিনোৎ।
সাশ্বসূতধ্বজং দ্রোণঃ পশ্যতাং সর্ব্বধন্বিনাম্ ॥২০॥
তান্ শরান্ দ্রোণমুক্তাংস্তু শরবর্ষেণ পাণ্ডবঃ।
অবারয়ত ধর্ম্মাত্মা দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২১॥

ভারতকৌমুদী

ভীমেতি। ভয়াবহং শত্রূণাং ভয়জনকম্। আর্য্যশৃঙ্গিরলম্বুষঃ ॥১৬॥
তয়োরিতি। মৃধে রণস্থলে। বৃত্তং ভূতম্ ॥১৭॥
তত ইতি। নতপর্ব্বণামীষদ্বক্রোপান্তানাং বাণানাম্ ॥১৮॥
তমিতি। রোষিতঃ প্রাগুক্তেনাঘাতেন রোষং প্রাপিতঃ, কৌন্তেয়েন যুধিষ্ঠিরেণ ॥১৯॥
ভূয় ইতি। সমাচিনোৎ ব্যাপ্নোৎ। সাশ্বসূতধ্বজং যুধিষ্ঠিরম্ ॥২০॥

ভীষণমূর্ত্তি ও ভয়জনক ভীমসেন ক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, মহারথ অলম্বুষ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইল ॥১৬॥

রাজা! পূর্ব্বকালে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তখন নর ও রাক্ষসের (ভীম ও অলম্বুষের) সেইরূপ যুদ্ধ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! তাহার পর ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির নব্বইটা নতপর্ব্ব বাণদ্বারা দ্রোণের সমস্ত মর্ম্মস্থানে আঘাত করিলেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! যশস্বী যুধিষ্ঠির সেইভাবে ক্রোধ উৎপাদন করিলে, দ্রোণ পঁচিশটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে প্রহার করিলেন ॥১৯॥

দ্রোণ পুনরায় কুড়িটা বাণদ্বারা সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত যুধিষ্ঠিরকে ব্যাপ্ত করিলেন ॥২০॥

(১৬) ..ভীমরূপো ভয়ানকঃ—বা নি,...আর্য্যশৃঙ্গির্মহাবলঃ—নি। (২০) অদৃশ্যং সমরে চক্রে রাজানং সায়কোত্তমৈঃ। সাশ্ব—নি।

ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধো ধর্ম্মরাজস্য সংযুগে।
চিচ্ছেদ সহসা ধন্বী ধনুস্তস্য মহাত্মনঃ ॥২২॥
অথৈনং ছিন্নধন্বানং ত্বরমাণো মহারথঃ।
শরৈরনেকসাহস্রৈঃ পূরয়ামাস সর্ব্বতঃ ॥২৩॥
অদৃশ্যং বীক্ষ্য রাজানং ভারদ্বাজস্য সায়কৈঃ।
সর্ব্বভূতান্যমন্যন্ত হতমেব যুধিষ্ঠিরম্ ॥২৪॥
কেচিচ্চৈনমমন্যন্ত তথা বৈ বিমুখীকৃতম্।
হৃতো রাজেতি রাজেন্দ্র! ব্রাহ্মণেন যশস্বিনা ॥২৫॥
স কৃচ্ছ্রং পরমং প্রাপ্তো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ত্যক্ত্বা তৎ কার্ম্মুকং ছিন্নং ভারদ্বাজেন সংযুগে।
আদদেঽন্যদ্ধনুর্দিব্যং ভারসাধনমুত্তমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তানিতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। পাণিলাঘবং হস্তয়োর্দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্ ॥২১॥
তত ইতি। ধন্বী ধনুষ্মান্ প্রশস্তধনুর্দ্ধর ইতি যাবৎ ॥২২॥
অথেতি। মহারথো দ্রোণঃ। পূরয়ামাস আচ্ছাদয়ামাস, পরত্রাদৃশ্যমিত্যভিধানাৎ ॥২৩॥
অদৃশ্যমিতি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥২৪॥
কেচিদিতি। এনং যুধিষ্ঠিরম্। হৃতো রাজেতি তথৈব দ্রোণপ্রতিজ্ঞানাৎ ॥২৫॥
স ইতি। দিব্যমলৌকিকম্, ভারসাধনং দৃঢাকর্ষণসহম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির লঘুহস্ততা দেখাইতে থাকিয়া বাণবর্ষণদ্বারা দ্রোণনিক্ষিপ্ত সেই বাণ সকল নিবারণ করিলেন ॥২১॥

তাহার পর প্রশস্ত ধনুর্দ্ধর দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে তৎক্ষণাৎ সেই মহাত্মা ধর্ম্মরাজের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥২২॥

তদনন্তর মহারথ দ্রোণ ত্বরান্বিত হইয়া অনেক সহস্র শরদ্বারা সকল দিকেই ছিন্নধন্বা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥২৩॥

দ্রোণের বাণে যুধিষ্ঠিরকে অদৃশ্য দেখিয়া তত্রত্য লোকেরা সকলে তাঁহাকে নিহত বলিয়াই মনে করিল ॥২৪॥

রাজশ্রেষ্ঠ! আবার কতকগুলি লোক পরাঙ্মুখ যুধিষ্ঠিরের বিষয়ে এইরূপ মনে করিল যে, যশস্বী দ্রোণ রাজাকে হরণ করিলেন ॥২৫॥

(২৫)···ব্রাহ্মণেন মহাত্মনা—বা নি। (২৬)···ভাস্বরং বেগবত্তরম্—বা,·· ভারঘ্নং বেগবত্তরম্—নি।

ততস্তান্ সাযকান্ সর্ব্বান্ দ্রোণনুন্নান্ সহস্রশঃ ।
চিচ্ছেদ সমরে বীরস্তদদ্ভূতমিবাভবৎ ॥২৭॥
ছিত্ত্বা চ তান্ শরান্ রাজা ক্রোধসংরক্তলোচনঃ ।
শক্তিং জগ্রাহ সমরে গিরীণামপি দারণীম্ ॥২৮॥
স্বর্ণদণ্ডাং মহাঘোরামষ্টঘণ্টাং ভযাবহাম্ ।
সমুৎক্ষিপ্য চ তাং হৃষ্টো ননাদ বলবদ্বলী ।
নাদেন সর্ব্বভূতানি ত্রাসয়ন্নিব ভারত । ॥২৯॥
শক্তিং সমুদ্যতাং দৃষ্ট্বা ধর্ম্মরাজেন সংযুগে ।
স্বস্তি দ্রোণায় সহসা সর্ব্বভূতান্যথাব্রুবন ॥৩০॥
সা রাজভুজনির্ম্মুক্তা নির্মুক্তোরগসন্নিভা ।
প্রজ্বালযন্তী গগনং দিশশ্চ প্রদিশস্তথা ।
দ্রোণান্তিকমনুপ্রাপ্তা দীপ্তাস্যা পন্নগী যথা ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি । দ্রোণেন নুন্নান্ ক্ষিপ্তান্ । ধর্ম্মনিবতস্যাস্ত্রপ্রয়োগদাক্ষ্যমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥২৭॥
ছিত্ত্বেতি । রাজা যুধিষ্ঠিরঃ । দারযত্যনযেতি দারণী তাং করণে যুট্ ॥২৮॥
স্বর্ণেতি । বলবৎ সাতিশযম্, বলী যুধিষ্ঠিরঃ । ষট্পাদোঽযং শ্লোকঃ ॥২৯॥
শক্তিমিতি । স্বস্তি মঙ্গলং ভবত্বিতি শেষঃ । সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥৩০॥

ওদিকে ধর্ম্মরাজ যুধিষ্ঠির গুরুতর কষ্ট পাইয়া দ্রোণচ্ছিন্ন সেই ধনু ত্যাগ করিয়া অন্য অলৌকিক, সুদৃঢ় ও উত্তম ধনু গ্রহণ করিলেন ॥২৬॥

তৎপরে বীর যুধিষ্ঠির যুদ্ধে দ্রোণনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ সমস্ত ছেদন করিলেন ; তাহা যেন অদ্ভুত বলিযা বোধ হইল ॥২৭॥

ক্রমে ক্রোধে আরক্তনযন যুধিষ্ঠির দ্রোণের সেই বাণগুলিকে ছেদন করিযা পর্ব্বতসমূহেরও বিদারণকারিণী একটা শক্তি গ্রহণ করিলেন ॥২৮॥

ভরতনন্দন ! বলবান্ যুধিষ্ঠির স্বর্ণদণ্ডা, ভীষণমূর্ত্তি, অষ্টঘণ্টাযুক্তা ও ভয়জনিকা সেই শক্তিটাকে হৃষ্টচিত্তে নিক্ষেপ করিযা নাদদ্বারা সমস্ত প্রাণীকে বিত্রস্ত করতই যেন গুরুতর সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৯॥

যুধিষ্ঠির যুদ্ধে সেই শক্তি উত্তোলন করিয়াছেন দেখিযা তত্রত্য লোকেরা তৎক্ষণাৎ বলিয়া উঠিল যে, 'দ্রোণের মঙ্গল হউক' ॥৩০॥

(২৭) ততস্তান্ সায়কাংস্তত্র—বা নি। (২৮)…গিরীণামপি দারিণীম্—বা নি। (৩১) …দিশঃ সপ্রদিশস্তথা—নি।

তামাপতন্তীং সহসা প্রেক্ষ্য দ্রোণো বিশাংপতে ! ।
প্রাদুশ্চক্রে ততো ব্রাহ্মমস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥৩২॥
তদস্ত্রং ভস্মসাৎ কৃত্বা তাং শক্তিং ঘোরদর্শনাম্ ।
জগাম স্যন্দনং তূর্ণং পাণ্ডবস্য যশস্বিনঃ ॥৩৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা দ্রোণাস্ত্রং তৎ সমুদ্যতম্ ।
অশাতয়ন্মহাপ্রাজ্ঞো ব্রহ্মাস্ত্রেণৈব ভারত ! ॥৩৪॥
বিব্যাধ রণে দ্রোণং পঞ্চভির্নতপর্ব্বভিঃ ।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন চিচ্ছেদাস্য মহদ্ধনুঃ ॥৩৫॥
তদপাস্য ধনুশ্ছিন্নং দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ ।
গদাং চিক্ষেপ সহসা ধর্ম্মপুত্রায় মারিষ ! ॥৩৬॥

ভারতকৌমুদী

সেতি। নির্ম্মুক্তস্ত্যক্তত্বক য উরগস্তৎসন্নিভা। দীপ্তাস্যা উজ্জ্বলমুখী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্ ॥৩২॥

তদিতি। তদস্ত্রং ব্রাহ্মমস্ত্রং কর্ত্তৃ। স্যন্দনং রথম্ ॥৩৩॥

তত ইতি। সমুদ্যতং সমাগতম্। অশাতয়ৎ ন্যবারয়ৎ, মহাপ্রাজ্ঞো ব্রহ্মাস্ত্রজ্ঞানাৎ ॥৩৪॥

বিব্যাধেতি। পঞ্চভির্বাণৈঃ। অস্য দ্রোণস্য ॥৩৫॥

তদিতি। অপাস্য নিক্ষিপ্য। হে মারিষ। আর্য্য! "আর্য্যস্তু মারিষ" ইত্যমরঃ ॥৩৬॥

যুধিষ্ঠিরের বাহুনিক্ষিপ্তা, মুক্তচর্ম্মা সর্পের তুল্য। সেই শক্তিটা আকাশ, দিক্ ও বিদিক্ আলোকিত করিয়া উজ্জ্বলমুখী সর্পীর ন্যায় দ্রোণের নিকটে আসিতে লাগিল ॥৩১॥

নরনাথ! সেই শক্তিটা বেগে আসিতেছে দেখিয়া অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিলেন ॥৩২॥

তখন সেই ব্রহ্মাস্ত্র ভীষণাকৃতি সেই শক্তিটাকে ভস্ম করিয়া সত্বর যশস্বী যুধিষ্ঠিরের রথের উপরে যাইয়া পড়িল ॥৩৩॥

ভরতনন্দন! তাহার পর মহাপ্রাজ্ঞ রাজা যুধিষ্ঠির ব্রহ্মাস্ত্রদ্বারাই দ্রোণের সেই সমাগত ব্রহ্মাস্ত্র নিবারণ করিলেন ॥৩৪॥

এবং তিনি পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন, আর একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দ্রোণের বিশাল ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৩৫॥

(৩৫) বিদ্ধা তঞ্চ রণে দ্রোণম্—বা নি।

তামাপতন্তীং সহসা গদাং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
গদামেবাগ্রহীৎ ক্রুদ্ধশ্চিক্ষেপ চ পরন্তপঃ ॥৩৭॥
তে গদে সহসা মুক্তে সমাসাদ্য পরস্পরম্।
সংঘর্ষাৎ পাবকং মুক্ত্বা সমেয়াতাং মহীতলে ॥৩৮॥
ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধো ধর্ম্মরাজস্য মারিষ!।
চতুর্ভির্নিশিতৈস্তীক্ষ্ণৈর্হয়ান্ জঘ্নে শরোত্তমৈঃ ॥৩৯॥
ধনুশ্চৈকেন বাণেন চিচ্ছেদেন্দ্রায়ুধোপমম্।
কেতুমেকেন চিচ্ছেদ পাণ্ডবঞ্চার্দ্দয়ৎত্রিভিঃ ॥৪০॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য যুধিষ্ঠিরঃ।
তস্থাবূর্দ্ধভুজো রাজা ব্যায়ুধো ভরতর্ষভ! ॥৪১॥

ভারতকৌমুদী

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। চিক্ষেপ চ তাং গদাম্ ॥৩৭॥
তে ইতি। মুক্তে নিক্ষিপ্তে। মুক্ত্বা আবিষ্কৃত্য, সমেয়াতামগচ্ছতাম্ ॥৩৮॥
তত ইতি। হয়ান্ চতুরো ঘোটকান্ ॥৩৯॥
ধনুরিতি। কেতুং ধ্বজম্। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, প্রকরণাৎ ॥৪০॥
হতেতি। ঊর্দ্ধভুজঃ অস্ত্রনিবারণার্থম্, ব্যায়ুধো নিরস্ত্রঃ ॥৪১॥

মাননীয় রাজা! তখন ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণ সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া তৎক্ষণাৎ যুধিষ্ঠিরের প্রতি একটা গদা নিক্ষেপ করিলেন ॥৩৬॥

সেই গদাটা বেগে আসিতেছে দেখিয়া শত্রুসন্তাপকারী যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া একটা গদাই গ্রহণ করিলেন এবং তাহা নিক্ষেপ করিলেন ॥৩৭॥

দ্রোণ ও যুধিষ্ঠির-নিক্ষিপ্ত সেই গদা দুইটা তৎক্ষণাৎ পরস্পর সম্মিলিত হইয়া সংঘর্ষবশতঃ অগ্নি আবিষ্কার করিয়া ভূতলে পতিত হইল ॥৩৮॥

মাননীয় রাজা! তদনন্তর দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত ও সুতীক্ষ্ণ চারিটা উত্তম বাণদ্বারা যুধিষ্ঠিরের চারিটা অশ্বকে বিনাশ করিলেন ॥৩৯॥

এবং তিনি একটা বাণদ্বারা যুধিষ্ঠিরের ইন্দ্রধনুর তুল্য ধনুখানা কাটিয়া ফেলিলেন, অপর একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন, আর তিনটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪০॥

(৩৭)...চিক্ষেপ চ পরন্তপ।—বা নি। (৪০) চিচ্ছেদৈকেন ভল্লেন ধনুশ্চেন্দ্রধ্বজোপমম্—বা নি।

বিরথং তং সমালোক্য ব্যায়ুধঞ্চ বিশেষতঃ।
দ্রোণো ব্যমোহয়চ্ছত্রূন্ সর্ব্বসৈন্যানি চ প্রভো! ॥৪২॥
মুঞ্চন্নিষুগণাংস্তীক্ষ্ণাল্লঘুহস্তো দৃঢ়ব্রতঃ।
অভিদুদ্রাব রাজানং সিংহো মৃগমিবোল্বণঃ ॥৪৩॥
তমভিদ্রুতমালোক্য দ্রোণেনামিত্রঘাতিনা।
হাহেতি সহসা শব্দঃ পাণ্ডূনাং সমজায়ত ॥৪৪॥
হৃতো রাজা হৃতো রাজা ভারদ্বাজেন মারিষ!।
ইত্যাসীত্তুমুলঃ শব্দঃ পাণ্ডুসৈন্যস্য সর্বতঃ ॥৪৫॥
ততস্ত্বরিতমারুহ্য সহদেবরথং নৃপঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরাপযানে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিরথমিতি। ব্যমোহয়ৎ সম্মোহনাস্ত্রপ্রয়োগেণ, শত্রূন্ শত্রুভূতানি ॥৪২॥

মুঞ্চন্নিতি। ইষুগণান্ বাণসমূহান্। উল্বণো যুদ্ধোন্মত্তঃ ॥৪৩॥

তমিতি। অভিদ্রুতং গ্রহণায় দ্রুতং প্রাপ্তম্। পাণ্ডূনাং পাণ্ডবসৈন্যানাম্ ॥৪৪॥

হৃত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ, ভারদ্বাজেন দ্রোণেন ॥৪৫॥

ভরতশ্রেষ্ঠ। রথের অশ্বগুলি নিহত হইলে, নিরস্ত্র রাজা যুধিষ্ঠির সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া ঊর্দ্ধবাহু হইয়া দাঁড়াইলেন ॥৪১॥

রাজা। দ্রোণ যুধিষ্ঠিরকে রথবিহীন, বিশেষতঃ নিরস্ত্র দেখিয়া সম্মোহনাস্ত্রে সমস্ত শত্রুসৈন্যকে মোহিত করিয়া ফেলিলেন ॥৪২॥

পরে লঘুহস্ত, দৃঢপ্রতিজ্ঞ ও যুদ্ধোন্মত্ত দ্রোণ তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া—সিংহ যেমন হরিণের দিকে ধাবিত হয়, সেইরূপ যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

শত্রুহন্তা দ্রোণ সত্বর যুধিষ্ঠিরের দিকে যাইতেছেন দেখিয়া তৎক্ষণাৎ পাণ্ডবসৈন্য-মধ্যে হাহাশব্দ উত্থিত হইল ॥৪৪॥

মাননীয় রাজা। 'দ্রোণ যুধিষ্ঠিরকে হরণ করিলেন, দ্রোণ যুধিষ্ঠিরকে হরণ করিলেন' এইরূপ তুমুল শব্দ সকল দিকে পাণ্ডবসৈন্যমধ্যে হইতে লাগিল ॥৪৫॥

---

(৪২)···সর্বসৈন্যানি চাভিভো।—বা নি। (৪৪)·হাহেতি সুমহান্ শব্দঃ—নি। (৪৫) ইত্যাসীৎ সুমহান্ শব্দঃ—বা নি। * '···চতুরধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '···ষড়ধিক-শততমোঽধ্যায়ঃ'—বা বা নি।

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বৃহৎক্ষত্রং তথায়ান্তং কৈকেয়ং দৃঢ়বিক্রমম্।
ক্ষেমধূর্ত্তির্মহারাজ! বিব্যাধোরসি মার্গণৈঃ ॥১॥
বৃহৎক্ষত্রস্তু তং রাজন্! নবত্যা নতপর্ব্বণাম্।
আজঘ্নে ত্বরিতো যুদ্ধে দ্রোণানীকবিভিৎসয়া ॥২॥
ক্ষেমধূর্ত্তিস্তু সংক্রুদ্ধঃ কৈকেয়স্য মহাত্মনঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥৩॥
অথৈনং ছিন্নধন্বানং শরেণানতপর্ব্বণা।
বিব্যাধ সমরে তূর্ণং প্রবরং সর্ব্বধন্বিনাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অপায়াৎ রণস্থলাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

বৃহদিতি। উরসি বক্ষসি, মার্গণৈর্বাণৈঃ ॥১॥
বৃহদিতি। নতপর্ব্বণাম্ ঈষদ্বক্রোপান্তানাং বাণানাম্ ॥২॥
ক্ষেমেতি। পীতেন প্রাক্‌পীতশক্রবক্তেন তৎসজাতীয়েন, নিশিতেন সুধারেণ ॥৩॥

তদনন্তর কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির সত্বর যাইয়া সহদেবের রথে আরোহণ করিয়া বেগবান্ অশ্বগণের গুণে রণস্থল হইতে অপসৃত হইলেন' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাবিক্রমশালী কেকয়দেশীয় বৃহৎক্ষত্র আসিতে লাগিলে, ক্ষেমধূর্ত্তি বাণদ্বারা তাঁহার বক্ষঃস্থল বিদ্ধ করিলেন ॥১॥

রাজা! তখন বৃহৎক্ষত্র ত্বরান্বিত হইয়া দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া নব্বইটা বাণদ্বারা ক্ষেমধূর্ত্তিকে আঘাত করিলেন ॥২॥

পরে ক্ষেমধূর্ত্তি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া রক্তপায়ী ও সুধার একটা ভল্লদ্বারা মহাত্মা বৃহৎক্ষত্রের ধনু ছেদন করিলেন ॥৩॥

(১) বৃহৎক্ষত্রমথায়ান্তম্—বা নি (৩)…নিশিতেন হ—বা নি।

অথান্যদ্ধনুরাদায় বৃহৎক্ষত্রো হসন্নিব।
ব্যশ্বসূতরথং চক্রে ক্ষেমধূর্ত্তিং মহারথম্ ॥৫॥
ততোঽপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
জহার নৃপতেঃ কায়াচ্ছিরো জ্বলিতকুণ্ডলম্ ॥৬॥
তচ্ছিন্নং সহসা তস্য শিরঃ কুঞ্চিতমূর্দ্ধজম্।
সকিরীটং মহীং প্রাপ্য বভৌ জ্যোতিরিবাম্বরাৎ ॥৭॥
তং নিহত্য রণে হৃষ্টো বৃহৎক্ষত্রো মহাবলঃ।
সহসা ন্যপতৎ সৈন্যং তাবকং পার্থকারণাৎ ॥৮॥
ধৃষ্টকেতুমথায়ান্তং দ্রোণহেতোঃ পরাক্রমী।
বীরধন্বা মহেষ্বাসো বারয়ামাস ভারত! ॥৯॥

ভারতকৌমুদী

অথেতি। এনং বৃহৎক্ষত্রম্। বিব্যাধ ক্ষেমধূর্ত্তিরিত্যনুবৃত্তিঃ ॥৪॥
অথেতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথশ্চ যস্য তং তাদৃশম্ ॥৫॥
তত ইতি। নৃপতেঃ ক্ষেমধূর্ত্তেঃ। জ্বলিতে উজ্জ্বলে কুণ্ডলে যস্য তৎ ॥৬॥
তদিতি। কুঞ্চিতা বক্রা মূর্দ্ধজাঃ কেশা যস্য তৎ। জ্যোতির্গ্রহঃ ॥৭॥
তমিতি। পার্থকারণাৎ অর্জ্জুনসাহায্যহেতোঃ ॥৮॥
ধৃষ্টেতি। দ্রোণহেতোঃ অর্জ্জুনসাহায্যার্থে গমনায় দ্রোণাতিক্রমার্থম্ ॥৯॥

তাহার পর তিনি একটা নতপর্ব্ব বাণদ্বারা সত্বর ছিন্নকার্ম্মুক সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ বৃহৎক্ষত্রকে বিদ্ধ করিলেন ॥৪॥

তৎপরে বৃহৎক্ষত্র হাসিতে হাসিতেই যেন অন্য ধনু লইয়া মহারথ ক্ষেমধূর্ত্তির অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন ॥৫॥

এবং তদনন্তর তিনি অন্য একটা রক্তপায়ী সুধার ভল্লদ্বারা ক্ষেমধূর্ত্তির দেহ হইতে উজ্জ্বলকুণ্ডলযুক্ত মস্তক হরণ করিলেন ॥৬॥

তৎক্ষণাৎ ক্ষেমধূর্ত্তির সেই কুঞ্চিতকেশ ছিন্ন মস্তকটী কিরীটের সহিত ভূতলে পতিত হইয়া আকাশ হইতে নিপতিত কোন তেজোময় গ্রহের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৭॥

মহাবল বৃহৎক্ষত্র যুদ্ধে ক্ষেমধূর্ত্তিকে বধ করিয়া আনন্দিত হইয়া অর্জ্জুনের সাহায্য করিবার জন্য তৎক্ষণাৎ আসিয়া আপনার সৈন্যের উপরে পতিত হইলেন ॥৮॥

---

(৮)···সহসাভ্যপতৎ—বা নি।

তৌ পরস্পরমাসাদ্য শরদংষ্ট্রৌ তরস্বিনৌ।
শরৈরনেকসাহস্রৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥১০॥
তাবুভৌ নরশার্দ্দূলৌ যুযুধাতে পরস্পরম্।
মহাবনে তীব্রমদৌ বারণাবিব যূথপৌ ॥১১॥
গিরিগহ্বরমাসাদ্য শার্দ্দূলাবিব রোষিতৌ।
যুযুধাতে মহারাজ! পরস্পরবধৈষিণৌ ॥১২॥
তদ্‌যুদ্ধমাসীত্তুমুলং প্রেক্ষণীয়ং বিশাংপতে!।
সিদ্ধচারণসংঘানাং বিস্ময়াদ্ভুতদর্শনম্ ॥১৩॥
বীরধন্বা ততঃ ক্রুদ্ধো ধৃষ্টকেতোঃ শরাসনম্।
দ্বিধা চিচ্ছেদ ভল্লেন প্রহসন্নিব ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

তাবিতি। শরা দংষ্ট্রা দন্তা ইব যয়োস্তৌ, তরস্বিনৌ বলবন্তৌ ॥১০॥
তাবিতি। বারণৌ হস্তিনৌ, যূথপৌ হস্তিসমূহরক্ষকৌ ॥১১॥
গিরীতি। রোষিতৌ পরস্পরপ্রহারাৎ সঞ্জাতরোষৌ ॥১২॥
তদিতি। বিগতঃ স্ময়োঽহঙ্কারো যস্মাত্তদ্বিস্ময়মদ্ভুতঞ্চ দর্শনং যস্য তৎ ॥১৩॥
বীরেতি। শরান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি শরাসনং ধনুঃ ॥১৪॥

ভরতনন্দন! তাহার পর পরাক্রমশালী ধৃষ্টকেতু দ্রোণকে অতিক্রম করিবার জন্য আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর বীরধন্বা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৯॥

দন্তের ন্যায় বাণধারী ও বলবান্ সেই দুই বীর পরস্পর প্রাপ্ত হইয়া বহুতর বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥১০॥

মহাবনমধ্যে তীব্রমদশালী ও হস্তিযূথপতি দুইটা হস্তীর ন্যায় সেই নরশ্রেষ্ঠেরা দুই জন পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

মহারাজ! ক্রুদ্ধ দুইটা ব্যাঘ্র যেমন পরস্পরবধার্থী হইয়া পর্ব্বতগুহার ভিতরে যুদ্ধ করে, তাঁহারাও সেইরূপ যুদ্ধ করিতে থাকিলেন ॥১২॥

নরনাথ! সেই যুদ্ধটা তুমুল ও দর্শনযোগ্যরূপে হইতে লাগিল এবং তাহা দেখিয়া সিদ্ধ-চারণগণের অহঙ্কার দূরীভূত হইল ও বিস্ময় জন্মিল ॥১৩॥

ভরতনন্দন! তাহার পর বীরধন্বা ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন একটা ভল্লদ্বারা ধৃষ্টকেতুর ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১৪॥

---

(১২)···যুযুধাতে মহাবীর্য্যৌ পরস্পরজিঘাংসয়া—বা নি।

তদুৎসৃজ্য ধনুশ্ছিন্নং চেদিরাজো মহারথঃ।
শক্তিং জগ্রাহ বিপুলাং রুক্মদণ্ডাময়স্ময়ীম্ ॥১৫॥
তান্তু শক্তিং মহাবীর্য্যাং ভুজেনোদ্যম্য ভারত !।
চিক্ষেপ সহসা মত্তো বীরধন্বরথং প্রতি ॥১৬॥
স তয়া বীরঘাতিন্যা শক্ত্যা ত্বভিহতো ভৃশম্।
নির্ভিন্নহৃদয়স্তূর্ণং নিপপাত রথান্মহীম্ ॥১৭॥
তস্মিন্ নিপতিতে শূরে ত্রিগর্ত্তানাং মহারথে।
বলং তেঽভজ্যত বিভো ! পাণ্ডবৈশ্চ সমন্ততঃ ॥১৮॥
সহদেবে ততঃ ষষ্টিং সায়কান্ দুর্ম্মুখোঽক্ষিপৎ।
ননাদ চ মহানাদং তর্জয়ন্ পাণ্ডবং রণে ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। উৎসৃজ্য বিহায়। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্ অয়স্ময়ীং লৌহময়ীম্ ॥১৫॥
তামিতি। উদ্যম্য উত্তোল্য। রথং প্রতি ক্ষেপেণৈব বীরধন্বানং প্রতি ক্ষেপো জাতঃ ॥১৬॥
স ইতি। নির্ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ, নিপপাত জগাম ॥১৭॥
তস্মিন্নিতি। বলং সৈন্যম্, অভজ্যত সংঘচ্যুতমক্রিয়ত ॥১৮॥
সহেতি। ননাদ চকার। পাণ্ডবং সহদেবং প্রকরণাৎ ॥১৯॥

মহারথ ধৃষ্টকেতু সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বিশালা, স্বর্ণদণ্ডা ও লৌহময়ী একটা শক্তি গ্রহণ করিলেন ॥১৫॥

ভরতনন্দন ! যুদ্ধমদমত্ত ধৃষ্টকেতু হস্তদ্বারা সেই সুদৃঢ় শক্তিটা উত্তোলন করিয়া তৎক্ষণাৎ তাহা বীরধন্বার রথের দিকে নিক্ষেপ করিলেন ॥১৬॥

সেই বীরঘাতিনী শক্তিদ্বারা গুরুতর আহত ও বিদীর্ণহৃদয় হইয়া বীরধন্বা সত্বর রথ হইতে ভূতলে নিপতিত হইলেন ॥১৭॥

রাজা ! বীর ও ত্রিগর্ত্তদেশীয় মহারথ সেই বীরধন্বা নিপতিত হইলে, পাণ্ডবেরা সকল দিকেই আপনার সৈন্য বিশ্লিষ্ট করিতে লাগিলেন ॥১৮॥

মহারাজ। তাহার পর আপনার পুত্র দুর্ম্মুখ সহদেবের প্রতি ষাটটা বাণ নিক্ষেপ করিলেন এবং তাঁহাকে ভর্ৎসনা করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৯॥

(১৫)··হেমদণ্ডাময়স্ময়ীম্—বা নি। (১৬)···দোর্ভ্যামাযম্য ভারত।··সহসা যত্তঃ—বা নি। (১৭)·তয়া তু বীরঘাতিন্যা—বা নি। (১৮)·ত্রৈগর্ত্তানাং··মহারথে···পাণ্ডবৈর্য়ৈঃ সমন্ততঃ—বা নি।

মাদ্রেয়স্তু ততঃ ক্রুদ্ধো দুর্ম্মুখং দশভিঃ শরৈঃ।
ভ্রাতা ভ্রাতরমায়ান্তং বিব্যাধ প্রহসন্নিব ॥২০॥
তং রণে রভসং দৃষ্ট্বা সহদেবং মহাবলম্।
দুর্ম্মুখো নবভির্বাণৈস্তাড়য়ামাস ভারত ! ॥২১॥
দুর্ম্মুখস্য তু ভল্লেন ছিত্ত্বা কেতুং মহাবলঃ।
জঘান চতুরো বাহাংশ্চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
অথাপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
চিচ্ছেদ সারথেঃ কায়াচ্ছিরো জ্বলিতকুণ্ডলম্ ॥২৩॥
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেণ কৌরবস্য মহদ্ধনুঃ।
সহদেবো রণে ছিত্ত্বা তঞ্চ বিব্যাধ পঞ্চভিঃ ॥২৪॥
হতাশ্বস্তু রথং ত্যক্ত্বা দুর্ম্মুখো বিমনাস্তদা।
আরুরোহ রথং রাজন্! নিরমিত্রস্য ভারত ! ॥২৫॥

ভারতকৌমুদী

মাদ্রেয় ইতি। মাদ্রেয়ো মাদ্রীপুত্রঃ সহদেবঃ ॥২০॥
তমিতি। রভসং বেগবন্তম্ ॥২১॥
দুর্ম্মুখস্যেতি। মহাবলঃ সহদেবঃ। বাহান্ দুর্ম্মুখরথস্যাশ্বান্ ॥২২॥
অথেতি। পীতেন প্রাক্‌পীতশত্রুরক্তেন তৎসজাতীয়েনেত্যর্থঃ। চিচ্ছেদ পাতযামাস ॥২৩॥
ক্ষুরেতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণবিশেষেণ, কৌরবস্য দুর্ম্মুখস্য ॥২৪॥

তৎপরে ভ্রাতা দুর্ম্মুখ আসিতে লাগিলে, ভ্রাতা সহদেব ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২০॥

ভরতনন্দন। মহাবল সহদেবকে যুদ্ধে বেগবান্ দেখিয়া দুর্ম্মুখ নয়টা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২১॥

মহাবল সহদেব একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের ধ্বজ ছেদন করিয়া চারিটা সুধার বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বধ করিলেন ॥২২॥

তৎপরে তিনি শত্রুরক্তপায়ী সুধার অন্য একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের সারথির দেহ হইতে উজ্জ্বলকুণ্ডলযুক্ত মস্তকটা ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তদনন্তর সহদেব একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দুর্ম্মুখের বিশাল ধনু ছেদন করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৪॥

(২০)· ·দুর্ম্মুখঞ্চ শিতৈঃ শরৈঃ—বা নি···ভ্রাতরমায়ত্তঃ—নি। (২৩)· নিশিতেন হ—নি। (২৪) ক্ষুরপ্রেণ চ তীক্ষ্ণেন কৌরবস্য—বা নি।

সহদেবস্ততঃ ক্রুদ্ধো নিরমিত্রং মহাহবে।
জঘান পৃতনামধ্যে ভল্লেন পরবীরহা ॥২৬॥
স পপাত রথোপস্থান্নিরমিত্রো জনেশ্বর!।
ত্রিগর্ত্তরাজস্য সুতো ব্যথয়ংস্তব বাহিনীম্ ॥২৭॥
তন্তু হত্বা মহাবাহুঃ সহদেবো ব্যরোচত।
যথা দাশরথী রামঃ খরং হত্বা মহাবলম্ ॥২৮॥
হাহাকারো মহানাসীত্ত্রিগর্ত্তানাং জনেশ্বর!।
রাজপুত্রং হতং দৃষ্ট্বা নিরমিত্রং মহাবলম্ ॥২৯॥
নকুলস্তে সুতং রাজন্! বিকর্ণং পৃথুলোচনম্।
মুহূর্ত্তাজ্জিতবান্ সংখ্যে তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥

ভারতকৌমুদী

হতেতি। বিমনাঃ পরাজয়াদ্বিষণ্ণচিত্তঃ। নিরমিত্রস্য ত্রিগর্ত্তরাজপুত্রস্য ॥২৫॥
সহেতি। পৃতনায়াঃ কৌরবসৈন্যস্যৈব মধ্যে।- পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥২৬॥
স ইতি। রথস্য উপস্থাৎ উপবিদেশাৎ। ব্যথয়ৎ স্বপতনেনৈব ॥২৭॥
তমিতি। ব্যরোচত বীরশ্রিয়া অশোভত। খরং নাম রাক্ষসম্ ॥২৮॥
হাহেতি। দৃষ্ট্বা স্থিতানামিত্যধ্যাহারান্নৈককর্ত্তৃকত্বহানিঃ ॥২৯॥
নকুল ইতি। পৃথুলোচনং বিশালনেত্রম্। মুহূর্ত্তাজ্জয় এবাদ্ভুতঃ ॥৩০॥

ভরতনন্দন রাজা। তখন দুর্ম্মুখ বিষণ্ণচিত্ত হইয়া হতাশ্ব রথ ত্যাগ করিয়া নিরমিত্রের রথে যাইয়া আরোহণ করিলেন ॥২৫॥

তাহার পর বিপক্ষবীরহন্তা ক্রুদ্ধ সহদেব একটা ভল্লদ্বারা মহাযুদ্ধে কৌরবসৈন্য-মধ্যেই নিরমিত্রকে বধ করিলেন ॥২৬॥

নরনাথ। তখন ত্রিগর্ত্তরাজপুত্র নিরমিত্র আপনার সৈন্যদিগকে ব্যথিত করিয়া রথের উপর হইতে পতিত হইলেন ॥২৭॥

তৎকালে মহাবাহু সহদেব নিরমিত্রকে বধ করিয়া মহাবল-খর-বধের পর দশরথ-নন্দন রামের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

নরনাথ। রাজপুত্র মহাবল নিরমিত্রকে নিহত দেখিয়া ত্রিগর্ত্তসৈন্যদের মধ্যে গুরুতর হাহাকার হইতে লাগিল ॥২৯॥

রাজা। ওদিকে নকুল যুদ্ধে মুহূর্ত্তকালমধ্যে আপনার পুত্র বিশালনয়ন বিকর্ণকে জয় করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩০॥

---

(২৬)…জঘান পৃথ্বধাদেশে—বা নি। (২৯)…নিরমিত্রং মহারথম্—বি বা নি। ৩০… জিতবাল্লোকে—বা নি।

সাত্যকিং ব্যাঘ্রদত্তস্তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
চক্রেঽদৃশ্যং সাশ্বসূতং সধ্বজং পৃতনান্তরে ॥৩১॥
তান্ নিবার্য্য শরান্ শূরঃ শৈনেয়ঃ কৃতহস্তবৎ।
সাশ্বসূতধ্বজং বাণৈর্ব্যাঘ্রদত্তমপাতয়ৎ ॥৩২॥
কুমারে নিহতে তস্মিন্ মাগধস্য সুতে প্রভো!।
মাগধাঃ সর্ব্বতো যত্তা যুযুধানমুপাদ্রবন্ ॥৩৩॥
বিসৃজন্তঃ শরাংশ্চৈব তোমরাংশ্চ সহস্রশঃ।
ভিন্দিপালাংস্তথা প্রাসান্ মুদ্গরান্ মুসলানপি।
অযোধয়ন্ রণে শূরাঃ সাত্বতং যুদ্ধকোবিদম্ ॥৩৪॥
তাংস্তু সর্ব্বান্ স বলবান্ সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
নাতিকৃচ্ছ্রাদ্ধসন্নেব বিজিগ্যে পুরুষর্ষভঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। ব্যাঘ্রদত্তো মগধরাজপুত্রঃ। অশ্বৈঃ সূতেন সারথিনা চ সহেতি তম্ ॥৩১॥

তানিতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ, কৃতহস্তঃ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকস্তদ্বৎ ॥৩২॥

কুমার ইতি। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ, যুযুধানং সাত্যকিম্ ॥৩৩॥

বিসৃজন্ত ইতি। সাত্বতং সাত্বতবংশীয়ং সাত্যকিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

তানিতি। নাতিকৃচ্ছ্রাৎ অনতিকষ্টাৎ, বিজিগ্যে বিশেষেণৈব জিতবান্ ॥৩৫॥

অন্যদিকে মগধরাজপুত্র ব্যাঘ্রদত্ত নতপর্ব্ব বাণসমূহদ্বারা সৈন্যমধ্যে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত সাত্যকিকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৩১॥

তখন বীর সাত্যকি শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় সেই বাণগুলিকে নিবারণ করিয়া অশ্ব, সারথি ও ধ্বজের সহিত ব্যাঘ্রদত্তকে নিপাতিত করিলেন ॥৩২॥

রাজা! সেই মগধরাজপুত্র কুমার ব্যাঘ্রদত্ত নিহত হইলে, মগধসৈন্যেরা সর্বপ্রকারে যত্নবান্ হইয়া সাত্যকির দিকে ধাবিত হইল ॥৩৩॥

সেই বীরেরা যুদ্ধে সহস্র সহস্র বাণ, তোমর, ভিন্দিপাল, প্রাস, মুদ্গর ও মুসল নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধবিশারদ সাত্যকিকে প্রহার করিতে থাকিল ॥৩৪॥

তখন বলবান্, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পুরুষশ্রেষ্ঠ সাত্যকি হাসিতে হাসিতেই অনতিকষ্টে সেই সমস্ত মগধসৈন্যকে জয় করিলেন ॥৩৫॥

মাগধান্ দ্রবতো দৃষ্ট্বা হতশেষান্ সমন্ততঃ।
বলং তেঽভজ্যত বিভো ! যুযুধানশরার্দ্দিতম্ ॥৩৬॥
নাশয়িত্বা রণে সৈন্যং ত্বদীয়ং মাধবোত্তমঃ।
বিধুন্বানো ধনুঃশ্রেষ্ঠং ব্যভ্রাজত মহাযশাঃ ॥৩৭॥
ভজ্যমানং বলং রাজন্ ! সাত্বতেন মহাত্মনা।
নাভ্যবর্ত্তত যুদ্ধায় ত্রাসিতং দীর্ঘবাহুনা ॥৩৮॥
ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধঃ সহসোদ্ধৃত্য চক্ষুষী।
সাত্যকিং সত্যকর্ম্মাণং স্বয়মেবাভিদুদ্রুবে ॥৩৯॥
দ্রৌপদেযান্ মহেষ্বাসান্ সৌমদত্তির্মহাযশাঃ।
একৈকং পঞ্চভির্বিদ্ধ্বা পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৪০॥
তে পীড়িতা ভৃশং তেন রৌদ্রেণ সহসা বিভো !।
প্রমূঢা নৈব বিবিদুর্ম্মৃধে কৃত্যং স্ম কিঞ্চন ॥৪১॥

ভারতকৌমুদী

মাগধানিতি। দ্রবতঃ পলায়মানান্। যুযুধানস্থ সাত্যকেঃ শরৈরর্দ্দিতম্ ॥৩৬॥
নাশয়িত্বেতি। মাধবোত্তমো মধুবংশশ্রেষ্ঠঃ সাত্যকিঃ। বিধুন্বানঃ সঞ্চালয়ন্ ॥৩৭॥
ভজ্যেতি। সাত্বতেন সাত্যকিনা। নাভ্যবর্ত্তত অভিমুখং ন জাতম্ ॥৩৮॥
তত ইতি। উদ্ধৃত্য যুদ্ধাবস্থাদর্শনার্থমুত্তোল্য। অভিদুদ্রুবে অভিদধাব ॥৩৯॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, সৌমদত্তির্ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তপুত্রঃ ॥৪০॥

রাজা ! হতাবশিষ্ট মাগধসৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে দেখিয়া সাত্যকিশরপীড়িত আপনার সৈন্যগণ ভগ্ন হইয়া পড়িল ॥৩৬॥

তখন মহাযশা মধুবংশশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে আপনার সৈন্যদিগকে বিনষ্ট করিয়া উত্তম ধনু সঞ্চালন করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

রাজা ! মহাত্মা ও দীর্ঘবাহু সাত্যকি আপনার সৈন্যদিগকে বিত্রাসিত ও ভগ্ন করিয়া দিলে, তাহারা আর যুদ্ধ করিবার জন্য ফিরিল না ॥৩৮॥

তাহার পর দ্রোণাচার্য্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নয়নযুগল উত্তোলন করিয়া তৎক্ষণাৎ সত্যকর্ম্মা সাত্যকির দিকে নিজেই ধাবিত হইলেন ॥৩৯॥

ওদিকে সৌমদত্তি মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পুত্রগণের এক এক জনকে পাঁচ পাঁচ বাণে বিদ্ধ করিয়া পুনরায় সাত সাত বাণে বিদ্ধ করিলেন ॥৪০॥

---

(৩৭) ত্বদীয়স্ত সমন্ততঃ—নি। (৩৯) ইতঃ পরম্ '. পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ'—বঙ্গ বর্দ্ধ, '...সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ'—বা বা নি।

নাকুলিস্তু শতানীকঃ সৌমদত্তিং নরর্ষভম্।
দ্বাভ্যাং বিদ্ধানদদ্ধৃষ্টঃ শরাভ্যাং শত্রুতাপনঃ ॥৪২॥
তথেতরে রণে যত্তাস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
বিব্যধুঃ সমরে তূর্ণং সৌমদত্তিমমর্ষণম্ ॥৪৩॥
স তান্ প্রতি মহারাজ! চিক্ষেপ পঞ্চ সায়কান্।
একৈকং হৃদি চাজঘ্নে একৈকেন মহাযশাঃ ॥৪৪॥
ততস্তে ভ্রাতরঃ পঞ্চ শরৈর্বিদ্ধা মহাত্মনা।
পরিবার্য্য রথৈর্বীরং বিব্যধুঃ সায়কৈর্ভৃশম্ ॥৪৫॥
আর্জ্জুনিস্তু হয়াংস্তস্য চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো যমস্য সদনং প্রতি ॥৪৬॥

ভারতকৌমুদী

ত ইতি। রৌদ্রেণ উগ্রস্বভাবেন সৌমদত্তিনা। কৃত্যং কর্ত্তব্যম্ ॥৪১॥
নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ। বিদ্ধা তাড়য়িত্বা ॥৪২॥
তথেতি। ইতরে প্রতিবিন্ধ্যাদয়ঃ, যত্তা যত্নবন্তঃ সন্তঃ। অজিহ্মগৈর্বাণৈঃ ॥৪৩॥
স ইতি। তেষাং পঞ্চানাং সায়কানামেকৈকেন সায়কেন ॥৪৪॥
তত ইতি। বিদ্ধাস্তাড়িতাঃ, মহাত্মনা সৌমদত্তিনা। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪৫॥
আর্জ্জুনিরিতি। আর্জ্জুনির্দ্রৌপদ্যামর্জ্জুনাজ্জাতঃ শ্রুতকর্ম্মা নাম ॥৪৬॥

রাজা! উগ্রমূর্ত্তি সৌমদত্তি হঠাৎ দারুণ পীড়ন করিলে, দ্রৌপদীর পুত্রেরা বিমুগ্ধ হইয়া যুদ্ধে কোন কর্ত্তব্য বুঝিতে পারিলেন না ॥৪১॥

কিন্তু শত্রুতাপন নকুলনন্দন শতানীক দুইটা বাণে নরশ্রেষ্ঠ সৌমদত্তিকে বিদ্ধ করিয়া হৃষ্ট হইয়া সিংহনাদ করিলেন ॥৪২॥

এবং শতানীকের অপর ভ্রাতারা যুদ্ধে যত্নবান্ হইয়া তিন তিনটা বাণদ্বারা সত্বর যুদ্ধে ক্রুদ্ধ সৌমদত্তিকে বিদ্ধ করিলেন ॥৪৩॥

মহারাজ! তাহার পর সৌমদত্তি তাঁহাদের প্রতি পাঁচটা বাণ নিক্ষেপ করিলেন; তাহার এক একটা যাইয়া তাঁহাদের এক এক জনের হৃদয়ে আঘাত করিল ॥৪৪॥

মহাত্মা সৌমদত্তি বাণদ্বারা বিদ্ধ করিলে, সেই পঞ্চ ভ্রাতা রথদ্বারা পরিবেষ্টন করিয়া বাণদ্বারা তাঁহাকে গুরুতর তাড়ন করিতে লাগিলেন ॥৪৫॥

ক্রমে অর্জুননন্দন শ্রুতকর্ম্মা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া চারিটা সুধার বাণদ্বারা সৌমদত্তির চারিটা অশ্বকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৬॥

(৪২) নাকুলিশ্চ···শত্রুকর্শনঃ—বা নি।

ভৈমসেনির্ধনুশ্ছিত্ত্বা সৌমদত্তের্মহাত্মনঃ।
ননাদ বলবন্নাদং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥৪৭॥
যৌধিষ্ঠিরিধ্বজং তস্য চ্ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ।
নাকুলিশ্চাশ্বযন্তারং রথনীড়াদপাতয়ৎ ॥৪৮॥
সাহদেবিস্তু তং জ্ঞাত্বা ভ্রাতৃভির্বিমুখীকৃতম্।
ক্ষুরপ্রেণ শিরো রাজন্! নিচকর্ত্ত মহাত্মনঃ ॥৪৯॥
তচ্ছিরো ন্যপতদ্ভূমৌ তপনীয়বিভূষিতম্।
অভাসয়দ্রণোদ্দেশং বালসূর্য্যসমপ্রভম্ ॥৫০॥
সৌমদত্তেঃ শিরো দৃষ্ট্বা নিপতত্তন্মহাত্মনঃ।
বিত্রস্তাস্তাবকা রাজন্! প্রদুদ্রুবুরনেকধা ॥৫১॥

ভারতকৌমুদী

ভৈমেতি। ভৈমসেনির্দ্রৌপদ্যাং ভীমসেনাজ্জাতঃ স্রুতসোমো নাম ॥৪৭॥

যৌধীতি। যৌধিষ্ঠিরির্দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাজ্জাতঃ প্রতিবিন্ধ্যো নাম। নাকুলির্দ্রৌপদ্যাং নকুলাজ্জাতঃ শতানীকো নাম, অশ্বানাং যন্তারং চালয়িতারং সারথিম্, রথ এব নীড়ং কুলায়স্তস্মাৎ। রথস্য নীড়রূপতয়া বর্ণনেন সারথেঃ পক্ষিরূপত্বং ব্যজ্যতে ॥৪৮॥

সাহেতি। সাহদেবির্দ্রৌপদ্যাং সহদেবাজ্জাতঃ শ্রুতসেনো নাম। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৪৯॥

তদিতি। তপনীয়ৈঃ স্বর্ণালঙ্কারৈর্বিভূষিতম্। রণোদ্দেশং রণস্থলম্ ॥৫০॥

সৌমেতি। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে, অনেকধা বহুভিঃ পথিভিঃ ॥৫১॥

ভীমের পুত্র স্রুতসোম মহাত্মা সৌমদত্তির ধনু ছেদন করিয়া নিশিত শরনিকরদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪৭॥

যুধিষ্ঠিরের পুত্র প্রতিবিন্ধ্য তাঁহার ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন, আর নকুলের পুত্র শতানীক তাঁহার সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৪৮॥

আর, রাজা! ভ্রাতারা সৌমদত্তিকে পরাঙ্মুখ করিয়াছেন দেখিয়া সহদেবনন্দন শ্রুতসেন একটা ক্ষুরপ্রদ্বারা সেই মহাত্মার মস্তকচ্ছেদন করিলেন ॥৪৯॥

স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ও নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল সেই মস্তকটী ভূতলে নিপতিত হইল এবং সেই রণস্থল উদ্ভাসিত করিল ॥৫০॥

---

(৪৮)··নাকুলিশ্চাথ যন্তারং রথনীডাদপাহরৎ—বা নি। (৫০)···ভাসয়ন্তং রণোদ্দেশম্—পি বঙ্গ বর্দ্ধ বা।

অলম্বুষস্তু সমরে ভীমসেনং মহাবলম্।
যোধয়ামাস সংক্রুদ্ধো লক্ষ্মণং রাবণির্যথা ॥৫২॥
সম্প্রযুদ্ধৌ রণে দৃষ্ট্বা তাবুভৌ নররাক্ষসৌ।
বিস্ময়ঃ সর্ব্বভূতানাং প্রহর্ষশ্চাভবত্তদা ॥৫৩॥
আর্ষ্যশৃঙ্গিং ততো ভীমো নবভির্নিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ প্রহসন্ রাজন্! রাক্ষসেন্দ্রমমর্ষণম্ ॥৫৪॥
তদ্রক্ষঃ সমরে বিদ্ধং কৃত্বা নাদং ভয়াবহম্।
অভ্যদ্রবত্ততো ভীমং যে চ তস্য পদানুগাঃ ॥৫৫॥
স ভীমং পঞ্চভির্বিদ্ধা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ভীমানুগান্ জঘানাশু রথাংস্ত্রিশতমোজসা।
পুনশ্চতুঃশতান্ হত্বা ভীমং বিব্যাধ পত্রিণা ॥৫৬॥

ভারতকৌমুদী

অলম্বুষ ইতি। রাবণিরিন্দ্রজিৎ ॥৫২॥
সমিতি। সম্যক্ প্রকৃষ্টঞ্চ যুদ্ধং যযোস্তৌ ॥৫৩॥
আর্ষ্যেতি। আর্ষ্যশৃঙ্গিম্ ঋষ্যশৃঙ্গপুত্রমলম্বুষম্। অমর্ষণং ক্রুদ্ধম্ ॥৫৪॥
তদিতি। রক্ষো রাক্ষসঃ, বিদ্ধং ভীমশরতাড়িতং সৎ। পদানুগা অনুচরাঃ ॥৫৫॥
স ইতি। ত্রীণি শতানি যস্মিন্ কর্ম্মণি তৎ, রথানিত্যস্যার্ষং বিশেষণং বা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

রাজা! আপনার সৈন্যেরা মহাত্মা সৌমদত্তির মস্তকটীকে পতিত হইতে দেখিয়া ভীত হইয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥৫১॥

অন্যদিকে ইন্দ্রজিৎ যেমন লক্ষ্মণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সেইরূপ অলম্বুষ ক্রুদ্ধ হইয়া রণস্থলে মহাবল ভীমসেনের সহিত যুদ্ধ করিতে থাকিল ॥৫২॥

তখন সেই মানুষ ও রাক্ষস দুই জনকে রণস্থলে যুদ্ধ করিতে দেখিয়া তত্রত্য সমস্ত লোকের বিস্ময় ও আনন্দ জন্মিল ॥৫৩॥

রাজা! তদনন্তর ভীমসেন হাস্য করিতে থাকিয়া নয়টা সুধার বাণদ্বারা ক্রুদ্ধ রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিদ্ধ করিলেন ॥৫৪॥

সেই রাক্ষস যুদ্ধে বিদ্ধ হইয়া ভয়ঙ্কর গর্জন করিয়া ভীমের এবং যাহারা তাঁহার অনুগামী ছিল তাহাদের প্রতি ধাবিত হইল ॥৫৫॥

---

(৫৩) ··সর্বভূতানাং ভয়ঞ্চাসীৎ সুদারুণম্—নি। (৫৬)·· ভৈমান্ পবিজঘানাশু রথাংস্ত্রিশতমাহবে—বা নি।

সোঽতিবিদ্ধস্তদা ভীমো রাক্ষসেন মহাবলঃ।
নিষসাদ রথোপস্থে মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৫৭॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং মারুতিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
বিকৃষ্য কার্ম্মুকং ঘোরং ভারসাধনমুত্তমম্।
অলম্বুষং শরৈস্তীক্ষ্ণৈরর্দ্দয়ামাস ভারত! ॥৫৮॥
স বিদ্ধো বহুভির্বাণৈর্নীলাঞ্জনচয়োপমঃ।
শুশুভে সর্ব্বতো রাজন্! প্রফুল্ল ইব কিংশুকঃ ॥৫৯॥
স বধ্যমানঃ সমরে ভীমচাপচ্যুতৈঃ শরৈঃ।
স্মরন্ ভ্রাতৃবধঞ্চৈব পাণ্ডবেন মহাত্মনা ॥৬০॥
ঘোরং রূপমথো কৃত্বা ভীমসেনমভাষত।
তিষ্ঠেদানীং রণে পার্থ! পশ্য মেঽদ্য পরাক্রমম্ ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে উপরিভাগে ॥৫৭॥
প্রতীতি। মারুতির্বায়ুপুত্রো ভীমঃ। ভারসাধনং সুদৃঢ়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥
স ইতি। নীলাঞ্জনচয়োপমো নীলকজ্জলসমূহতুল্যঃ। প্রফুল্লঃ পুষ্পিতঃ ॥৫৯॥
স ইতি। ভ্রাতুর্বকস্য বধম্, পাণ্ডবেন ভীমেন। রূপং মূর্ত্তিম্ ॥৬০—৬১॥

ক্রমে অলম্বুষ পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিয়া আপন শক্তির প্রভাবে সত্বর ভীমের অনুগামী তিন শত রথীকে বধ করিল; আবার চারি শত রথীকে বধ করিয়া একটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিল ॥৫৬॥

রাক্ষস অত্যন্ত বিদ্ধ করিলে, মহাবল ভীমসেন তখন মূর্চ্ছায় আক্রান্ত হইয়া রথের উপরে উপবেশন করিলেন ॥৫৭॥

ভরতনন্দন! তদনন্তর ভীমসেন চৈতন্য লাভ করিয়া ক্রোধে অধীর হইয়া উত্তম, সুদৃঢ় ও ভয়ঙ্কর ধনু আকর্ষণপূর্ব্বক তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অলম্বুষকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৮॥

রাজা! তখন নীলকজ্জলরাশিতুল্য অলম্বুষ সমস্ত অঙ্গে বহুতর বাণে বিদ্ধ হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৫৯॥

অলম্বুষ তখন ভীমের কার্ম্মুকনির্গত বাণে আহত হইতে থাকিয়া এবং সেই মহাত্মা ভীমই যে ভ্রাতা বককে বধ করিয়াছিলেন তাহা স্মরণ করিয়া ভয়ঙ্কর

---

(৫৭)...তথা ভীমঃ—বা নি। (৫৮)...র্দ্দয়ামাস সর্ব্বতঃ—বা নি।

বকো নাম সুদুর্বুদ্ধে ! রাক্ষসপ্রবরো বলী ।
পরোক্ষং মম তদ্বৃত্তং যদ্ভ্রাতা মে হতস্ত্বয়া ॥৬২॥
এবমুক্ত্বা ততো ভীমমন্তর্দ্ধানং গতস্তদা ।
মহতা শরবর্ষেণ ভৃশং স সমবাকিরৎ ॥ ৬৩॥
ভীমস্তু সমরে রাজন্ ! অদৃশ্যে রাক্ষসে তদা ।
আকাশং পূরয়ামাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬৪॥
স বধ্যমানো ভীমেন নিমেষাদ্রথমাস্থিতঃ ।
জগাম ধরণীঞ্চৈব ক্ষুদ্রঃ খং সহসাগমৎ ॥৬৫॥
উচ্চাবচানি রূপাণি চকার সুবহূনি চ ।
উচ্চাবচাস্তথা বাচো ব্যাজহার সমন্ততঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

বক ইতি। পরোক্ষমসমক্ষম্, বৃত্তং জাতম্ ॥৬২॥
এবমিতি। সঃ অলম্বুষঃ, সমবাকিরৎ আবৃণোৎ ॥৬৩॥
ভীম ইতি। আকাশং রণস্থলোপরিদেশম্, পূরয়ামাস অলম্বুষস্থিত্যনুমানাৎ ॥৬৪॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। ক্ষুদ্রো নীচাশয়ঃ, খমাকাশম্ ॥৬৫॥

মূর্ত্তি ধারণপূর্ব্বক ভীমকে বলিল—'ভীম! তুই এখন রণস্থলে অবস্থান কর, আজ আমার পরাক্রম দেখ্ ॥৬০—৬১॥

অতিদুর্বুদ্ধি ভীম! তুই, আমার ভ্রাতা রাক্ষসশ্রেষ্ঠ বলবান্ বককে যে বধ করিয়াছিলি, সে ঘটনা আমার অসমক্ষে হইয়াছিল' ॥৬২॥

অলম্বুষ ভীমকে এইরূপ বলিয়া তখনই অন্তর্হিত হইয়া গুরুতর বাণবর্ষণদ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিল ॥৬৩॥

রাজা! অলম্বুষ অদৃশ্য হইয়া গেলে, ভীমসেন তখন নতপর্ব্ব বাণসমূহদ্বারা রণস্থলের আকাশ পূর্ণ করিয়া ফেলিলেন ॥৬৪॥

ভীমসেন আঘাত করিতে লাগিলে, নীচাশয় রাক্ষস নিমেষমধ্যে রথারোহণ করিয়া ভূতলে গমন করিল, আবার তৎক্ষণাৎ আকাশে উঠিল ॥৬৫॥

সে নানাবিধ বহুতর রূপ ধারণ করিতে লাগিল এবং সকল দিক্ হইতে নানাবিধ বাক্য বলিতে থাকিল ॥৬৬॥

(৬৩)⋯ভৃশং তং সমবাকিরৎ—বা নি। (৬৫)⋯জগাম ধরণীং ক্ষুদ্রঃ খঞ্চৈব সহসাগমৎ—পি বঙ্গ বর্দ্ধ। '(৬৬) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'অণুর্বৃহৎ পুনঃ স্থূলো নাদান্ মুঞ্চন্নিবাম্বুদঃ' ইতি পাদদ্বয়মধিকং—বঙ্গ বর্দ্ধ বা নি।

নিপেতুর্গগনাচ্চৈব শরধারাঃ সহস্রশঃ।
শক্তয়ঃ কুণপাঃ প্রাসাঃ শূলপট্টিশতোমরাঃ ॥৬৭॥
শতঘ্ন্যঃ পরিঘাশ্চৈব ভিন্দিপালাঃ পরশ্বধাঃ।
শিলাঃ খড়্গা হুলাশ্চৈব ঋষ্টির্বজ্রাণি চৈব হ ॥৬৮॥ (যুগ্মকম্)
সা রাক্ষসবিসৃষ্টা তু শস্ত্রবৃষ্টিঃ সুদারুণা।
জঘান পাণ্ডুপুত্রস্য সৈনিকান্ রণমূর্দ্ধনি ॥৬৯॥
তেন পাণ্ডবসৈন্যানাং মৃদিতা যুধি বারণাঃ।
হয়াশ্চ বহবো রাজন্! পত্তয়শ্চ তথা পুনঃ।
রথেভ্যো রথিনঃ পেতুস্তস্য নুন্নাঃ স্ম সায়কৈঃ ॥৭০॥
শোণিতোদাং রথাবর্ত্তাং হস্তিগ্রাহসমাকুলাম্।
ছত্রহংসাং কর্দ্দমিনীং বাহুপন্নগসঙ্কুলাম্ ॥৭১॥
নদীং প্রবর্ত্তয়ামাস রক্ষোগণসমাকুলাম্।
বহন্তীং বহুধা রাজন্! চেদিপাঞ্চালসৃঞ্জয়ান্ ॥৭২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উচ্চেতি। উচ্চাবচানি নানাবিধানি, "উচ্চাবচং নৈকবিধম্" ইত্যমরঃ ॥৬৬॥
নিপেতুরিতি। শক্ত্যাদীনি তদানীন্তনাস্ত্রাণি। ঋষ্টিশ্চ পপাত ॥৬৭—৬৮॥
সেতি। রাক্ষসেন বিসৃষ্টা নিক্ষিপ্তা। পাণ্ডুপুত্রস্য ভীমস্য ॥৬৯॥
তেনেতি। মৃদিতা মর্দ্দিতাঃ, বারণা গজাঃ। নুন্না আহতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥
শোণিতেতি। শোণিতমেব উদকং যস্যাস্তাম, রথা এবাবর্ত্তা জলভ্রমযো যস্যাস্তাম, হস্তিন এব গ্রাহা জলজন্তবস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাম্। ছত্রাণ্যেব শুভ্রতযা হংসা যত্র তাম্, কর্দ্দমা ঘনীভূতরক্তান্যেব পঙ্কা অস্যাঃ সন্তীতি তাম্, বাহব এব পন্নগাঃ সর্পাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। প্রবর্ত্তয়ামাস অলম্বুষ ইত্যনুবৃত্তিঃ, রক্ষোগণৈ রাক্ষসসমূহৈঃ সমাকুলাম্ ॥৭১—৭২॥

এবং আকাশ হইতে সহস্র সহস্র বাণধারা, শক্তি, কুণপ, প্রাস, শূল, পট্টিশ, তোমর, শতঘ্নী, পরিঘ, ভিন্দিপাল, পরশু, শিলা, খড়্গ, হুল, ঋষ্টি ও বজ্র পতিত হইতে লাগিল ॥৬৭—৬৮॥

অলম্বুষনিক্ষিপ্ত সেই দারুণ অস্ত্রবৃষ্টি রণস্থলে ভীমের সৈন্যগণকে বধ করিতে থাকিল ॥৬৯॥

রাজা। অলম্বুষ যুদ্ধে পাণ্ডবসৈন্যের বহুতর হস্তী, অশ্ব ও পদাতিকে মর্দ্দন করিল এবং তাহার বাণে বিদীর্ণ হইয়া রথীরা রথ হইতে পতিত হইল ॥৭০॥

---

(৬৮)···বিঘ্না বজ্রাণি ··পি,···চৈবাবিঘ্না বজ্রাণি—বঙ্গ বর্দ্ধ,—ঋষ্টির্বজ্রাণি—নি।

তং তথা সমরে রাজন্! বিচরন্তম ভীতবৎ।
পাণ্ডবা ভৃশসংবিগ্নাঃ প্রাপশ্যংস্তস্য বিক্রমম্ ॥৭৩॥
তাবকানান্তু সৈন্যানাং সংহর্ষঃ সমজায়ত।
বাদিত্রনিনদশ্চোগ্রঃ সুমহাল্লোমহর্ষণঃ ॥৭৪॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তব সৈন্যস্য পাণ্ডবঃ।
নামৃষ্যত যথা নাগস্তলশব্দং সমীরিতম্ ॥৭৫॥
ততঃ ক্রোধাভিতাম্রাক্ষো নির্দ্দহন্নিব পাবকঃ।
সন্দধে ত্বাষ্ট্রমস্ত্রং স স্বয়ং ত্বষ্টেব মারুতিঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

তমিতি। ভৃশসংবিগ্না অতীবোদ্বিগ্নাঃ। বিক্রমঞ্চ প্রাপশ্যন্ ॥৭৩॥
তাবকানামিতি। সংহর্ষঃ সমজাযত স্বপক্ষজয়সম্ভাবনাৎ ॥৭৪॥
তমিতি। পাণ্ডবো ভীমঃ। নামৃষ্যত নাসহত, নাগঃ সর্পঃ, তলশব্দং করতলধ্বনিম ॥৭৫॥
তত ইতি। ত্বষ্টা নাম প্রজাপতির্বিশ্বকর্ম্মা বা, মারুতির্ভীমসেনঃ ॥৭৬॥

রাজা! ক্রমে অলম্বুষ একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিল; রক্ত ছিল তাহার জল, রথ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ছিল জলজন্তু, ছত্র ছিল হংস, ঘনীভূত রক্ত ছিল কর্দ্দম, এবং বাহু ছিল সর্পস্বরূপ; রাক্ষসেরা সে নদীটাকে ব্যাপ্ত করিযাছিল; আর সে নদীটা বহুপথে চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়সৈন্যগণকে বহন করিতেছিল ॥৭১—৭২॥

রাজা! অলম্বুষ নির্ভয়ের ন্যায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলে, পাণ্ডবেরা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া তাহাকে দেখিতে লাগিলেন এবং তাহার বিক্রমের পর্য্যালোচনা করিতে থাকিলেন ॥৭৩॥

তৎকালে আপনার সৈন্যগণের বিশেষ আনন্দ জন্মিল এবং ভীষণ, বিশাল ও লোমহর্ষণ বাদ্যধ্বনি হইতে লাগিল ॥৭৪॥

সর্প যেমন করতলধ্বনি শুনিয়া সহ্য করিতে পারে না, সেইরূপ ভীমসেন আপনার সৈন্যগণের সেই ভীষণ কোলাহল শুনিয়া সহ্য করিতে পারিলেন না ॥৭৫॥

তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইযা অগ্নির ন্যায় যেন দগ্ধ করিতে থাকিয়া স্বয়ং ত্বষ্টা প্রজাপতির তুল্য ত্বাষ্ট্র অস্ত্র সন্ধান করিলেন ॥৭৬॥

---

(৭৪) ··প্রহর্ষঃ সমজাযত—বা নি। (৭৬)···স্বয়ং ত্বষ্টেব মাবিব।—পি।

ততঃ শরসহস্রাণি প্রাদুরাসন্ সমন্ততঃ।
তৈঃ শরৈস্তব সৈন্যস্য বিদ্রবঃ সুমহানভূৎ ॥৭৭॥
তদস্ত্রং প্রেষিতং তেন ভীমসেনেন সংযুগে।
রাক্ষসস্য মহামায়াং হত্বা রাক্ষসমার্দ্দয়ৎ ॥৭৮॥
স বধ্যমানো বহুধা ভীমসেনেন রাক্ষসঃ।
সন্ত্যজ্য সংযুগে ভীমং দ্রোণানীকমথাব্রজৎ ॥৭৯॥
তস্মিংস্তু নির্জিতে রাজন্! রাক্ষসেন্দ্রে মহাত্মনা।
অনাদয়ন্ সিংহনাদৈঃ পাণ্ডবাঃ সর্ব্বতো দিশম্ ॥৮০॥
অপূজয়ন্ মারুতিঞ্চ সংহৃষ্টাস্তে মহাবলম্।
প্রহ্লাদং সমরে জিত্বা যথা শক্রং মরুদ্গণাঃ ॥৮১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অলম্বুষাপযানে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততস্ত্বাষ্ট্রাদস্ত্রাৎ। বিদ্রবঃ সম্প্রহারঃ ॥৭৭॥
তদিতি। প্রেষিতং নিক্ষিপ্তম্, তত্ত্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তৃ। হত্বা বিনাশ্য ॥৭৮॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। অব্রজৎ আত্মরক্ষার্থমগচ্ছৎ ॥৭৯॥
তস্মিন্নিতি। মহাত্মনা মহাবলেন ভীমসেনেন। সর্বতঃ সর্বান্ ॥৮০॥

মহারাজ! সেই ত্বাষ্ট্র অস্ত্র হইতে সকল দিকে সহস্র সহস্র বাণ প্রাদুর্ভূত হইল, সেই বাণসমূহে আপনার সৈন্যের গুরুতর উৎপীড়ন হইতে লাগিল ॥৭৭॥

যুদ্ধে ভীমসেননিক্ষিপ্ত সেই অস্ত্র অলম্বুষের মহামায়া বিনষ্ট করিয়া তাহাকে গুরুতর পীড়ন করিল ॥৭৮॥

ভীমসেন বহুপ্রকারে প্রহার করিতে লাগিলে, অলম্বুষ ভীমসেনকে পরিত্যাগ করিয়া দ্রোণসৈন্যের মধ্যে চলিয়া গেল ॥৭৯॥

আজ আমি ক্রুদ্ধ হইয়া প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিতে লাগিলে, দুর্য্যোধন এই জগতে দুই জন অর্জ্জুন আছে বলিয়া মনে করিবে ॥২৯॥

আজ আমি যুদ্ধে সহস্র সহস্র রাজাকে বধ করিয়াছি দেখিয়া রাজা দুর্য্যোধন মহাযুদ্ধমধ্যেই সন্তাপ করিতে থাকিবে ॥৩০॥

আজ আমি বহুসহস্র রাজাকে বধ করিয়া অবশিষ্ট রাজাদের নিকটে মহাত্মা পাণ্ডবদিগের উপরে আমার স্নেহ ও ভক্তি দেখাইব এবং আজ

---

(২৯)…মংস্যতেঽদ্য সুযোধনঃ—বা,…দ্বিফল্গুনমিমং লোকং মংস্যতেঽদ্য সুযোধনঃ—নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্তস্তদা সূতঃ শিক্ষিতান্ সাধুবাহিনঃ।
শশাঙ্কসন্নিকাশান্ বৈ বাজিনোঽচূচুদদ্ভৃশম্ ॥৩২॥
তে পিবন্ত ইবাকাশং যুযুধানং হয়োত্তমাঃ।
প্রাপয়ন্ যবনান্ শীঘ্রং মনঃপবনরংহসঃ ॥৩৩॥
সাত্যকিং তে সমাসাদ্য পৃতনাস্বনিবর্ত্তিনম্।
বহবো লঘুহস্তাশ্চ শরবর্ষৈরবাকিরন্ ॥৩৪॥
তেষামিষূনথাস্ত্রাণি বেগবান্ নতপর্ব্বভিঃ।
অচ্ছিনৎ সাত্যকী রাজন্! নৈনং তে প্রাপ্নুবন্ শরাঃ ॥৩৫॥
রুক্মপুঙ্খৈঃ সুনিশিতৈর্গার্দ্ধ্রপত্রৈরজিহ্মগৈঃ।
উচ্চকর্ত্ত শিরাংস্যুগ্রো যবনানাং ভুজানপি ॥৩৬॥

ভাবতকৌমুদী

এবমিতি। সূতঃ সারথিঃ। বাজিনঃ অশ্বান্, অচূচুদৎ চালিতবান্ ॥৩২॥
ত ইতি। মনঃপবনযো রংহ ইব রংহো বেগো যেষাং তে ॥৩৩॥
সাত্যকিমিতি। পৃতনাসু স্বসেনাসু। অবাকিরন্ আবৃণ্বন্ ॥৩৪॥
তেষামিতি। ইষূন্ বাণান্। নতপর্ব্বভির্বাণৈঃ। এনং সাত্যকিম্ ॥৩৫॥
রুক্মেতি। গৃধ্রাণাং পক্ষিণামিমানীতি গার্দ্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ ॥৩৬॥

কৌরবেরা আমার দৈহিক বল, মানসিক বল ও কৃতজ্ঞতা বুঝিতে পারিবে' ॥৩১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি এইরূপ বলিলে, তখন তাঁহার সারথি শিক্ষিত, সম্যক্ বহনকারী ও চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ অশ্বগুলিকে বেগে চালাইয়া দিল ॥৩২॥

ক্রমে মন ও বায়ুর ন্যায় বেগবান্ সেই অশ্বগণ যেন আকাশ পান করিতে থাকিয়া সত্বরই সাত্যকিকে যবনসৈন্যের নিকটে লইয়া গেল ॥৩৩॥

লঘুহস্ত সেই বহুতর যবন অনিবর্ত্তী সাত্যকিকে আপন সৈন্যের নিকটে পাইয়া বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করিল ॥৩৪॥

রাজা! তাহার পর বেগবান্ সাত্যকি নতপর্ব্ব বাণসমূহদ্বারা তাহাদের বাণ ও অন্যান্য অস্ত্র সকল ছেদন করিলেন। সুতরাং সে বাণ বা অস্ত্র তাঁহার নিকট গমন করিতে পারিল না ॥৩৫॥

(৩২)…ব্যনুদদ্ভৃশম্—বা নি। (৩৩)…প্রাপযন্ জবনাঃ শীঘ্রং যবনান্ বাতরংহসঃ—বা নি।

শৈক্যায়সানি বর্ম্মাণি কাংস্যানি চ সমন্ততঃ।
ভিত্ত্বা দেহাংস্তথা তেষাং শরা জগ্মুর্মহীতলম্ ॥৩৭॥
তে হন্যমানা বীরেণ ম্লেচ্ছাঃ সাত্যকিনা রণে।
শতশো ন্যপতন্ রাজন্! ব্যসবো বসুধাতলে ॥৩৮॥
সুপূর্ণায়তনির্ম্মুক্তৈরব্যবচ্ছিন্নপিণ্ডিতৈঃ।
পঞ্চ ষট্ সপ্ত চাষ্টৌ চ চিচ্ছেদ যুগপচ্ছরৈঃ ॥৩৯॥
হতৈর্যবনকাম্বোজৈঃ কিরাতৈঃ সহবর্ব্বরৈঃ।
পদাতিভিশ্চ বীরেণ সাত্বতেন হতৈ রণে ॥৪০॥
পতিতৈরভবন্ রাজন্! সংবৃতা রণভূময়ঃ।
এবং তদ্‌যবনানীকং হত্বা ছিত্ত্বা চ মাধবঃ ॥৪১॥

ভারতকৌমুদী

শৈক্যেতি। শৈক্যাযসানি লৌহসারনির্ম্মিতানি, কাংস্যানি তন্নির্ম্মিতানি চ ॥৩৭॥

ত ইতি। ম্লেচ্ছাস্তে যবনাঃ। ব্যসবো বিগতপ্রাণাঃ সন্তঃ ॥৩৮॥

সুপূর্ণেতি। সুপূর্ণং যথা স্যাত্তথা আযতেন আকৃষ্টেন ধনুষা নির্ম্মুক্তৈর্নিক্ষিপ্তৈঃ, তথা অব্যবচ্ছিন্না অবিশ্লিষ্টা অতএব পিণ্ডিতাঃ সংহতাস্তৈঃ। চিচ্ছেদ সাত্যকিঃ ॥৩৯॥

ভাবতভাবদীপঃ

দর্শয়িষ্যামীতি সামান্যকর্ম্মকম্ ॥২৫—২৮॥ দ্বিরর্জ্জুনং দ্বাবর্জ্জুনৌ যত্র নৈরুক্তো বর্ণাগমঃ ॥২৯—৩৬॥ শৈক্যায়সানি শোণিতায়োময়ানি ॥৩৭—৩৮॥ সুপূর্ণায়তনির্ম্মুক্তৈরাকর্ণজ্যাসু সৃষ্টৈঃ অব্যবচ্ছিন্নপিণ্ডিতৈঃ অনবচ্ছিন্নসংহতৈঃ ॥৩৯—৫১॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৩॥

ক্রমে উগ্রমূর্ত্তি সাত্যকি স্বর্ণপুঙ্খ, সুধাব ও গৃধ্রপক্ষযুক্ত বাণসমূহদ্বারা যবনগণের মস্তক ও বাহু সকল ছেদন করিতে লাগিলেন ॥৩৬॥

সাত্যকির বাণগুলি যবনগণের লৌহসার (ইস্পাত) ও কাংস্যনির্ম্মিত বর্ম্ম ও দেহ সকল ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিতে থাকিল ॥৩৭॥

রাজা! মহাবীর সাত্যকি যুদ্ধে বধ করিতে লাগিলে, সেই শত শত যবন প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥৩৮॥

সাত্যকি সম্পূর্ণ আকৃষ্ট কার্ম্মুক-নিক্ষিপ্ত এবং অবিচ্ছিন্নমিলিত বাণসমূহদ্বারা একদাই পাঁচ, ছয়, সাত ও আট জন করিয়া শত্রু ছেদন করিতে লাগিলেন ॥৩৯॥

---

(৩৯) সুপূর্ণায়তমুক্তৈস্তান—বা নি। ইতঃ পরং পুস্তকভেদ এব ভিন্নঃ পাঠঃ।

অগম্যরূপাং পৃথিবীং মাংসশোণিতকর্দ্দমাম্ ।
কৃতবাংস্তত্র শৈনেয়ঃ ক্ষপয়ংস্তাবকং বলম্ ॥৪২॥ (বিশেষকম্)

দস্যূনাং সশিরস্ত্রাণৈঃ শিরোভির্লূনমূর্দ্ধজৈঃ ।
তত্র তত্র মহী কীর্ণা বিবর্হৈরণ্ডজৈরিব ॥৪৩॥

রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গৈস্তৈস্তদায়োধনং বভৌ ।
কবন্ধৈঃ সংবৃতং সর্ব্বং তাম্রাভ্রৈঃ খমিবাবৃতম্ ॥৪৪॥

বজ্রাশনিসমস্পর্শৈঃ সুপর্ব্বভিরজিহ্মগৈঃ ।
তে সাশ্বযানা নিহতাঃ সমাবব্রুর্বসুন্ধরাম্ ॥৪৫॥

অল্পাবশিষ্টাঃ সংভগ্নাঃ কৃচ্ছ্রপ্রাণা বিচেতসঃ ।
জিতাঃ সংখ্যে মহারাজ ! যুযুধানেন দংশিতাঃ ॥৪৬॥

ভাবতকৌমুদী

হতৈরিতি। সাত্বতেন সাত্যকিনা। মাধবঃ সাত্যকিঃ। পৃথিবীং রণভূমিম্ ॥৪০—৪২॥
দস্যূনামিতি। লূনমূর্দ্ধজৈশ্ছিন্নকেশৈঃ। বিবর্হৈঃ পুচ্ছশূন্যৈঃ, অণ্ডজৈঃ পক্ষিভিঃ ॥৪৩॥
রুধিরেতি। আয়োধনং রণস্থলম্। তাম্রাভ্রৈ রক্তবর্ণমেঘৈঃ, খমাকাশম্ ॥৪৪॥
বজ্রেতি। অশনির্বিদ্যুৎ। অজিহ্মগৈর্বাণৈঃ। অশ্বৈর্যানৈশ্চ সহেতি তে ॥৪৫॥
অল্পেতি। সংভগ্নাঃ সংঘচ্যুতাঃ, কৃচ্ছ্রাঃ কষ্টরক্ষ্যাঃ প্রাণা যেষাং তে, বিচেতসো বিষণ্ণচিত্তাঃ। সংখ্যে যুদ্ধে, যুযুধানেন সাত্যকিনা, দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥৪৬॥

রাজা ! মহাবীর-সাত্যকিকর্ত্তৃক নিহত ও পতিত যবন, কাম্বোজ ও কিরাতজাতীয় পদাতিগণে রণভূমি আবৃত হইয়া গেল। এই ভাবে মধুবংশীয় সাত্যকি সেই যবন-সৈন্য বধ ও ছেদন করিয়া এবং আপনার অপর সৈন্য সংহার করিতে থাকিয়া মাংস ও রক্তের কর্দ্দমে সমরভূমিকে অগম্য করিয়া ফেলিলেন ॥৪০—৪২॥

পুচ্ছশূন্য পক্ষীর ন্যায় সেই দস্যুগণের শিরস্ত্রাণযুক্ত মুণ্ডিত মস্তকে সেই সেই স্থানে সমরভূমি ব্যাপ্ত হইয়া পড়িল ॥৪৩॥

তাম্রবর্ণ মেঘে আবৃত আকাশের ন্যায় সেই সমগ্র রণস্থলটাই রক্তসিক্তদেহ কবন্ধে আবৃত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৪৪॥

বজ্র ও বিদ্যুতের ন্যায় তীক্ষ্ণস্পর্শ ও সুন্দরপর্ব্বযুক্ত সাত্যকির বাণে নিহত এবং অশ্ব ও যানের সহিত পতিত হইয়া সেই যবনেরা সমরভূমিটাকে আবৃত করিয়া ফেলিল ॥৪৫॥

(৪২)···ক্ষয়য়ংস্তাবকং বলম্—পি বঙ্গ বর্দ্ধ। (৪৩)···দীর্ঘকূর্চৈর্মহীকীর্ণা—বা নি। (৪৫) দীপ্তাশনিসমস্পর্শৈঃ—পি।

পার্ষ্ণিভিশ্চ কশাভিশ্চ তাড়য়ন্তস্তুরঙ্গমান্।
জবমুত্তমমাস্থায় সর্ব্বতঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥৪৭॥
কাম্বোজসৈন্যং বিদ্রাব্য দুর্জ্জয়ং যুধি ভারত!।
যবনানাঞ্চ তৎসৈন্যং শকানাঞ্চ মহদ্বলম্ ॥৪৮॥
ততঃ স পুরুষব্যাঘ্রঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
প্রহৃষ্টস্তাবকান্ জিত্বা সূতাং যাহীত্যচোদয়ৎ ॥৪৯॥ (যুগ্মকম্)
তত্তস্য সমরে কর্ম্ম দৃষ্ট্বান্যৈরকৃতং পুরা।
চারণাঃ সহগন্ধর্ব্বাঃ পূজয়াঞ্চক্রিরে ভৃশম্ ॥৫০॥
তং যান্তং পৃষ্ঠগোপ্তারমর্জ্জুনস্য মহামৃধে।
ন কেচিদভ্যবর্ত্তন্ত তাবকা বৃষ্ণিনন্দনম্ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে যবনপরাজয়ে
ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পার্ষ্ণিভিরিতি। পার্ষ্ণিভিঃ পাদমূলৈঃ। জবং বেগম্। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৭॥
কাম্বোজেতি। বিদ্রাব্য পলায়িত্বা। সূতং সারথিম্। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৪৮—৪৯॥
তদিতি। পূজয়াঞ্চক্রিরে সাত্যকিং প্রশশংসুঃ ॥৫০॥

মহারাজ! সাত্যকি যুদ্ধে অল্পাবশিষ্ট, সংঘচ্যুত, কষ্টবক্ষ্যপ্রাণ, বিষণ্ণচিত্ত এবং সন্নদ্ধ সৈন্যগণকেও জয় করিলেন ॥৪৬॥

তখন তাহারা পার্ষ্ণি (পায়ের গোড়ালি) ও কশাদ্বারা অশ্বগণকে তাড়ন করিতে থাকিয়া অত্যন্ত বেগ অবলম্বন করিয়া ভয়ে সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥৪৭॥

ভরতনন্দন! তাহার পর যথার্থবিক্রমশালী পুরুষশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে দুর্জ্জয় কাম্বোজসৈন্য, যবনসৈন্য, বিশাল শকসৈন্য এবং আপনার অন্যান্য সৈন্যকে জয় করিয়া আনন্দিত হইয়া 'যাও' বলিয়া সারথিকে আদেশ করিলেন ॥৪৮—৪৯॥

তখন পূর্ব্বে যুদ্ধে অন্যের অকৃত সাত্যকির সেই কার্য্য দেখিয়া গন্ধর্ব্বগণ ও চারণগণ সাত্যকির অত্যন্ত প্রশংসা করিতে লাগিলেন ॥৫০॥

---

(৫১)…অর্জ্জুনস্য বিশাংপতে।। চারণাঃ প্রেক্ষ্য সংহৃষ্টাস্তদীয়াশ্চাভ্যপূজয়ন্—বা নি। *
'…সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা রা নি।

চতুরধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

জিত্বা যবনকাম্বোজান্ যুযুধানস্ততোঽর্জ্জুনম্।
জগাম তব সৈন্যস্য মধ্যেন রথিনাং বরঃ ॥১॥
শরদংষ্ট্রো নরব্যাঘ্রো বিচিত্রকবচধ্বজঃ।
মৃগান্ ব্যাঘ্র ইবাজিঘ্রংস্তব সৈন্যমভীষয়ৎ ॥২॥
স রথেন চরন্ মার্গান্ ধনুরভ্রাময়দ্ভৃশম্।
রুক্মপৃষ্ঠং মহাবেগং রুক্মচন্দ্রকসঙ্কুলম্ ॥৩॥

ভাবতকৌমুদী

তমিতি। পৃষ্ঠগোপ্তারং পৃষ্ঠরক্ষকম্। অভ্যবর্ত্তন্ত অভ্যগচ্ছন্ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং দ্রোণপর্ব্বণি জযদ্রথবধে ত্র্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

জিত্বেতি। যুযুধানঃ সাত্যকিঃ, অর্জ্জুনং প্রতি জগাম ॥১॥

শরেতি। শরা দংষ্ট্রা দন্তশ্রেণিরিব যস্য সঃ, নরব্যাঘ্রো নরশ্রেষ্ঠঃ ॥২॥

স ইতি। রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্, রুক্মচন্দ্রকৈঃ স্বর্ণচন্দ্রচিহ্নৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্ ॥৩॥

বৃষ্ণিনন্দন সাত্যকি মহাযুদ্ধে অর্জ্জুনের পৃষ্ঠরক্ষক হইয়া যাইতে লাগিলে, আপনাব পক্ষেব কেহই তাঁহাব অভিমুখে যাইতে পাবিল না' ॥৫১॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'মহাবাজ! তাহাব পর রথিশ্রেষ্ঠ সাত্যকি যবন ও কাম্বোজপ্রভৃতি যোদ্ধাদিগকে জয় কবিয়া আপনাব সৈন্যের মধ্য দিয়াই অর্জ্জুনের দিকে গমন করিতে লাগিলেন ॥১॥

দন্তশ্রেণির ন্যায় বাণশালী এবং বিচিত্রকবচ ও বিচিত্র ধ্বজযুক্ত নরশ্রেষ্ঠ সাত্যকি—ব্যাঘ্র যেমন হরিণগণের ঘ্রাণ লইয়াই সেগুলির ভয় উৎপাদন করে, সেইরূপ আপনার সৈন্যগণের প্রতি দৃষ্টিপাত করিয়াই তাহাদের ভয় উৎপাদন করিতে লাগিলেন ॥২॥

---

(২) চারুদংষ্ট্রঃ—বা, ...বিচিত্রকবচচ্ছবিঃ—নি।

রুক্মাঙ্গদশিরস্ত্রাণো রুক্মবর্ম্মসমাবৃতঃ।
রুক্মধ্বজবরঃ শূরো মেরুশৃঙ্গমিবাবভৌ ॥৪॥
স ধনুর্মণ্ডলঃ সংখ্যে তেজোভাস্বররশ্মিবান্।
শরদীবোদিতঃ সূর্য্যো নৃসূর্য্যো বিররাজ হ ॥৫॥
বৃষভস্কন্ধবিক্রান্তো বৃষভাক্ষো নরর্ষভঃ।
তাবকানাং বভৌ মধ্যে গবাং মধ্যে যথা বৃষঃ ॥৬॥
মত্তদ্বিরদসঙ্কাশং মত্তদ্বিরদগামিনম্।
প্রভিন্নমিব মাতঙ্গং যূথমধ্যে ব্যবস্থিতম্।
ব্যাঘ্রা ইব জিঘাংসন্তস্ত্বদীয়া ব্যদ্রবন্ রণে ॥৭॥

ভাবতকৌমুদী

রুক্মেতি। রুক্মং স্বর্ণখচিতো ধ্বজবরো যস্য সঃ। মেরুশৃঙ্গমিব স্বর্ণময়ত্বাৎ ॥৪॥

স ইতি। তেজো ভাস্বররশ্মিরিব উজ্জ্বলকিরণ ইবাস্যাস্তীতি সঃ। মোপধত্বাদ্বন্তঃ প্রশংসার্থে। অতএব তদর্থস্য বহুব্রীহিণা দ্যোতয়িতুমশক্যত্বাৎ "ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ" ইতি নিষেধস্য ন বিষয়ঃ। এতচ্চাস্মাভির্বহুধা বিমৃষ্টং নৈষধচরিত-টীকায়াং মালতীমাধবটীকায়াঞ্চ। অত্র নিয়ামকাভাবাদুপমিতসমাসো রূপকসমাসো বা ॥৫॥

বৃষভেতি। বৃষভস্যেব স্কন্ধৌ যস্য স চাসৌ বিক্রান্তশ্চেতি সঃ ॥৬॥

মত্তেতি। প্রভিন্নং মদস্রাবিণম্। ব্যদ্রবন্ অভ্যধাবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সাত্যকি রথারোহণে গন্তব্য পথে গমন করিতে থাকিয়া স্বর্ণখচিতপৃষ্ঠ, মহাবেগশালী ও চন্দ্রাকার-স্বর্ণচিহ্নযুক্ত ধনুখানাকে অত্যন্ত ভ্রমণ করাইতে থাকিলেন ॥৩॥

স্বর্ণকেয়ূর ও স্বর্ণশিরস্ত্রাণধারী, স্বর্ণবর্ম্মাবৃতদেহ ও স্বর্ণখচিতধ্বজযুক্ত সাত্যকি তৎকালে সুমেরুপর্ব্বতের শৃঙ্গের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪॥

মনুষ্যমধ্যে সূর্য্যসদৃশ সাত্যকি তখন শরৎকালোদিত সূর্য্যের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিলেন। কারণ, ধনু ছিল তাঁহার মণ্ডলতুল্য এবং তেজ ছিল উজ্জ্বল রশ্মির সদৃশ ॥৫॥

বৃষের তুল্য উন্নত স্কন্ধ ও বিশালনয়ন এবং বিক্রমশালী নরশ্রেষ্ঠ সাত্যকি তখন গোমধ্যে বৃষের ন্যায় আপনার সৈন্যমধ্যে প্রকাশ পাইতে থাকিলেন ॥৬॥

মহারাজ! ক্রমে আপনার পক্ষের যোদ্ধারা—মত্তহস্তীর ন্যায় বলবান্, মত্তহস্তীর তুল্য মন্থরগামী এবং যূথমধ্যে অবস্থিত মদস্রাবী হস্তীর সদৃশ

---

(৫)·· তেজোভাস্বররশ্মিবান্—পি বা,·· তেজোভাস্বররশ্মিমান্ দ্বিস্মূর্য্যঃ—বঙ্গ বর্দ্ধ। (৭)··· ব্যাধা ইব জিঘাংসন্তঃ—বা নি।

দ্রোণানীকমতিক্রান্তং ভোজানীকঞ্চ দুস্তরম্ ।
জলসন্ধার্ণবং তীর্ত্ত্বা কাম্বোজানাঞ্চ বাহিনীম্ ॥৮॥
হার্দ্দিক্যমকরান্মুক্তং তীর্ণং বৈ সৈন্যসাগরম্ ।
পরিবব্রুঃ সুসংক্রুদ্ধাস্ত্বদীয়াঃ সাত্যকিং রথাঃ ॥৯॥ (যুগ্মকম্)
দুর্য্যোধনশ্চিত্রসেনো দুঃশাসনবিবিংশতী ।
শকুনির্দুঃসহশ্চৈব তথা দুর্ম্মর্ষণঃ ক্রথঃ ॥১০॥
অন্যে চ বহবঃ শূরাঃ শস্ত্রবন্তো দুরাসদাঃ ।
পৃষ্ঠতঃ সাত্যকিং যান্তমন্বধাবন্নমর্ষিতাঃ ॥১১॥ (যুগ্মকম্)
অথ শব্দো মহানাসীত্তব সৈন্যস্য মারিষ ! ।
মারুতোদ্ধূতবেগস্য সাগরস্যেব পর্ব্বণি ॥১২॥
তানভিদ্রবতঃ সর্ব্বান্ সমীক্ষ্য শিনিপুঙ্গবঃ ।
শনৈর্যাহীতি যন্তারমব্রবীৎ প্রহসন্নিব ॥১৩॥

ভারতকৌমুদী

দ্রোণেতি। তীর্ত্ত্বা স্থিতমিতি শেষঃ। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ।৮—৯॥
দুর্য্যোধনেতি। ক্রথো নাম বীরঃ। অমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ ॥১০—১১॥
অথেতি। মারুতোদ্ধূতবেগস্য বায়ুৎপাদিতবেগস্য, পর্ব্বণি পূর্ণিমামাবাস্যয়োঃ ॥১২॥
তানিতি। অভিদ্রবতঃ অভিধাবতঃ যন্তারং সারথিম্ ॥১৩॥

গর্ব্বিত সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া ব্যাঘ্রগণের ন্যায় যুদ্ধে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৭॥

সে সময়ে সাত্যকি দুস্তর দ্রোণসৈন্য ও ভোজসৈন্য অতিক্রম করিয়াছিলেন, সমুদ্রতুল্য জলসন্ধকে ও কাম্বোজসৈন্যকে উত্তীর্ণ হইয়াছিলেন এবং কৃতবর্ম্মরূপ মকর ও অন্যসৈন্যরূপ সমুদ্র হইতে মুক্ত হইয়া আসিয়াছিলেন; কিন্তু তথাপি আপনার পক্ষের অপর রথীরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৮—৯॥

আবার দুর্য্যোধন, চিত্রসেন, দুঃশাসন, বিবিংশতি, শকুনি, দুঃসহ, দুর্ম্মর্ষণ ও ক্রথ এবং অন্যও বহুতর অস্ত্রধারী দুর্দ্ধর্ষ বীর ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের দিকে গমনকারী সাত্যকির পিছনে ধাবিত হইলেন ॥১০—১১॥

মাননীয় রাজা! তাহার পর পূর্ণিমা বা অমাবস্যায় বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় আপনার সৈন্যমধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥১২॥

(১০)···যুবা দুর্ধর্ষণঃ ক্রথঃ—নি। (১১)···অন্বধাবন্নমর্ষিণঃ—নি।

ইদমেতি সমুদ্ধূতং ধার্ত্তরাষ্ট্রস্য বৈ বলম্।
মামেবাভিমুখং তূর্ণং গজাশ্বরথপত্তিমৎ ॥১৪॥
নাদয়দ্বৈ দিশঃ সর্ব্বা রথঘোষেণ সারথে!।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ কম্পয়ৎ সাগরানপি ॥১৫॥ (যুগ্মকম্)
এবং বলার্ণবং তাত! বারয়িষ্যে মহাবণে।
পৌর্ণমাস্যামিবোদ্ধূতং বেলেব সলিলার্ণবম্ ॥১৬॥
পশ্য মে সূত! বিক্রান্তমিন্দ্রস্যেব মহামৃধে।
এষ সৈন্যানি শত্রূণাং বিধমামি শিতৈঃ শরৈঃ ॥১৭॥
নিহতানাহবে পশ্য পদাত্যশ্বরথদ্বিপান্।
মচ্ছরৈরগ্নিসঙ্কাশৈর্ব্বিবদ্ধদেহান্ সহস্রশঃ ॥১৮॥
ইত্যেবং ব্রুবতস্তস্য সাত্যকেরমিতৌজসঃ।
সমীপে সৈনিকাস্তে তু শীঘ্রমীয়ুর্যুযুৎসবঃ।
জহ্যাদ্রব ক্ষিপ প্রেহি চ্ছিন্ধি ভিন্ধীতিবাদিনঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ইদমিতি। সমুদ্ধূতমুদ্বেলিতম্। সাগবান্ কম্পযদপীতি সম্বন্ধঃ ॥১৪—১৫॥
এবমিতি। বেলা তীরম্। এক ইবশব্দঃ সম্ভাবনায়ামপবঃ সাদৃশ্যে ॥১৬॥
পশ্যেতি। বিক্রান্তং বিক্রমম্, মহামৃধে মহাযুদ্ধে। বিধমামি বিনাশযামি ॥১৭॥
নিহতানিতি। আহবে যুদ্ধে। বিবদ্দেহান্ বিদীর্ণশবীবান্ ॥১৮॥

তাঁহাবা সকলে অভিমুখে ধাবিত হইযাছেন দেখিয়া শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি হাসিতে হাসিতেই যেন সারথিকে বলিলেন—'ধীবে ধীবে যাও' ॥১৩॥

'সারথি! হস্তী, অশ্ব, বথ ও পদাতিযুক্ত এই দুর্য্যোধনের সৈন্য বথেব শব্দে সমস্ত দিক্, পৃথিবী ও আকাশ নিনাদিত এবং সমুদ্র কম্পিত করিয়া উদ্বেলিত ও অভিমুখ হইয়া সত্বর আমার দিকেই আসিতেছে ॥১৪—১৫॥

অতএব বৎস! তীব যেমন পূর্ণিমাতিথিতে উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, আমিও সেইরূপ মহাযুদ্ধে এই সৈন্যসমুদ্রকে বারণ কবিব ॥১৬॥

সারথি! মহাযুদ্ধে ইন্দ্রের ন্যায় আমাব বিক্রম দর্শন কর; এই আমি সুধার বাণসমূহদ্বারা শত্রুসৈন্য সংহার করিতেছি ॥১৭॥

আমার অগ্নিতুল্য বাণে নিহত ও বিদীর্ণদেহ সহস্র সহস্র হস্তী, অশ্ব, রথ ও পদাতিকে দর্শন কর' ॥১৮॥

(১৪)‥ ধার্ত্তরাষ্ট্রং মহদ্বলম্—পি, …ধার্ত্তরাষ্ট্রস্য যদ্বলম্—বা, ‥ ধার্ত্তবাষ্ট্রবলং মহৎ—নি।
(১৯) জহ্যাদ্রবস্ব তিষ্ঠেতি পশ্য পশ্যেতিবাদিনঃ—বঙ্গ বর্দ্ধ বা নি।

তানেবং ব্রুবতো বীরান্ সাত্যকির্নিশিতৈঃ শরৈঃ।
জঘান ত্রিশতানশ্বান্ কুঞ্জরাংশ্চ চতুঃশতান্ ॥২০॥
স সম্প্রহারস্তুমুলস্তস্য তেষাঞ্চ ধন্বিনাম্।
দেবাসুররণপ্রখ্যঃ প্রাবর্ত্তত জনক্ষয়ঃ ॥২১॥
মেঘজালনিভং সৈন্যং তব পুত্রস্য মারিষ ! ।
প্রত্যগৃহ্লাচ্ছিনেঃ পৌত্রঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥২২॥
প্রচ্ছাদ্যমানঃ সমরে শরজালৈঃ স বীর্য্যবান্।
অসম্ভ্রমং মহারাজ ! তাবকানবধীদ্বহূন্ ॥২৩॥
আশ্চর্য্যং তত্র রাজেন্দ্র ! সুমহদ্দৃষ্টবানহম্।
ন মোঘঃ সায়কঃ কশ্চিৎ সাত্যকেরভবৎ প্রভো ! ॥২৪॥

ভারতকৌমুদী

ইতীতি। আদ্রব আক্রাম, ক্ষিপ অস্ত্রাণি, প্রৈহি আগচ্ছ। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥১৯॥
তানিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২০॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। জনানাং ক্ষয়ো যস্মাৎ সঃ ॥২১॥
মেঘেতি। মেঘজালনিভং মেঘসমূহতুল্যং নিবিড়ম্। হে মারিষ ! আর্য্য ! ॥২২॥
প্রেতি। স শিনেঃ পৌত্রঃ। অসংভ্রমম্ অবিচলিতচিত্তং যথা স্যাত্তথা ॥২৩॥
আশ্চর্য্যমিতি। মোঘো লক্ষ্যভেদে ব্যর্থঃ ॥২৪॥

অমিততেজা সাত্যকি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে 'বধ কর, আক্রমণ কর, অস্ত্রক্ষেপ কর, ধাবিত হও, ছেদন কর ও বিদারণ কর' এইরূপ বলিতে বলিতে সেই যুদ্ধার্থী সৈন্যেরা সত্বর সাত্যকির নিকটে উপস্থিত হইল ॥১৯॥

সেই বীরেরা এইরূপ বলিতেছিলেন, সেই অবস্থায় সাত্যকি সুধার বাণসমূহদ্বারা তিন শত অশ্ব এবং চারি শত হস্তীকে বধ করিলেন ॥২০॥

ক্রমে সাত্যকির ও ধনুর্দ্ধর কৌরবসৈন্যগণের দেবাসুরযুদ্ধতুল্য তুমুল যুদ্ধ হইতে লাগিল; তাহাতে বহুলোকক্ষয় হইতে থাকিল ॥২১॥

মাননীয় রাজা ! সাত্যকি একাকীই সর্পতুল্য বাণসমূহদ্বারা মেঘসদৃশ নিবিড় কৌরবসৈন্য গ্রহণ করিলেন ॥২২॥

মহারাজ ! তখন বলবান্ সাত্যকি যুদ্ধে বিপক্ষের শরজালে আবৃত হইতে থাকিয়াও অবিচলিতচিত্তে আপনার পক্ষের বহুতর যোদ্ধাকে বধ করিলেন ॥২৩॥

---

(২০) ত্রিশতানার্য্যান্—বঙ্গ বর্দ্ধ। (২৩) পূর্ব্বার্দ্ধং বঙ্গ বর্দ্ধ নাস্তি।

রথনাগাশ্বকলিলঃ পদাত্যূর্ম্মিসমাকুলঃ।
শৈনেয়বেলামাসাদ্য স্থিতঃ সৈন্যমহার্ণবঃ ॥২৫॥
সম্ভ্রান্তরথনাগাশ্বমাবর্ত্তত মুহুর্ম্মুহু।
তৎসৈন্যমিষুভিস্তেন বধ্যমানং সহস্রশঃ ॥২৬॥
রথিনঃ পত্তিনাগাশ্বসাদিনশ্চ শরাহতাঃ।
বভ্রমুস্তত্র তত্রৈব গাবঃ সিংহার্দ্দিতা ইব ॥২৭॥
পদাতিনং রথং নাগং সাদিনং তুরগং তথা।
অবিদ্ধং তত্র নাদ্রাক্ষং যুযুধানস্য সায়কৈঃ ॥২৮॥
ন তাদৃক্ কদনং রাজন্! কৃতবাংস্তত্র ফাল্গুনঃ।
যাদৃক্ ক্ষয়মনীকানামকরোৎ সাত্যকির্নৃপ! ॥২৯॥

ভারতকৌমুদী

রথেতি। রথৈঃ নাগৈর্গজৈঃ অশ্বৈশ্চ কলিলো ব্যাপ্তঃ, পদাতয় ঊর্ম্ময়স্তরঙ্গা ইব তাভিঃ সমাকুলঃ পূর্ণঃ, সৈন্যং মহার্ণব ইব সঃ, শৈনেয়ঃ সাত্যকির্বেলা তীরমিব তাম্, আসাদ্য প্রাপ্য, স্থিতো নিবৃত্তগতির্বভূব, তীরেণেব সাত্যকিনা নিবারণাৎ ॥২৫॥

সম্ভ্রান্তেতি। সম্ভ্রান্তা বিচলিতা রথা নাগা অশ্বাশ্চ যত্র তৎ ॥২৬॥

রথিন ইতি। পত্তয়ঃ নাগাশ্বসাদিনো গজাশ্বারোহিণশ্চ তে ॥২৭॥

পদাতিনমিতি। নাগং গজম্, সাদিনং গজাশ্বারোহিণম্। যুযুধানস্য সাত্যকেঃ ॥২৮॥

নেতি। কদনং নাশনম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ। হে নৃপ। প্রজাপালকেত্যপুনরুক্তিঃ ॥২৯॥

প্রভাবশালী রাজশ্রেষ্ঠ! তখন আমি গুরুতর আশ্চর্য্য দেখিতে লাগিলাম। যেহেতু সাত্যকির কোন বাণই ব্যর্থ হইল না ॥২৪॥

পরে হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ ও তরঙ্গতুল্য-পদাতিগণব্যাপ্ত মহাসমুদ্র-সদৃশ সেই কৌরবসৈন্য তীরতুল্য সাত্যকির সম্মুখে যাইয়া স্থগিত হইল ॥২৫॥

সাত্যকি বাণদ্বারা বধ করিতে লাগিলে, সহস্র সহস্র হস্তী, অশ্ব ও রথ বিচলিত হইল; সুতরাং সে সৈন্য তখন মুহুর্ম্মুহু ফিরিতে থাকিল ॥২৬॥

ক্রমে রথী, পদাতি, গজারোহী ও অশ্বারোহীরা সাত্যকির বাণে পীড়িত হইয়া সিংহপীড়িত গোসমূহের ন্যায় সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥২৭॥

তখন সাত্যকির বাণে হস্তী, অশ্ব, রথ, পদাতি, গজারোহী, বা অশ্বারোহী বিদ্ধ হয় নাই, এমন দেখিলাম না ॥২৮॥

প্রজাপালক রাজা! তৎকালে সাত্যকি যেমন সৈন্যক্ষয় করিতে লাগিলেন, তেমন সৈন্যক্ষয় অর্জ্জুনও করেন নাই ॥২৯॥

---

(২৭)...বভ্রাম · গাবঃ শীতার্দ্দিতা ইব—বা নি,...গাবো ব্যাঘ্রভয়াদিব—পি।

অত্যর্জ্জুনং শিনেঃ পৌত্রো যুধ্যতে পুরুষর্ষভঃ।
বীতভীর্লাঘবোপেতঃ কৃতিত্বং সম্প্রদর্শয়ন্ ॥৩০॥
ততো দুর্য্যোধনো রাজা সাত্বতস্য ত্রিভিঃ শরৈঃ।
বিব্যাধ সূতং বিশিখৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৩১॥
সাত্যকিঞ্চ ত্রিভির্বিদ্ধা পুনর্বিব্যাধ সোঽষ্টভিঃ।
দুঃশাসনঃ ষোড়শভির্বিব্যাধ শিনিপুঙ্গবম্ ॥৩২॥
শকুনিঃ পঞ্চবিংশত্যা চিত্রসেনশ্চ সপ্তভিঃ।
দুঃসহঃ পঞ্চদশভির্বিব্যাধোরসি সাত্যকিম্ ॥৩৩॥
উৎস্ময়ন্ বৃষ্ণিশার্দ্দূলস্তথা বাণৈঃ সমাহতঃ।
তানবিধ্যন্মহারাজ! সর্ব্বানেব ত্রিভিস্ত্রিভিঃ ॥৩৪॥

ভাবকৌমুদী

অতীতি। অতি অতিক্রম্য। বীতভীস্ত্যক্তভয়ঃ, লাঘবোপেতঃ ক্ষিপ্রকারী ॥৩০॥
তত ইতি। সাত্বতস্য সাত্যকেঃ। সূতং সারথিম্ ॥৩১॥
সাত্যকিমিতি। ত্রিভিঃ শরৈঃ। এবমন্যত্র। স দুর্য্যোধনঃ ॥৩২॥
শকুনিরিতি। পঞ্চবিংশত্যা শরৈঃ। উরসি বক্ষসি ॥৩৩॥
উদিতি। উৎস্ময়ন্ উন্মুখভাবেনেষদ্ধসন্, বৃষ্ণিশার্দ্দূলঃ সাত্যকিঃ ॥৩৪॥

ক্রমে পুরুষশ্রেষ্ঠ সাত্যকি নির্ভয় ও ক্ষিপ্রকারী হইয়া, কৃতিত্ব দেখাইতে থাকিয়া, অর্জ্জুনকে অতিক্রম করিয়া, যুদ্ধ করিতে লাগিলেন ॥৩০॥

তাহার পর রাজা দুর্য্যোধন তিনটা বাণদ্বারা সাত্যকির সারথিকে এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৩১॥

পরে তিনি তিনটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া আবার আটটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং দুঃশাসন ষোলটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৩২॥

ক্রমে শকুনি পঁচিশটা, চিত্রসেন সাতটা ও দুঃসহ পনরটা বাণদ্বারা সাত্যকির বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥৩৩॥

মহারাজ! এই সময়ে সাত্যকি সেইভাবে বাণতাড়িত হইয়া মন্দহাস্য করিতে থাকিয়া তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের সকলকেই তাড়ন করিলেন ॥৩৪॥

---

(৩০)···যুধ্যতে পুরুষর্ষভ।—বঙ্গ বর্দ্ধ। (৩২)···পুনরষ্টাভিরেব চ—বা নি। (৩৩)··· চিত্রসেনশ্চ পঞ্চভিঃ—বা নি।

গাঢ়বিদ্ধানরীন্ কৃত্বা মার্গণৈঃ সোঽতিতেজনৈঃ।
শৈনেয়ঃ শ্যেনবৎ সংখ্যে ব্যচরল্লঘুবিক্রমঃ ॥৩৫॥
সৌবলস্য ধনুশ্ছিত্ত্বা হস্তাবাপং নিকৃত্য চ।
দুর্য্যোধনং ত্রিভির্বাণৈরভ্যবিধ্যৎ স্তনান্তরে ॥৩৬॥
চিত্রসেনং শতেনৈব দশভির্দুঃসহং তথা।
দুঃশাসনঞ্চ বিংশত্যা বিব্যাধ শিনিপুঙ্গবঃ ॥৩৭॥
অথান্যদ্ধনুরাদায় শ্যালস্তব বিশাংপতে!।
অষ্টাভিঃ সাত্যকিং বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥৩৮॥
দুঃশাসনশ্চ দশভির্দুঃসহশ্চ ত্রিভিঃ শরৈঃ।
দুর্ম্মুখশ্চ দ্বাদশভী রাজন্! বিব্যাধ সাত্যকিম্ ॥৩৯॥
দুর্য্যোধনস্ত্রিসপ্তত্যা বিদ্ধা ভারত! মাধবম্।
ততোঽস্য নিশিতৈর্বাণৈস্ত্রিভির্বিব্যাধ সারথিম্ ॥৪০॥

ভারতকৌমুদী

গাঢ়েতি। মার্গণৈঃ শরৈঃ, অতিতেজনৈর্মহাবেগৈঃ। লঘুবিক্রমো দ্রুতবিক্রমঃ ॥৩৫॥
সৌবলস্যেতি। সৌবলস্য শকুনেঃ, হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতং হস্তাবরণম্ ॥৩৬॥
চিত্রেতি। শতেনৈব শরৈরিতি শেষঃ। এবমন্যত্রাপি ॥৩৭॥
অথেতি। শ্যালঃ শকুনিঃ। অষ্টাভিঃ পঞ্চভিশ্চ শরৈঃ ॥৩৮॥
দুঃশাসন ইতি। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৯॥

দ্রুতবিক্রমশালী সাত্যকি মহাবেগসম্পন্ন বাণসমূহদ্বারা শত্রুগণকে গাঢ়বিদ্ধ করিয়া শ্যেনপক্ষীর ন্যায় রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

পরে তিনি শকুনির ধনু ও হস্তাবাপ ছেদন করিয়া তিনটা বাণদ্বারা দুর্য্যোধনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩৬॥

তদনন্তর শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি একশত বাণদ্বারা চিত্রসেনকে, দশটাদ্বারা দুঃসহকে এবং কুড়িটাদ্বারা দুঃশাসনকে তাড়ন করিলেন ॥৩৭॥

নরনাথ! তাহার পর আপনার শ্যালক শকুনি অন্য ধনু লইয়া আটটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটাদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৮॥

রাজা! ক্রমে দুঃশাসন দশটা, দুঃসহ তিনটা ও দুর্ম্মুখ বারটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৩৯॥

---

(৩৫)...বাণৈর্ম্মর্মবিভেদিভিঃ। শ্যেনবদ্ব্যচরৎ সংখ্যে শৈনেয়ো লঘু মুষ্টু চ—পি।

তান্ সর্ব্বান্ সহিতান্ শূরান্ যতমানান্ মহারথান্।
পঞ্চভিঃ পঞ্চভির্বাণৈঃ পুনর্বিব্যাধ সাত্যকিঃ ॥৪১॥
ততঃ স রথিনাং শ্রেষ্ঠস্তব পুত্রস্য সারথিম্।
প্রজঘানাশু ভল্লেন স হতো ন্যপতদ্ভুবি ॥৪২॥
পতিতে সারথৌ তত্র তব পুত্ররথঃ প্রভো!।
বাতায়মানৈস্তৈরশ্বৈরপানীয়ত সঙ্গরাৎ ॥৪৩॥
তথাপরে তব সুতাঃ সৈনিকাশ্চ নরাধিপ!।
রাজ্ঞো রথমভিপ্রেক্ষ্য প্রাদ্রবন্ শতশো দিশঃ ॥৪৪॥

ভাবতকৌমুদী

দুর্য্যোধন ইতি। ত্রিসপ্তত্যা বাণৈঃ। মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্ ॥৪০॥
তানিতি। যতমানান্ জয়ায়েতি শেষঃ ॥৪১॥
তত ইতি। পুত্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য। প্রজঘান আজঘান ॥৪২॥
পতিত ইতি। বাতায়মানৈর্বায়ুবদাচরদ্ভির্দ্রুতং গচ্ছদ্ভিঃ। সঙ্গরাৎ রণস্থলাৎ ॥৪৩॥
তথেতি। শতশঃ সৈনিকা ইতি সম্বন্ধঃ। রাজ্ঞো দুর্য্যোধনস্য। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৪॥

ভরতনন্দন! পরে দুর্য্যোধন তিয়াত্তরটা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন কবিযা তৎপবে তিনটা সুধার বাণদ্বারা উহার সারথিকেও পীডন কবিলেন ॥৪০॥

সেই বীব ও মহাবথেবা সকলে মিলিত হইয়া জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, সাত্যকি পুনরায় পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে বিদ্ধ করিলেন ॥৪১॥

তদনন্তব বথিশ্রেষ্ঠ সাত্যকি একটা ভল্লদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের সাবথিকে আঘাত করিলেন; তৎক্ষণাং সে নিহত হইয়া ভূতলে পতিত হইল ॥৪২॥

বাজা! সাবথি পতিত হইলে, সেই অশ্বগুলি বাযুর ন্যায় দ্রুতগতিদ্বারা আপনার পুত্রের রথখানাকে রণস্থল হইতে লইয়া গেল ॥৪৩॥

নরনাথ! তখন আপনাব অন্য পুত্রেরা এবং শত শত সৈন্য রাজার রথের দিকে দৃষ্টিপাত করিয়া নানাদিকে পলায়ন কবিতে লাগিলেন ॥৪৪॥

(৪১)···ভৃশং বিব্যাধ সাত্যকিঃ—পি। (৪৪) ততস্তব সুতা রাজন্!—বঙ্গ বর্দ্ধ, ততস্তব সুতো রাজন্! সৈনিকাশ্চ বিশাংপতে!।···বিদ্রুতাঃ শতশোঽভবন্—বা নি।

ততস্তৎ প্রদ্রুতং সৈন্যং দৃষ্ট্বা ভারত! সাত্যকিঃ।
অবাকিরচ্ছরশতৈ রুক্মপুঙ্খৈর্মহারথঃ ॥৪৫॥
বিদ্রাব্য সর্ব্বসৈন্যানি তাবকানি সমন্ততঃ।
প্রযযৌ সাত্যকী রাজন্! শ্বেতাশ্বস্য রথং প্রতি ॥৪৬॥
তমরীনারুজন্তঞ্চ রক্ষন্তঞ্চৈব সারথিম্।
আত্মানং মোচয়ন্তঞ্চ তাবকাঃ সমপূজয়ন্ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দুর্য্যোধনাদিপরাজয়ে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

তত ইতি। প্রদ্রুতং পলায়মানম্। অবাকিরৎ তদেবাপীডয়ৎ ॥৪৫॥
বিদ্রাব্যেতি। বিদ্রাব্য নিপীড্য। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য ॥৪৬॥
তমিতি। আরুজন্তং নিপীডযন্তম্। সমপূজযন্ প্রাশংসন্ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জযদ্রথবধে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভরতনন্দন! তদনন্তর মহারথ সাত্যকি সেই সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া স্বর্ণপুঙ্খ শত শত বাণদ্বারা তাহাদিগকে পীড়ন করিলেন ॥৪৫॥

রাজা! সাত্যকি সকল দিকে আপনার সমস্ত সৈন্যকে পীড়ন করিয়া অর্জ্জুনের রথের দিকেই যাইতে থাকিলেন ॥৪৬॥

মহারাজ! সাত্যকি একদা শত্রুগণকে পীড়ন, সারথিকে রক্ষা এবং আপনাকে মুক্ত করিতেছিলেন বলিয়া আপনার পক্ষের লোকেরা তাঁহার প্রশংসা করিতে লাগিল ॥৪৭॥

—ঃ*ঃ—

(৪৫) বিদ্রুতং তন্মহৎ সৈন্যম্—বঙ্গ বর্দ্ধ, .. শরৈস্তীক্ষ্ণৈরুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ—বঙ্গ বর্দ্ধ বা নি। (৪৭) তং শরানাদদানঞ্চ রক্ষমাণঞ্চ—বঙ্গ বর্দ্ধ বা নি। * '...অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা নি।

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ।

—:※:—

ধৃতরাষ্ট্র উবাচ।

তৎ প্রমৃদ্য মহাসৈন্যং যান্তং সাত্যকিমর্জ্জুনম্।
নির্হ্রীকা মম তে পুত্রাঃ কিমকুর্ব্বত বীক্ষ্য বৈ ॥১॥
কথঞ্চৈষাং তদা যুদ্ধে ধৃতিরাসীচ্চ সঞ্জয়!।
শৈনেয়ে সমনুপ্রাপ্তে সদৃশে সব্যসাচিনঃ ॥২॥
বিদধে কিন্নু তৎ ক্ষত্রং তে চ যুদ্ধপরাজিতাঃ।
কথঞ্চ সাত্যকির্যুদ্ধে ব্যতিক্রান্তো মহাযশাঃ ॥৩॥
কথঞ্চ মম পুত্রাণাং জীবতামেব সঞ্জয়!।
শৈনেয়োঽভিযযৌ যুদ্ধে তন্মমাচক্ষ্ব তত্ত্বতঃ ॥৪॥

ভারতকৌমুদী

তদিতি। নির্হ্রীকা নির্লজ্জাঃ, পুনঃ পুনঃ পরাজয়েঽপি যুদ্ধপ্রবৃত্তেরিতি ভাবঃ ॥১॥
কথমিতি। এষাং মম পুত্রাণাম্। ধৃতির্ধৈর্য্যম্। সব্যসাচিনোঽর্জ্জুনস্য ॥২॥
বিদধ ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়গণঃ, তে মম পুত্রাশ্চ ॥৩॥
কথমিতি। অভিযযৌ অর্জ্জুনং প্রত্যভিযাতুং শশাক ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সাত্যকি আমার সেই বিশাল সৈন্য মর্দ্দন করিয়া অর্জ্জুনের দিকে যাইতেছেন দেখিয়া আমার সেই নির্লজ্জ পুত্রেরা কি করিল? ॥১॥

সঞ্জয়! অর্জ্জুনের সদৃশ সাত্যকি উপস্থিত হইলে, তখন ইহাদের (আমার পুত্রদের) কি প্রকারে যুদ্ধে ধৈর্য্য থাকিল? ॥২॥

সেই ক্ষত্রিয়েরা তখন কি করিলেন? যুদ্ধে পরাজিত আমার সেই পুত্রেরাই বা কি করিল? মহাযশা সাত্যকিই বা কি ভাবে যুদ্ধে অন্যকে অতিক্রম করিলেন? ॥৩॥

সঞ্জয়! আমার পুত্রেরা জীবিত থাকিতেই বা কি করিয়া সাত্যকি অর্জ্জুনের দিকে যাইতে পারিলেন? এই সকল বিষয় তুমি আমার নিকট যথার্থ বল ॥৪॥

(১) সংপ্রমৃদ্য মহৎ সৈন্যং যান্তং শৈনেয়মর্জ্জুনম্···কিমকুর্বত সঞ্জয়।—বঙ্গ বর্দ্ধ বা নি।
(৪)···জীবতাং তত্র সঞ্জয়।—বঙ্গ বর্দ্ধ বা নি।

অত্যদ্ভুতমিদং তাত ! ত্বৎসকাশাচ্ছৃণোম্যহম্।
একস্য বহুভির্যুদ্ধং শত্রুভির্বৈ মহারথৈঃ ॥৫॥
বিপরীতমিদং দৈবং সূত ! মন্যে সুতান্ প্রতি।
যত্রাবধ্যন্ত সমরে সাত্বতেন মহারথাঃ ॥৬॥
একস্য হি ন পর্য্যাপ্তং মৎসৈন্যং তস্য সঞ্জয় !।
ক্রুদ্ধস্য যুযুধানস্য সর্ব্বে তিষ্ঠন্তু পাণ্ডবাঃ ॥৭॥
নির্জ্জিত্য সমরে দ্রোণং কৃতিনং যুদ্ধদুর্ম্মদম্।
যথা পশুগণান্ সিংহস্তদ্বদ্ধন্তা সুতান্ মম ॥৮॥
কৃতবর্ম্মাদিভিঃ শূরৈর্যত্তৈর্ব্বহুভিরাহবে।
যুযুধানো ন শকিতো জেতুং জেষ্যতি মে সুতান্ ॥৯॥

ভারতকৌমুদী

অতীতি। একস্য সাত্যকেঃ, বহুভির্মৎপুত্রাদিভিঃ ॥৫॥
বীতি। বিপরীতং প্রতিকূলম্। হে সূত। সূতবংশীয়। সঞ্জয় ! ॥৬॥
একস্যেতি। পর্য্যাপ্তং যথেষ্টম্। তিষ্ঠন্তু বর্ণনে নিবর্ত্তন্তাম্ ॥৭॥
নির্জ্জিত্যেতি। কৃতিনং যুদ্ধনিপুণম্। হন্তা হনিষ্যতি ॥৮॥
কৃতেতি। যত্তৈর্জয়ায যত্নবদ্ভিঃ। যুযুধানঃ সাত্যকিঃ, শকিতঃ শক্তঃ ॥৯॥

বৎস ! আমি তোমার নিকট এটা অতি অদ্ভুত বৃত্তান্ত শুনিলাম যে, বহুতর মহারথ শত্রুর সহিত একজনের যুদ্ধ হইয়াছিল ॥৫॥

সঞ্জয় ! আমি মনে করি—এটা আমাব পুত্রদেব প্রতিকূল দৈবেব কার্য্য। যে হেতু এক সাত্যকি অনেক মহাবথকে যুদ্ধে বধ করিতে পারিয়াছেন ॥৬॥

সঞ্জয় ! ক্রুদ্ধ সেই এক সাত্যকিব নিকটেই আমার সেই সৈন্য পর্য্যাপ্ত হইল না, তাহাতে সমস্ত পাণ্ডবেব কথা দূরে থা'ক ॥৭॥

অতএব সাত্যকি যুদ্ধনিপুণ ও যুদ্ধদুর্দ্ধর্ষ দ্রোণকে যুদ্ধে জয় করিয়া— সিংহ যেমন অপব পশুগণকে বধ কবে, সেইরূপ আমার পুত্রগণকে বধ করিবে ॥৮॥

কৃতবর্ম্মপ্রভৃতি বহুতর বীর জয়ে যত্নবান্ হইযাও সাত্যকিকে যুদ্ধে জয় করিতে পারেন নাই। অতএব সাত্যকিই আমার পুত্রগণকে জয় করিবেন ॥৯॥

---

(৬)···অহং মন্যে মন্দভাগ্যান্ সুতান্ প্রতি—বঙ্গ বর্দ্ধ,···মন্দভাগ্যং সুতং প্রতি—বা নি।
(৮)···কৃতিনং চিত্রযোধিনম্—বা নি। (৯)···হন্তুং জেষ্যতি—বঙ্গ বর্দ্ধ।

ন চৈতদীদৃশং কর্ম্ম কৃতবাংস্তত্র ফাল্গুনঃ।
যাদৃশং কৃতবান্ কর্ম্ম যুদ্ধে বীরঃ প্রতাপবান্ ॥১০॥

সঞ্জয় উবাচ।

শৃণুষ্ব রাজন্! সংগ্রামং নরবাজিগজক্ষয়ম্।
দুর্য্যোধনাপনীতেন তব দুর্মন্ত্রিতেন চ ॥১১॥
তে পুনঃ সংন্যবর্ত্তন্ত কৃত্বা সংশপথান্ মিথঃ।
পরাং যুদ্ধে মতিং ক্রূরাং তব পুত্রস্য শাসনাৎ ॥১২॥
ত্রীণি সাদিসহস্রাণি দুর্য্যোধনপুরোগমাঃ।
শককাম্বোজবাহ্লীকা যবনাঃ পারদাস্তথা ॥১৩॥
কুলিন্দাস্তঙ্গনাম্বষ্ঠাঃ পৈশাচাশ্চ সমন্দরাঃ।
পার্ব্বতীয়াশ্চ রাজানঃ ক্রুদ্ধাঃ পাষাণপাণয়ঃ ॥১৪॥
অভ্যদ্রবন্ত শৈনেয়ং শলভা ইব পাবকম্।
শূরাঃ পঞ্চশতা রাজন্! শৈনেয়ং সমুপাদ্রবন্ ॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নেতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। বীরঃ সাত্যকিঃ ॥১০॥

শৃণুষ্বেতি। নরবাজিগজানাং ক্ষয়ো যস্মাত্তম্। দুর্য্যোধনস্যাপনীতেন দুর্নীত্যা ॥১১॥

ত ইতি। তে তব যোদ্ধারঃ। মিথঃ পরস্পরম্। মতিঞ্চ কৃত্বেতি সম্বন্ধঃ ॥১২॥

ত্রীণীতি। সাদিনাং গজাশ্বারোহিণাং সহস্রাণি। পৈশাচাঃ পিশাচদেশীয়াঃ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, শৈনেয়ং সাত্যকিম্, শলভাঃ পতঙ্গাঃ ॥১৩—১৫॥

বীর ও প্রতাপশালী সাত্যকি যুদ্ধে যেরূপ কার্য্য করিয়াছেন, অর্জ্জুনও তখন এরূপ কার্য্য করেন নাই' ॥১০॥

সঞ্জয় বলিলেন—রাজা! আপনার কুমন্ত্রণায় এবং দুর্য্যোধনের দুর্নীতিতে হস্তী, অশ্ব ও মনুষ্যক্ষয়জনক যেরূপ যুদ্ধ হইযাছিল, তাহা শ্রবণ করুন ॥১১॥

আপনার পুত্রের আদেশে সেই সৈন্যেরা পরস্পর গুরুতর শপথ এবং যুদ্ধসম্বন্ধে অত্যন্ত ক্রূর বুদ্ধি করিয়া পুনরায় ফিরিল ॥১২॥

রাজা! তিন হাজার গজারোহী ও অশ্বারোহী এবং শক, কাম্বোজ, বাহ্লীক, যবন, পারদ, কুলিন্দ, তঙ্গন, অম্বষ্ঠ, পৈশাচ, মন্দর ও পাষাণপাণি ক্রুদ্ধ পার্ব্বতীয রাজারা—দুর্য্যোধনকে অগ্রবর্ত্তী করিয়া পতঙ্গসমূহ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ সাত্যকির দিকে ধাবিত হইলেন; তদ্ভিন্ন অপর পাঁচশত বীরও তাঁহার দিকে চলিলেন ॥১৩—১৫॥

(১২)···কৃত্বা সংশপ্তকান্ মিথঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ততো রথসহস্রেণ মহারথশতেন চ।
দ্বিরদানাং সহস্রেণ দ্বিসাহস্রৈশ্চ বাজিভিঃ ॥১৬॥
শরবর্ষাণি মুঞ্চন্তো বিবিধানি মহারথাঃ।
অভ্যদ্রবন্ত শৈনেয়মসংখ্যেয়াশ্চ পত্তয়ঃ ॥১৭॥ (যুগ্মকম্)
তাংস্তু সঞ্চোদয়ন্ সর্ব্বান্ হতৈনমিতি ভারত !।
দুঃশাসনো মহারাজ ! সাত্যকিং পর্য্যবারয়ৎ ॥১৮॥
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেযচরিতং মহৎ।
যদেকো বহুভিঃ সার্দ্ধমসংভ্রান্তমযুধ্যত ॥১৯॥
অবধীচ্চ রথানীকং দ্বিরদানাঞ্চ তদ্বলম্।
সাদিনশ্চৈব তান্ সর্ব্বান্ দস্যূনপি চ সর্ব্বশঃ ॥২০॥
তত্র চক্রৈর্বিমথিতৈর্ভগ্নৈশ্চ বিবিধায়ুধৈঃ।
অক্ষৈশ্চ বিবিধৈর্ভগ্নৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ ॥২১॥
কুঞ্জরৈর্মথিতৈশ্চৈব ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ।
বর্ম্মভিশ্চর্ম্মভিশ্চৈব বিনিকীর্ণৈঃ সমন্ততঃ ॥২২॥

ভাবতকৌমুদী

তত ইতি। সর্ব্বত্র সহার্থে তৃতীযা। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥১৬—১৭॥
তানিতি। সঞ্চোদয়ন্ সঞ্চালযন্, হত যূয়ং বিনাশযত ॥১৮॥
তত্রেতি। অসংভ্রান্তম্ অস্থিরতারহিতং যথা স্যাত্তথা ॥১৯॥
অবধীদিতি। সাদিনঃ অশ্বারোহিণঃ। দস্যূন্ অনার্য্যান্ ॥২০॥

তদনন্তর সহস্র বথী, শত মহারথ, সহস্র গজাবোহী ও দ্বিসহস্র অশ্বাবোহীব সহিত মহারথেরা এবং অসংখ্য পদাতি নানাবিধ বাণ বর্ষণ করিতে থাকিয়া সাত্যকিব দিকে ধাবিত হইলেন ॥১৬—১৭॥

ভরতনন্দন মহারাজ! 'ইহাকে বধ কব' এই কথা বলিযা দুঃশাসন তাঁহাদেব সকলকে সঞ্চালন করিতে কবিতে যাইয়া সাত্যকিকে পরিবেষ্টন করিলেন ॥১৮॥

তখন আমরা সাত্যকির গুরুতব অদ্ভুত চরিত্র দেখিলাম; যেহেতু তিনি একাকী বহুতর যোদ্ধার সহিত অবিচলিতভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

এবং তিনি রথিসৈন্য, হস্তিসৈন্য, অশ্বারোহিসৈন্য, আর সমস্ত অনার্য্য পদাতি-সৈন্যকে বধও করিতে থাকিলেন ॥২০॥

(১৬)···দ্বিসাহস্রৈশ্চ বাজিনাম্—বঙ্গ বর্দ্ধ। (১৭) শরবর্ষাণি বর্ষন্তঃ—বঙ্গ বর্দ্ধ। (২১) ভগ্নৈশ্চ পরমায়ুধৈঃ—বা নি। (২২)···বর্ম্মভিশ্চ তথানীকৈর্ব্যবকীর্ণা বসুন্ধরা—বা নি।

স্রগ্‌ভিরাভরণৈর্ব্বস্ত্রৈরনুকর্ষৈশ্চ মারিষ !।
সংছন্না বসুধা তত্র দ্যৌর্গ্রহৈরিব ভারত ! ॥২৩॥ (বিশেষকম্)
গিরিরূপধরাশ্চাপি পতিতাঃ কুঞ্জরোত্তমাঃ।
অঞ্জনস্য কুলে জাতা বামনস্য চ ভারত ! ॥২৪॥
সুপ্রতীককুলে জাতা মহাপদ্মকুলে তথা।
ঐরাবতকুলে চাপি তথান্যেষু কুলেষু চ।
জাতা দন্তিবরা রাজন্ ! শেরতে স্ম মহাযুধি ॥২৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। ঈশাদণ্ডকবন্ধুরা রথস্য দারুবিশেষাঃ। বিনিকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। স্রগ্‌ভির্মাল্যৈঃ। অনুকর্ষৈর্নিম্নদারুভিঃ। সংছন্না আবৃতা। দ্যৌরাকাশম্ ॥২১—২৩॥

গিরীতি। গিরিরূপধরা বিশালত্বাৎ। অঞ্জনাদয়ো দিগ্‌গজাঃ। অত্র নীলকণ্ঠেন কৃতা ধৃতা বা কারিকা হেয়াঃ প্রমাণাভাবাৎ ॥২৪॥

সুপ্রতীকেতি। শেরতে স্ম শয়িতবন্তঃ ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

সংপ্রমৃষ্টেতি ॥১—২২॥ বামনস্য যমোপবাহ্যস্য। "চন্দ্রকান্তশিরোগ্রীবা নীচস্কন্ধা মনস্বিনঃ। ব্যূঢোরস্কাঃ সুনিশ্চিতা বামনান্বয়জা গজাঃ ॥" ॥২৪॥ সুপ্রতীকস্য ঈশোপবাহ্যস্য। সুবিভক্ত-মহাশীর্ষা জীমূতসদৃশপ্রভাঃ। প্রভূতহস্তা বলিনঃ সুপ্রতীককুলোদ্ভবাঃ॥ মহাপদ্মস্য কুমুদকুলে, চণ্ডাঃ সমায়াতকবাঃ সুবদ্ধাবলিনোঽপি চ। মহাপদ্মান্বয়ভবা গজযুদ্ধপ্রিয়াগজাঃ॥ শ্বেতবালনখাঃ শূরাঃ শ্বেতত্বক্কা মহাবলাঃ। উদগ্রাবর্ষবন্তশ্চ গজা ঐরাবতোদ্ভবাঃ॥" অন্যেষু কলেষু পুণ্ডরীক-পুষ্পদন্তসার্ব্বভৌমীয়েষু। "স্থিরাঃ শূলশিরোদন্তনিঃশঙ্কা বলিনোঽপি চ। শুক্লবর্ণনখাঃ শূরাঃ পুণ্ডরীকোদ্ভবাগজাঃ॥ সমত্বগ্‌দশনাশ্চণ্ডা লম্বোষ্ঠাশ্চারুদর্শনাঃ। পীনায়তাননকরাঃ পুষ্পদন্তোদ্ভবা গজাঃ॥ মণ্ডলাকৃতয়ঃ শূরাঃ সুবর্ম্মাণঃ সুদর্শনাঃ। পীনায়তাস্যাঃ পীনাভাঃ সার্ব্বভৌমকুলোদ্ভবাঃ॥"

মাননীয় ভরতনন্দন রাজা! তখন ভগ্ন চক্র, ছিন্ন নানাবিধ অস্ত্র, চূর্ণিত নানাপ্রকার রথকাষ্ঠ, ভগ্ন ঊর্দ্ধদণ্ড, তির্য্যগ্‌দণ্ড ও বক্র কাষ্ঠ, মথিত হস্তী, নিপাতিত ধ্বজ, সকল দিকে বিক্ষিপ্ত চর্ম্ম, বর্ম্ম, মাল্য, অলঙ্কার, বস্ত্র এবং রথের নীচের কাষ্ঠদ্বারা—গ্রহগণদ্বারা আকাশের ন্যায় সমরভূমি আবৃত হইয়া গেল ॥২১—২৩॥

ভরতনন্দন! অঞ্জন ও বামনবংশে উৎপন্ন পর্ব্বতপ্রমাণ উত্তম হস্তী সকল পতিত হইতে লাগিল ॥২৪॥

---

(২৫)·· শেরতে বহবো হতাঃ—বঙ্গ বৰ্দ্ধ বা নি।

বনায়ুজান্ পার্ব্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
তথা হয়বরান্ রাজন্! নিজঘ্নে তত্র সাত্যকিঃ ॥২৬॥
নানাদেশসমুত্থাংশ্চ নানাজাত্যাংশ্চ পত্তিকান্।
নিজঘ্নে তত্র শৈনেয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
তেষু প্রকাল্যমানেষু দস্যূন্ দুঃশাসনোঽব্রবীৎ।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যুধ্যধ্বং কিং সৃতেন বঃ ॥২৮॥
তাংশ্চাপি ভগ্নান্ সংপ্রেক্ষ্য পুত্রো দুঃশাসনস্তব।
পাষাণযোধিনঃ শূরান্ পার্ব্বতীয়ানচোদয়ৎ ॥২৯॥
অশ্মযুদ্ধেষু কুশলান্ নৈতজ্জানাতি সাত্যকিঃ।
অশ্মযুদ্ধমজানন্তং হতৈনং যুদ্ধকামুকম্ ॥৩০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

বনেতি। বনায়ুপ্রভৃতয়ো দেশাস্তেষু জাতান্ সম্বদ্ধাংশ্চ ॥২৬॥

নানেতি। নানাদেশেষু সমুত্থানুৎপন্নান্, নানাজাতিষু জাতান্ নানাজাত্যান্ ॥২৭॥

তেম্বিতি। প্রকাল্যমানেষু মর্দ্দ্যমানেষু, দস্যূননার্য্যান্। সৃতেনাপসরণেন ॥২৮॥

তানিতি। অপি তথাবিধমুক্তানপি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। অশ্মযুদ্ধেষু পাষাণযুদ্ধেষু কুশলান্ নিপুণান্, এতৎ অশ্মযুদ্ধম্। হত যূয়ং বিনাশয়ত ॥২৯—৩০॥

এবং রাজা! সুপ্রতীক, মহাপদ্ম ও ঐরাবতবংশজাত, আর অন্যান্য হস্তীর কুলে সমুৎপন্ন মহাহস্তিগণও মহাযুদ্ধে শয়ন করিতে থাকিল ॥২৫॥

তখন সাত্যকি—বনায়ু, কাম্বোজ ও বাহ্লিকদেশজাত এবং পার্ব্বতীয় উত্তম অশ্বসমূহকে বধ করিলেন ॥২৬॥

আর নানাদেশজাত ও নানাজাতীয় শত শত ও সহস্র সহস্র পদাতিকেও সাত্যকি সংহার কবিলেন ॥২৭॥

সাত্যকি সেই সকলকে মর্দ্দন করিতে লাগিলে, দুঃশাসন অনার্য্য সৈন্যগণকে বলিলেন—'হে ধর্ম্মানভিজ্ঞ সৈন্যগণ! তোমরা ফের, যুদ্ধ কর, অপসবণ করায় তোমাদের কি ফল হইবে' ॥২৮॥

তথাপি তাহারা অপসরণ করিতে লাগিল দেখিয়া আপনার পুত্র দুঃশাসন—পাষাণযোধী ও পাষাণযুদ্ধে নিপুণ পার্ব্বতীয় বীরগণকে বলিলেন—'সাত্যকি পাষাণ-যুদ্ধ জানে না, অথচ যুদ্ধকামী। সুতরাং পাষাণযুদ্ধে অনভিজ্ঞ এই সাত্যকিটাকে তোমরা বধ কর ॥২৯—৩০॥

---

(২৭) নানাজাতীংশ্চ দন্তিনঃ—বা নি। (২৯) তাংশ্চাতিভগ্নান্—বা নি।

তথৈব কুরবঃ সর্ব্বে নাশ্মযুদ্ধবিশারদাঃ।
অভিদ্রবত মা ভৈষ্ট ন বঃ প্রাপ্স্যতি সাত্যকিঃ ॥৩১॥
তে পার্ব্বতীয়া রাজানঃ সর্ব্বে পাষাণপাণয়ঃ।
অভ্যদ্রবন্ত শৈনেয়ং রাজানমিব মন্ত্রিণঃ ॥৩২॥
ততো গজশিরঃপ্রখ্যৈরুপলৈঃ শৈলবাসিনঃ।
উদ্যতৈর্যুযুধানস্য পুরস্তে তস্থুরাহবে ॥৩৩॥
ক্ষেপণীয়ৈস্তথাপ্যন্যে সাত্বতস্য বধৈষিণঃ।
চোদিতাস্তব পুত্রেণ রুরুধুঃ সর্ব্বতো দিশঃ ॥৩৪॥
তেষামাপততামেব শিলাযুদ্ধং চিকীর্ষতাম্।
সাত্যকিঃ প্রতিসন্ধায় নিশিতান্ প্রাহিণোচ্ছরান্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তথেতি। অভিদ্রবত সাত্যকিমভিধাবত। প্রাপ্স্যতি প্রহারায় ॥৩১॥
ত ইতি। বাজানমি মন্ত্রিণ ইত্যনেন তেষাং সভয়ত্বং সূচিতম্ ॥৩২॥
তত ইতি। গজশিবঃপ্রখ্যোঃ হস্তিমস্তকতুল্যবিশালৈঃ, উপলৈঃ পাষাণৈঃ ॥৩৩॥
ক্ষেপেতি। ক্ষেপণীয়ৈবস্ত্রবিশেষৈঃ। চোদিতাঃ প্রেবিতাঃ, পুত্রেণ দুঃশাসনেন ॥৩৪॥
তেষামিতি। চিকীর্ষতাং কর্ত্তুমিচ্ছতাম্। প্রাহিণোৎ ন্যক্ষিপৎ ॥৩৫॥

অন্য কুরুবংশীয় সকলেও পাষাণযুদ্ধে নিপুণ নহেন। সুতরাং তোমরা সাত্যকির দিকে ধাবিত হও, ভয় করিও না, সাত্যকি তোমাদিগকে পাইবে না' ॥৩১॥

তখন মন্ত্রীরা যেমন বাজার দিকে গমন কবেন, সেইরূপ পাষাণধারী সেই পার্ব্বতীয় বাজাবা সকলে সাত্যকির দিকে গমন করিতে লাগিলেন ॥৩২॥

তদনন্তর সেই পর্ব্বতবাসীবা হস্তীব মস্তকের তুল্য বৃহৎ বৃহৎ পাষাণ উত্তোলন করিয়া বণস্থলে সাত্যকিব সম্মুখে দাঁড়াইল ॥৩৩॥

আপনার পুত্র দুঃশাসনেব আদেশে অন্য সৈন্যেবাও সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া ক্ষেপণীয়াস্ত্র উত্তোলনপূর্ব্বক সাত্যকিব সকল দিক্ রুদ্ধ করিল ॥৩৪॥

শিলাযুদ্ধ করিবার অভিলাষী সেই পার্ব্বতীয়েরা আসিতে লাগিলে, সাত্যকি সন্ধান করিয়া সুধাব বাণ সকল নিক্ষেপ কবিলেন ॥৩৫॥

---

(৩২)…পাষাণযোধিনঃ—বা নি। (৩৫)…ত্রিংশতং প্রাহিণোচ্ছরান্—বঙ্গ বর্দ্ধ।

তামশ্মবৃষ্টিমতুলাং পার্ব্বতীয়ৈঃ সমীরিতাম্।
বিভেদোরগসঙ্কাশৈর্নারাচৈঃ শিনিপুঙ্গবঃ ॥৩৬॥
তৈরশ্মচূর্ণৈর্দীপ্যদ্ভিঃ খদ্যোতানামিব ব্রজৈঃ।
প্রায়ঃ সৈন্যান্যবধ্যন্ত হাহাভূতানি মারিষ! ॥৩৭॥
ততঃ পঞ্চশতাঃ শূরাঃ সমুদ্যতমহাশিলাঃ।
নিকৃত্তবাহবো রাজন্! নিপেতুর্ধরণীতলে ॥৩৮॥
পুনর্দশশতাশ্চান্যে শতসাহস্রিণস্তথা।
সোপলৈর্ব্বাহুভিশ্ছিন্নৈঃ পেতুরপ্রাপ্য সাত্যকিম্ ॥৩৯॥
পাষাণযোধিনঃ শূরান্ যতমানানবস্থিতান্।
অবধীদ্বহুসাহস্রাংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৪০॥

ভারতকৌমুদী

তামিতি। অশ্মবৃষ্টিং পাষাণবৃষ্টিম্। সমীরিতাং ক্ষিপ্তাম্ ॥৩৬॥
তৈরিতি। দীপ্যদ্ভির্নারাচঘর্ষণেন জলদ্ভিঃ। ব্রজৈঃ সমূহৈঃ ॥৩৭॥
তত ইতি। সমুদ্যতমহাশিলা উত্তোলিতবৃহৎপাষাণাঃ। নিকৃত্তবাহবশ্ছিন্নভুজাঃ ॥৩৮॥
পুনরিতি। শতসাহস্রিণো লক্ষান্তর্গতাঃ। সোপলৈঃ পাষাণসহিতৈঃ ॥৩৯॥
পাষাণেতি। যতমানান্ জয়ায়। একেন বহুসাহস্রহননমেবাদ্ভুতম্ ॥৪০॥

পরে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সর্পতুল্য নারাচসমূহদ্বারা পার্ব্বতীয়গণনিক্ষিপ্ত সেই অতুলনীয় শিলাবৃষ্টি বিদীর্ণ করিতে লাগিলেন ॥৩৬॥

মাননীয় রাজা! পতঙ্গসমূহের ন্যায় উজ্জ্বল সেই সকল শিলাচূর্ণ যাইয়া যাইয়া হাহাকারী প্রায় পার্ব্বতীয় সৈন্যকে বধ করিল ॥৩৭॥

রাজা! তাহার পর পাঁচশত বীর বিশাল শিলা উত্তোলন করার পরেই ছিন্নবাহু হইয়া ভূতলে পতিত হইল ॥৩৮॥

পুনর্বার একলক্ষের অন্তর্গত একসহস্র সৈন্য শিলাযুক্ত বাহু ছিন্ন হওয়ায় সাত্যকিকে আঘাত করিবার পূর্ব্বেই পতিত হইল ॥৩৯॥

পাষাণযোধী বহুসহস্র বীর জয়ে যত্নবান্ হইয়া অবস্থান করিতেছিলেন, সাত্যকি তাহাদিগকেও বধ করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া মনে হইল ॥৪০॥

---

(৩৬) তামশ্মবৃষ্টিং তুমুলাম্···চিচ্ছেদোরগসন্নিভৈঃ—পি বা নি। (৩৭)···প্রায়ঃ সৈন্যান্যহন্যন্ত—পি বা নি।

ততঃ পুনস্তু সম্ভূয় তেঽশ্মবৃষ্টিং সমন্ততঃ।
অয়োহস্তাঃ শূলহস্তা দরদাস্তঙ্গনাঃ খশাঃ ॥৪১॥
লম্পাকাশ্চ কুলিন্দাশ্চ চিক্ষিপুস্তাংশ্চ সাত্যকিঃ।
নারাচৈঃ প্রতিবিব্যাধ প্রতিপত্তিবিশারদঃ ॥৪২॥ (যুগ্মকম্)
অদ্রীণাং ভিদ্যমানানামন্তরীক্ষে শিতৈঃ শরৈঃ।
শব্দেন প্রাদ্রবন্ রাজন্ ! গজাশ্বরথপত্তয়ঃ ॥৪৩॥
অশ্মচূর্ণৈঃ সমাকীর্ণা মনুষ্যা গজবাজিনঃ।
নাশক্নুবন্নবস্থাতুং ভ্রমরৈরিব দংশিতাঃ ॥৪৪॥
হতশিষ্টাঃ সরুধিরা ভিন্নমস্তকপিণ্ডিকাঃ।
কুঞ্জরা বর্জ্জয়ামাসুর্যুযুধানরথং তদা ॥৪৫॥

ভাবতকৌমুদী

তত ইতি। সম্ভূয় মিলিত্বা, অশ্মবৃষ্টিং পাষাণবর্ষণম্। অয়োহস্তা লৌহদণ্ডপাণয়ঃ। তান্ লৌহদণ্ডাদীন্ অস্ত্রবিশেষান্। প্রতীপত্তিবিশারদঃ প্রতিকারনিপুণঃ ॥৪১—৪২॥

অদ্রীণামিতি। অদ্রীণাম্ অদ্র্যঙ্গশিলানাম্। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৩॥

অশ্মেতি। সমাকীর্ণা ব্যাপ্তদেহাঃ। দংশিতা দষ্টাঃ ॥৪৪॥

হতেতি। ভিন্নাঃ শরাঘাতেন বিদীর্ণা মস্তকপিণ্ডিকাঃ শিরঃকুম্ভা যেষাং তে ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥২৫—৩৩॥ ক্ষেপণীয়ৈঃ শস্ত্রৈঃ ॥৩৫—৪০॥ ব্যাত্তমুখা ম্লেচ্ছবিশেষাঃ ॥৪১—৪২॥ অদ্রীণাং প্রস্তরাণাম্ ॥৪৩—৫৭॥

ইতি শ্রীমহাভারতে দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৫॥

তদনন্তর পুনরায় সেই পার্ব্বতীয়গণ এবং লৌহদণ্ড ও শূলধারী দরদ, তঙ্গন, খশ, লম্পাক ও কুলিন্দগণ মিলিত হইয়া সকল দিক্ হইতে শিলাবৃষ্টি করিতে লাগিল; কিন্তু প্রতিকারনিপুণ সাত্যকি নারাচসমূহদ্বারা তাহা ব্যর্থ করিতে থাকিলেন ॥৪১—৪২॥

রাজা! তখন সাত্যকির সুধার বাণসমূহে ভিদ্যমান পাষাণসমূহের শব্দে কৌরবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতি সকল পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ক্রমে পদাতি, হস্তী ও অশ্ব সকল পাষাণচূর্ণে আহত হইতে থাকিয়া ভ্রমরদষ্টের ন্যায় রণাঙ্গনে অবস্থান করিতে পারিল না ॥৪৪॥

---

(৪১) ততঃ পুনর্ব্যাত্তমুখাঃ—বা। (৪২)…নারাচৈঃ প্রতিচিচ্ছেদ—পি বা নি। (৪৪) অশ্মচূর্ণৈরবাকীর্ণাঃ—নি।

ততঃ শব্দঃ সমভবত্তব সৈন্যস্য মারিষ ! ।
মাধবেনার্দ্যমানস্য সাগরস্যেব পর্ব্বণি ॥৪৬॥
তং শব্দং তুমুলং শ্রুত্বা দ্রোণো যন্তারমব্রবীৎ ।
এষ সূত ! রণে ক্রুদ্ধঃ সাত্বতানাং মহারথঃ ॥৪৭॥
দারয়ন্ বহুধা সৈন্যং রণে চরতি কালবৎ ।
যত্রৈষ তুমুলঃ শব্দস্তত্র সূত ! রথং নয় ॥৪৮॥ (যুগ্মকম্)
পাষাণযোধিভির্নূনং যুযুধানঃ সমাগতঃ ।
তথাহি রথিনঃ সর্ব্বে হ্রিয়ন্তে বিদ্রুতৈর্হয়ৈঃ ॥৪৯॥
বিশস্ত্রকবচা রুগ্ণাস্তত্র তত্র পতন্তি চ ।
ন শক্নুবন্তি যন্তারঃ সংযন্তুং তুমুলে হয়ান্ ॥৫০॥

ভাবতকৌমুদী

তত ইতি। শব্দঃ কোলাহলঃ। মাধবেন সাত্যকিনা। পর্ব্বণি পূর্ণিমামাবাস্যযোঃ ॥৪৬॥
তমিতি। যন্তারং সারথিম্। কালবৎ যম ইব ॥৪৭—৪৮॥
পাষাণেতি। সমাগতঃ সম্মিলিতঃ। বিদ্রুতৈর্দ্রুতমপসরদ্ভিঃ ॥৪৯॥
বিশস্ত্রেতি। রুগ্ণাঃ পীড়িতাঃ। যন্তারঃ সারথয়ঃ, সংযন্তুং নিরোদ্ধুম্ ॥৫০॥

তখন সাত্যকির বাণে মস্তককুম্ভ বিদীর্ণ হইতে লাগিলে, রক্তাক্তদেহ হতাবশিষ্ট হস্তিগণ সাত্যকির রথের সম্মুখ পরিত্যাগ করিয়া যাইতে লাগিল ॥৪৫॥

মাননীয় রাজা! সাত্যকি পীড়ন করিতে থাকিলে, পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রের ন্যায় আপনার সৈন্যের মধ্যে কোলাহল হইতে থাকিল ॥৪৬॥

সেই তুমুল কোলাহল শুনিয়া দ্রোণ তাঁহার সারথিকে বলিলেন—'সারথি! সাত্বতবংশের মহারথ এই সাত্যকি ক্রুদ্ধ হইয়া বহুপ্রকারে কৌরবসৈন্য বিদীর্ণ করিতে থাকিয়া যমের ন্যায় রণস্থলে বিচরণ করিতেছেন। সুতরাং যেখানে এই তুমুল কোলাহল হইতেছে, সেইখানে আমার রথ লইয়া যাও ॥৪৭—৪৮॥

নিশ্চয়ই সাত্যকি পাষাণযোধীদের সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন। তাহাই দেখ—দ্রুতগামী অশ্বগণ সমস্ত রথীকে লইয়া যাইতেছে ॥৪৯॥

অস্ত্র ও কবচবিহীন রথীরা পীড়িত হইয়া সেই সেই স্থানে পতিত হইতেছেন এবং সারথিরা তুমুল যুদ্ধে অশ্বগণকে থামাইতে পারিতেছে না' ॥৫০॥

---

(৪৯)···হ্রিয়ন্তে বহুভির্হয়ৈঃ—বঙ্গ বর্দ্ধ।

ইত্যেবং বচনং শ্রুত্বা ভারদ্বাজস্য সারথিঃ।
প্রত্যুবাচ ততো দ্রোণং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ॥৫১॥
আয়ুষ্মন্! দ্রবতে সৈন্যং কৌরবেয়ং সমন্ততঃ।
পশ্য যোধান্ রণে ভিন্নান্ ধাবমানানিতস্ততঃ ॥৫২॥
ইমে চ সংহতাঃ শূরাঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ত্বামেব হি জিঘাংসন্ত আদ্রবন্তি সমন্ততঃ ॥৫৩॥
অত্র কার্য্যং সমাধৎস্ব প্রাপ্তকালমরিন্দম!।
স্থানে বা গমনে বাপি দূরং যাতশ্চ সাত্যকিঃ ॥৫৪॥
তথৈবং বদতস্তস্য ভারদ্বাজস্য সারথেঃ।
প্রত্যদৃশ্যত শৈনেয়ো নিঘ্নন্ বহুবিধান্ রথান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ইতীতি। ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৫১॥

আয়ুষ্মন্নিতি। দ্রবতে পলায়তে। ভিন্নান্ সংঘচ্যুতান্ ॥৫২॥

ইম ইতি। সংহতাঃ সংঘবদ্ধাঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ, আদ্রবন্তি আগচ্ছন্তি ॥৫৩॥

অত্রেতি। হে অবিন্দম্। অত্রেদানীম্, প্রাপ্তকালং কালোচিতম্, স্থানে অবস্থিতৌ বা গমনে বাপি, কার্য্যং কর্ত্তব্যমবধারণম্, সমাধৎস্ব বিধেহি। তন্মতং কিমিত্যাহ দূরমিতি। সাত্যকির্দূরং যাতঃ। অতএব তদনুগমনং বিহায় এভিঃ সহ যোদ্ধুমত্রৈবাবতিষ্ঠস্বেত্যাশয়ঃ ॥৫৪॥

তথেতি। প্রত্যদৃশ্যত অস্মাভিঃ, শৈনেযঃ সাত্যকিঃ ॥৫৫॥

দ্রোণের এইরূপ কথা শুনিয়া তাঁহার সারথি সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণকে বলিল—॥৫১॥

'আয়ুষ্মন্! দেখুন কৌরবসৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে এবং অপর যোদ্ধারা সংঘচ্যুত হইয়া নানাদিকে ধাবিত হইয়াছেন ॥৫২॥

এই বীর পাঞ্চালগণ পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া আপনাকেই বধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে আসিতেছে ॥৫৩॥

অতএব অরিন্দম! এখন থাকার বা যাওয়ার বিষয়ে কালোচিত কর্ত্তব্য নিশ্চয় করুন; সাত্যকিও দূরে গিয়াছেন' ॥৫৪॥

---

(৫২) সৈন্যং দ্রবতি চায়ুষ্মন্!...রণে ভগ্নান্ ধাবতো বৈ ততস্ততঃ—বা নি। (৫৩) এতে চ সংহতাঃ... ত্বামেবাভিজিঘাংসন্তঃ—বর্দ্ধ। (৫৪) তত্র কার্য্যম্—পি। (৫৫) তথা চ বদতঃ—পি, অথৈবং বদতঃ—বঙ্গ বর্দ্ধ।

তে বধ্যমানাঃ সমরে যুযুধানেন তাবকাঃ।
যুযুধানরথং ত্যক্ত্বা দ্রোণানীকং প্রদুদ্রুবুঃ ॥৫৬॥
যৈস্তু দুঃশাসনঃ সার্দ্ধং রথৈঃ পূর্ব্বং ন্যবর্ত্তত।
তে ভীতাস্ত্বভ্যধাবন্ত সর্ব্বে দ্রোণরথং প্রতি ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে পাষাণযোধিপরাজয়ে পঞ্চাধিকশততমোঽধ্যায় ॥০॥ *

—:*:—

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।
দুঃশাসনরথং দৃষ্ট্বা সমীপে পর্য্যবস্থিতম্।
ভারদ্বাজস্ততো বাক্যং দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। যুযুধানেন সাত্যকিনা প্রদুদ্রুবুর্দ্রুতং জগ্মুঃ ॥৫৬॥

যৈরিতি। ন্যবর্ত্তত সাত্যকিনা সহ যোদ্ধুমাগচ্ছৎ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চাধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

দুঃশাসনেতি। পর্য্যবস্থিতমাগত্যেতি শেষঃ। ভারদ্বাজো দ্রোণঃ ॥১॥

দ্রোণের সারথি এইরূপ বলিতেছিল, এমন সময়ে দেখা গেল—সাত্যকি নানাবিধ বথ নষ্ট করিতে করিতে যাইতেছেন ॥৫৫॥

রাজা! সাত্যকি যুদ্ধে বধ করিতে লাগিলে, আপনাব পক্ষের সৈন্যেরা সাত্যকির রথ পরিত্যাগ কবিয়া দ্রোণেব সৈন্যের দিকেই ছুটিতে লাগিল ॥৫৬॥

পূর্ব্বে দুঃশাসন যে সকল রথীর সহিত ফিরিয়া আসিযাছিলেন, তাঁহারা সকলেও ভীত হইয়া দ্রোণের রথের দিকে ধাবিত হইলেন ॥৫৭॥

(৫৬)…দ্রোণানীকায় দুদ্রুবুঃ—বা নি। * '…একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ…'—বর্দ্ধ, '…একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ…'—বা স্ন নি।

দুঃশাসন! রথাঃ সর্ব্বে কস্মাদেতে প্রবিদ্রুতাঃ।
কচ্চিৎ ক্ষেমন্তু নৃপতেঃ কচ্চিজ্জীবতি সৈন্ধবঃ ॥২॥
রাজপুত্রো ভবানত্র রাজভ্রাতা মহারথঃ।
কিমর্থং দ্রবসে যুদ্ধে যৌবরাজ্যমবাপ্য হ ॥৩॥
দাসী জিতাসি দ্যূতে ত্বং যথাকামচরী ভব।
বাসসাং বাহিকা রাজ্ঞো ভ্রাতুর্জ্যেষ্ঠস্য মে ভব ॥৪॥
ন সন্তি পতয়স্তেহদ্য সর্ব্বে ষণ্ডতিলৈঃ সমাঃ।
দুঃশাসনৈবমুক্ত্বা ত্বং পূর্ব্বং কস্মাৎ পলায়সে ॥৫॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পাঞ্চালৈঃ পাণ্ডবৈঃ সহ।
একং সাত্যকিমাসাদ্য কথং ভীতোহসি সংযুগে ॥৬॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি। ক্ষেমং কুশলম্, নৃপতের্দুর্য্যোধনস্য। সৈন্ধবো জয়দ্রথঃ ॥২॥
সোল্লুণ্ঠনমাহ রাজেতি। অত্রেদানীম্, দ্রবসে পলায়সে ॥৩॥
দ্যূতকালে দ্রৌপদীং প্রতি দুঃশাসনোক্তিমনুবদতি দাসীতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥৪॥
নেতি। ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননাশক্তা যে তিলাস্তৈঃ, কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ ॥৫॥
স্বয়মিতি। পাণ্ডবৈঃ সহ বৈরকরণেনৈব দ্রৌপদীসম্বন্ধাৎ পাঞ্চালেষপি তৎকরণম্ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'তাহার পর দুঃশাসনের রথ আসিয়া নিকটে দাঁড়াইল দেখিয়া তখন দ্রোণ দুঃশাসনকে এই কথা বলিলেন—॥১॥

'দুঃশাসন! এই রথ সকল ছুটিয়া আসিতেছে কেন? রাজার মঙ্গল ত? সিন্ধুরাজ (জয়দ্রথ) জীবিত আছেন ত? ॥২॥

তুমি রাজার পুত্র, রাজার ভ্রাতা ও মহারথ হইয়া এবং যৌবরাজ্য পাইয়া এখন যুদ্ধে পলায়ন করিতেছ কেন? ॥৩॥

'দ্রৌপদি! রাজা তোমাকে দ্যূতক্রীড়ায় জয় করিয়াছেন। সুতরাং তুমি তাঁহার দাসী হইয়াছ। অতএব তুমি রাজগৃহে ইচ্ছানুসারে বিচরণ কর এবং আমার জ্যেষ্ঠ ভ্রাতা রাজা দুর্য্যোধনের বস্ত্রবাহিনী হও ॥৪॥

আজ তোমার পতিরা নাই, উহারা সকলেই নপুংসক তিলের তুল্য হইয়া গিয়াছে'। দুঃশাসন! পূর্ব্বে তুমি এইরূপ বলিয়া এখন পলাইতেছ কেন? ॥৫॥

নিজেরাই পাণ্ডব ও পাঞ্চালগণের সহিত গুরুতর শত্রুতা করিয়া এখন যুদ্ধে এক সাত্যকিকে পাইয়াই ভীত হইয়াছ কেন? ॥৬॥

---

(২) কচ্চিৎ ক্ষেমং ন নৃপতেঃ—পি। (৩)…অবাপ্য হি—পি,…অবাপ্য চ—বা নি।

ন জানীষে পুরা ত্বন্তু গৃহ্লন্নক্ষান্ দুরোদরে।
শরা হ্যেতে ভবিষ্যন্তি দারুণাশীবিষোপমাঃ ॥৭॥
অপ্রিয়াণাঞ্চ বচনং পাণ্ডবেষু বিশেষতঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশস্তন্মূলো হ্যভবৎ পুরা ॥৮॥
ক্ব তে মানশ্চ দর্পশ্চ ক্ব তে তদ্বীরগর্জ্জিতম্।
আশীবিষসমান্ পার্থান্ কোপয়িত্বা ক্ব যাস্যসি ॥৯॥
শোচ্যেয়ং ভারতী সেনা রাজা চৈব সুযোধনঃ।
যস্য ত্বং কর্কশো ভ্রাতা পলায়নপরায়ণঃ ॥১০॥
নন্বু নাম ত্বয়া বীর! দীর্য্যমাণা ভয়ার্দ্দিতা।
স্ববাহুবলমাস্থায় রক্ষিতব্যা হ্যনীকিনী।
স ত্বমদ্য রণং হিত্বা ভীতো হর্ষয়সে পরান্ ॥১১॥

ভারতকৌমুদী

নেতি। দুরোদরে দ্যূতক্রীড়ায়াম্। এতে অক্ষাঃ, ভবিষ্যন্তি যুদ্ধোৎপাদনাৎ ॥৭॥
অপ্রিয়াণামিতি। তন্মূলো দ্যূতনিমিত্তঃ। এতৎ সর্ব্বং সভাপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥৮॥
ক্বেতি। আশীবিষসমান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্, পার্থান্ পাণ্ডবান্ ॥৯॥
শোচ্যেতি। ভারতী কৌরবী। কর্কশো দুর্ম্মুখঃ ॥১০॥
নন্বিতি। দীর্য্যমাণা পরৈর্ভজ্যমানা। হিত্বা পরিত্যজ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পূর্ব্বে দ্যূতক্রীড়াব সময়ে পাশক গ্রহণ করিয়াছিলে; কিন্তু তখন ইহা বুঝিতে পার নাই যে, এই পাশকই ভবিষ্যতে দারুণসর্পতুল্য বাণ হইয়া যাইবে ॥৭॥

পাণ্ডবগণের উপরে বিশেষভাবে অপ্রিয়বাক্য বলা এবং দ্রৌপদীকে সর্ব্বতোভাবে কষ্ট দেওয়া, এই সমস্তের কারণ হইয়াছিল একমাত্র সেই পূর্ব্বের দ্যূতক্রীড়া ॥৮॥

তোমাব সেই অভিমান, দর্প ও বীরগর্জ্জন আজ কোথায় গেল? তীক্ষ্ণবিষ সর্পের তুল্য পাণ্ডবগণের ক্রোধ জন্মাইযা এখন কোথায় যাইবে? ॥৯॥

এই কৌরবসৈন্য ও তাহার প্রভু দুর্য্যোধন এই দু-ই শোকেব বিষয় হইযা পড়িয়াছেন। কারণ, যাহার রক্ষক ও যাঁহার দুর্ম্মুখ ভ্রাতা তুমি এখন পলায়নমাত্র সম্বল কবিয়াছ ॥১০॥

---

(৮) পাণ্ডবস্য বিশেষতঃ—নি। (৯) ক্ব তে বীর্য্যং ক্ব গর্জ্জিতম্—বা নি। (১০)... রাজ্যৈশ্বব—বা নি। (১১)...দার্য্যমাণা—নি।

বিদ্রুতে ত্বয়ি সৈন্যস্য নায়কে শত্রুসূদন !।
কোঽন্যঃ স্থাস্যতি সংগ্রামে ভীতো ভীতব্যপাশ্রয়ঃ ॥১২॥
একেন সাত্বতেনাদ্য যুধ্যমানস্য চানঘ !।
পলায়নে তব মতিঃ সংগ্রামাদ্ধি প্রবর্ত্ততে ॥১৩॥
যদা গাণ্ডীবধন্বানং ভীমসেনঞ্চ কৌরব !।
যমৌ চ যুধি দ্রষ্টাসি তদা ত্বং কিং করিষ্যসি ॥১৪॥
এতে ফাল্গুনবাণানাং সূর্য্যাগ্নিসমতেজসাম্ ।
ন তুল্যাঃ সাত্যকিশরা যেভ্যো ভীতঃ পলায়সে ॥১৫॥
যদি তাবৎ কৃতা বুদ্ধিঃ পলায়নপরায়ণা ।
পৃথিবী ধর্ম্মরাজায় শমেনৈব প্রদীয়তাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

বীতি। বিদ্রুতে পলায়িতে। ভীতানাং ব্যপাশ্রয়ো বিশেষেণ রক্ষকঃ ॥১২॥
একেনেতি। সাত্বতেন সাত্যকিনা সহ। অনঘেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্ ॥১৩॥
যদেতি। গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্। যমৌ নকুলসহদেবৌ, দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥১৪॥
এত ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। তদ্বাণবিষয়ত্বে তব কা গতির্ভবিষ্যতীত্যাশয়ঃ ॥১৫॥
যদীতি। পলায়নমেব পরম্ অয়নং বিষয়ো যস্যাঃ সা। শমেন শান্ত্যা ॥১৬॥

বীর! বিপক্ষেরা সৈন্য বিদীর্ণ করিতে লাগিলে, আপন বাহুবল অবলম্বন করিয়া তোমারই সেই ভয়ার্ত্ত সৈন্য রক্ষা করা উচিত। সেই তুমি আজ ভীত হইয়া রণস্থল পরিত্যাগ করিয়া শত্রুগণকে আনন্দিত করিতেছ! ॥১১॥

শত্রুদমন! তুমি সৈন্যের নায়ক ছিলে, সেই অবস্থায় তুমি পলায়ন করিয়া আসিলে, ভীতরক্ষক অপর কোন্ ব্যক্তি ভীত অবস্থায় রণস্থলে থাকিবে? ॥১২॥

নিষ্পাপ! একমাত্র সাত্যকির সহিত যুদ্ধ করিবার সময়েই তোমার রণস্থল হইতে পলায়ন করিবার বুদ্ধি হইয়াছে ॥১৩॥

তাহাতে যখন অর্জ্জুন, ভীমসেন, নকুল ও সহদেবকে রণস্থলে দেখিতে পাইবে, তখন তুমি কি করিবে? ॥১৪॥

সাত্যকির এই বাণগুলি, সূর্য্য ও অগ্নির তুল্য তেজস্বী অর্জ্জুনের বাণের তুল্য নহে; যেগুলির ভয়ে তুমি পলায়ন করিয়া আসিয়াছ ॥১৫॥

তোমরা যদি পলায়নেই বুদ্ধি কর, তবে শান্তিপূর্ব্বকই (আপোষ-নিষ্পত্তিমতেই) যুধিষ্ঠিরকে রাজ্য দান কর ॥১৬॥

---

(১২)... ভীতে ব্যপাশ্রয়ে—নি। (১৫)...যেষাং ভীতঃ—বর্দ্ধ।

যাবৎ ফাল্গুনবাণা বৈ নির্ম্মুক্তোরগসন্নিভাঃ।
নাবিশন্তি শরীরং তে তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৭॥
যাবত্তে পৃথিবীং পার্থা হত্বা ভ্রাতৃশতং রণে।
নাক্ষিপন্তি মহাত্মানস্তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৮॥
যাবন্ন ক্রুধ্যতে রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণশ্চ সমরশ্লাঘী তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৯॥
যাবদ্ভীমো মহাবাহুর্বিগাহ্য মহতীং চমূম্।
সোদরাংস্তে ন গৃহ্ণাতি তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥২০॥
পূর্ব্বমুক্তশ্চ তে ভ্রাতা ভীষ্মেণাসৌ সুযোধনঃ।
অজেয়াঃ পাণ্ডবাঃ সংখ্যে সৌম্য ! সংশাম্য তৈঃ সহ ॥২ ॥

ভারতকৌমুদী

যাবদিতি। নির্ম্মুক্তোরগসন্নিভাঃ ত্যক্তচর্ম্মসর্পতুল্যাঃ। সংশাম্য শান্তো ভব ॥১৭॥
যাবদিতি। নাক্ষিপন্তি বলাদাকৃষ্য ন নয়ন্তি ॥১৮॥
যাবদিতি। ধর্ম্মপুত্রস্য ক্রোধে অধার্ম্মিকাণাং যুষ্মাকং নাস্তি নিস্তার ইতি ভাবঃ ॥১৯॥
যাবদিতি। বিগাহ্য আলোড্য। ন গৃহ্ণাতি বধায ন ধরতি ॥২০॥
ন কেবলমহমীদৃশমুক্তবান্ ব্রবীমি চেত্যাহ পূর্ব্বমিতি। সংখ্যে যুদ্ধে ॥২১॥

ত্যক্তচর্ম্মা সর্পের তুল্য অর্জ্জুনের বাণ সকল যে পর্য্যন্ত তোমার দেহে প্রবেশ না করে, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৭॥

মহাত্মা পাণ্ডবেরা যে পর্য্যন্ত তোমাদের একশত ভ্রাতাকে যুদ্ধে বধ করিয়া রাজত্ব গ্রহণ না করেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৮॥

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির এবং সমরশ্লাঘী কৃষ্ণ যে পর্য্যন্ত ক্রুদ্ধ না হন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৯॥

মহাবাহু ভীমসেন যে পর্য্যন্ত বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিয়া তোমার সহোদরগণকে না ধরেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত সন্ধি কর ॥২০॥

দুঃশাসন! ভীষ্মও পূর্ব্বে তোমার ভ্রাতা দুর্য্যোধনকে বলিয়াছিলেন—'সৌম্য! পাণ্ডবেরা যুদ্ধে অজেয়। সুতরাং তুমি তাহাদের সহিত সন্ধি কর' ॥২১॥

---

(১৭) যাবৎ ফল্গুননারাচাঃ—নি। (২০)…সোদরাংস্তে ন মৃদ্নাতি—পি নি।

ন চ তৎ কৃতবান্ মন্দস্তব ভ্রাতা সুযোধনঃ।
স যুদ্ধে ধৃতিমাস্থায় যত্তো যুধ্যস্ব কৌরব ! ॥২২॥
গচ্ছ তূর্ণং রথেনৈব যত্র তিষ্ঠতি সাত্যকিঃ।
ত্বয়া হীনং বলং হ্যেতদ্বিদ্রবিষ্যতি ভারত ! ।
আত্মার্থং যোধয় রণে সাত্যকিং সত্যবিক্রমম্ ॥২৩॥
এবমুক্তস্তব সুতো নাবোচৎ কিঞ্চিদপ্যসৌ।
শ্রুতমশ্রুতবৎ কৃত্বা প্রায়াদ্‌যেন স সাত্যকিঃ ॥২৪॥
সৈন্যেন মহতা যুক্তো ম্লেচ্ছানামনিবর্ত্তিনাম্।
আসাদ্য চ রণে যত্তো যুযুধানমযোধয়ৎ ॥২৫॥
দ্রোণোঽপি রথিনাং শ্রেষ্ঠঃ পাঞ্চালান্ পাণ্ডবাংস্তথা।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো জবমাস্থায় মধ্যমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। মন্দো মূঢ়ঃ। স ত্বম্, ধৃতিং ধৈর্য্যম্, যত্তো জয়ায় যত্নবান্ ॥২২॥

গচ্ছেতি। বিদ্রবিষ্যতি পলায়িষ্যতে। আত্মার্থং স্বযশঃপ্রচারার্থম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

এবমিতি। সুতো দুঃশাসনঃ। কৃত্বা উত্তরাদানেন, যেন দিগ্বিভাগেন ॥২৪॥

সৈন্যেনেতি। যত্তো জয়ায় যত্নবান্ সন্, যুযুধানং সাত্যকিম্ ॥২৫॥

দ্রোণ ইতি। অভ্যদ্রবৎ, অভ্যধাবৎ, জবং বেগম্ ॥২৬॥

কিন্তু তোমার মূর্খ ভ্রাতা দুর্য্যোধন তাহা করে নাই। (সে যাহা হউক,) কৌরব! তুমি যুদ্ধে ধৈর্য্য অবলম্বন করিয়া এবং জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধ কর ॥২২॥

ভরতনন্দন! সাত্যকি যেখানে আছেন, তুমি রথারোহণে সত্বর সেইখানে যাও; কারণ, তুমি পরিত্যাগ করিয়া আসায় এই সৈন্যগণ পলায়ন করিবে। অতএব তুমি নিজের যশ প্রকাশ করিবার জন্যই যুদ্ধে যথার্থবিক্রমশালী সাত্যকির সহিত যুদ্ধ কর' ॥২৩॥

দ্রোণ এইরূপ বলিলে, আপনার ঐ পুত্র (দুঃশাসন) কিছুই বলিলেন না, শ্রুতকে অশ্রুতের ন্যায় করিয়া—যেখানে সাত্যকি ছিলেন, সেই দিকে প্রস্থান করিলেন ॥২৪॥

তিনি অনিবর্ত্তী বিশাল ম্লেচ্ছসৈন্যের সহিত মিলিত হইয়া রণস্থলে যাইয়া যত্নের সহিত সাত্যকির সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥২৫॥

---

(২২)...যুধ্যস্ব ভারত।—বর্দ্ধ।

প্রবিশ্য চ রণে দ্রোণঃ পাণ্ডবানাং বরূথিনীম্।
দ্রাবয়ামাস যোধান্ বৈ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
ততো দ্রোণো মহারাজ! নাম বিশ্রাব্য সংযুগে।
পাণ্ডুপাঞ্চালমৎস্যানাং প্রচক্রে কদনং মহৎ ॥২৮॥
তং জয়ন্তমনীকানি ভারদ্বাজং ততস্ততঃ।
পাঞ্চালপুত্রো দ্যুতিমান্ বীরকেতুঃ সমভ্যয়াৎ ॥২৯॥
স দ্রোণং পঞ্চভির্বাণৈর্বিদ্ধ্বা সন্নতপর্ব্বভিঃ।
ধ্বজমেকেন বিব্যাধ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥৩০॥
তত্রাদ্ভুতং মহারাজ! দৃষ্টবানস্মি সংযুগে।
যদ্দ্রোণো রভসো যুদ্ধে পাঞ্চাল্যং নাভ্যবর্ত্তত ॥৩১॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। বরূথিনীং সেনাম্। দ্রাবয়ামাস মর্দ্দয়ামাস ॥২৭॥
তত ইতি। নাম স্বসংজ্ঞাম্, বিশ্রাব্য বীরত্বপ্রকাশায় বিশেষেণ শ্রাবয়িত্বা ॥২৮॥
তমিতি। পাঞ্চালস্য দ্রুপদস্য পুত্রঃ, দ্যুতিমান্ তেজস্বী, বীরকেতুর্নাম ॥২৯॥
স ইতি। বিদ্ধ্বা তাড়য়িত্বা, সন্নতপর্বভির্বক্রোপান্তৈঃ ॥৩০॥
তত্রেতি। রভসো বেগবান্ পাঞ্চাল্যং বীরকেতুম্ ॥৩১॥

ওদিকে রথিশ্রেষ্ঠ দ্রোণও অত্যন্তক্রুদ্ধ হইয়া মধ্যম বেগ অবলম্বন করিয়া পাঞ্চাল ও পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

ক্রমে দ্রোণ রণস্থলে পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া শত শত ও সহস্র সহস্র যোদ্ধাকে মর্দ্দন করিতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! তৎপরে দ্রোণ যুদ্ধমধ্যে নিজের নাম শুনাইয়া শুনাইয়া পাণ্ডব, পাঞ্চাল ও মৎস্যসৈন্যগণের উপরে গুরুতর পীড়ন করিতে থাকিলেন ॥২৮॥

দ্রোণ নানাদিকে পাণ্ডবসৈন্য জয় করিতেছিলেন, এমন সময় দ্রুপদপুত্র তেজস্বী বীরকেতু তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

ক্রমে তিনি নতপর্ব্ব পাঁচটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া একটাদ্বারা তাঁহার ধ্বজ ও সাতটাদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৩০॥

মহারাজ! তখন আমি যুদ্ধে একটা আশ্চর্য্য দেখিলাম, যে হেতু যুদ্ধে বেগবান্ দ্রোণও বীরকেতুর সম্মুখে থাকিতে পারিলেন না ॥৩১॥

(২৭)...পাঞ্চালানামনীকিনীম্...পি। (৩১)...যদ্দ্রোণো রভসং যুদ্ধে পাঞ্চাল্যং নাভ্যবর্ত্তত—বা নি।

সন্নিরুদ্ধং রণে দ্রোণং পাঞ্চালা বীক্ষ্য মারিষ ! ।
আবব্রুঃ সর্ব্বতো রাজন্ ! ধর্ম্মপুত্রজয়ৈষিণঃ ॥৩২॥
এইভাবে দ্রোণের সম্মুখে যে যে যোদ্ধা প্রেরিত হইতে লাগিলেন, কাল উপস্থিত হইলে যম যেমন সমস্ত প্রাণীকে গ্রহণ করেন, যমতুল্য দ্রোণও তাঁহাকে তাঁহাকেই গ্রহণ করিতে লাগিলেন ॥৪৫॥

তাহার পর মহাধনুর্দ্ধর দ্রোণ যুদ্ধে নিজের নাম শুনাইয়া শুনাইয়া অনেক সহস্র বাণদ্বারা পাণ্ডবসৈন্যগণকে মোহিত করিতে থাকিলেন ॥৪৬॥

দ্রোণের নামাঙ্কিত, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সেই বাণ সকল যাইয়া সকল দিকে পাণ্ডবপক্ষের মানুষ, হস্তী ও অশ্ব সকল বধ করিতে লাগিল ॥৪৭॥

ইন্দ্র যেমন মহাসুরদিগকে বধ করিয়াছিলেন, সেইরূপ দ্রোণ বধ করিতে লাগিলে, পাঞ্চালেরা শীতপীড়িত গোসমূহের ন্যায় কাঁপিতে লাগিল ॥৪৮॥

(৪৫)…আদত্তে সর্বভূতানি প্রাপ্তকালে যথান্তকঃ—বঙ্গ বর্দ্ধ। (৪৬) ততো দ্রোণো মহারাজ!…পাণ্ডবেয়ান সমাবৃণোৎ—বা নি। (৪৭) তে তু নামাঙ্কিতা বাণা দ্রোণেনাস্তাঃ …নিজঘ্নুঃ শতশো মৃধে—বা নি।

মোহিতা বাণজালেন ভারদ্বাজেন সংযুগে।
ঊরুগ্রাহগৃহীতা হি পাঞ্চালানাং মহারথাঃ ॥৫০॥
চেদয়শ্চ মহারাজ! সৃঞ্জয়াঃ সোমকাস্তথা।
অভ্যদ্রবন্ত সংহৃষ্টা ভারদ্বাজং যুযুৎসয়া ॥৫১॥
ব্রুবন্তশ্চ রণেঽন্যোন্যং চেদিপাঞ্চালসৃঞ্জয়াঃ।
হত দ্রোণং হত দ্রোণমিতি তে দ্রোণমভ্যয়ুঃ ॥৫২॥
তে যতন্তো নরব্যাঘ্রাঃ সর্ব্বশক্ত্যা মহাদ্যুতিম্।
নিনীষন্তো রণে দ্রোণং যমস্য সদনং প্রতি ॥৫৩॥
যতমানাংশ্চ তান্ সর্বান্ ভারদ্বাজঃ শিলীমুখৈঃ।
যমায় প্রেষয়ামাস চেদিমুখ্যান্ বিশেষতঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

মোহিতা ইতি। ঊরুগ্রাহেণ ভয়াদূরুস্তম্ভেন গৃহীতা আক্রান্তা অভবন্ ॥৫০॥
চেদয় ইতি। অদ্রবন্ত অভ্যধাবন্। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৫১॥
ব্রুবন্ত ইতি। হত যূয়ং বিনাশয়ত। অভ্যয়ুঃ অভিজগ্মুঃ ॥৫২॥
ত ইতি। যতন্তো জয়ায় যতমানাঃ। নিনীষন্তো নেতুমিচ্ছন্তঃ অভবন্ ॥৫৩॥
যতেতি। শিলীমুখৈর্বাণৈঃ। বিশেষতো বাহুল্যেন ॥৫৪॥

ভরতনন্দন! দ্রোণ সৈন্যগণকে বধ করিতে থাকিলে, পাণ্ডবপক্ষে ভয়ঙ্কর আর্ত্তনাদ হইতে থাকিল ॥৪৯॥

দ্রোণ বাণজালদ্বারা যুদ্ধে মোহিত করিলে, পাঞ্চালসৈন্যের মহারথেরা ঊরুস্তম্ভে আক্রান্ত হইয়া পড়িলেন ॥৫০॥

মহারাজ! তখন চেদি, সৃঞ্জয় ও সোমকসৈন্যেরা আনন্দিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছায় দ্রোণের দিকে ধাবিত হইল ॥৫১॥

'দ্রোণকে বধ কর, দ্রোণকে বধ কর' এইরূপ পরস্পর বলিতে থাকিয়া সেই চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়েরা ধাবিত হইয়াছিল ॥৫২॥

সেই নরশ্রেষ্ঠেরা সমস্ত শক্তিপ্রয়োগপূর্ব্বক জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধে মহাতেজা দ্রোণকে যমালয়ে প্রেরণ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৫৩॥

তাঁহারা সকলে জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, দ্রোণ বাণসমূহদ্বারা তাঁহাদিগকে এবং বিশেষভাবে চেদিশ্রেষ্ঠগণকে যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥৫৪॥

(৫০) মোহিতাঃ শরজালেন—বর্দ্ধ। (৫১)…যুযুৎসবঃ—পি। (৫৩)…মহাদ্যুতে!—বঙ্গ বর্দ্ধ,…নিনীষবঃ—বা নি। (৫৪)…তান্ বীরান্—বা নি।

তেষু প্রক্ষীয়মাণেষু চেদিমুখ্যেষু ভারত ! ।
পাঞ্চালাঃ সমকম্পন্ত দ্রোণসায়কপীড়িতাঃ ॥৫৫॥
আক্রোশন্ ভীমসেনং তে ধৃষ্টদ্যুম্নঞ্চ ভারত ! ।
দৃষ্ট্বা দ্রোণস্য কর্ম্মাণি তথারূপাণি মারিষ ! ॥৫৬॥
ব্রাহ্মণেন তপো নূনং চরিতং দুশ্চরং মহৎ ।
তথাহি যুধি সংক্রুদ্ধো দহতি ক্ষত্রিয়র্ষভান্ ॥৫৭॥
ধর্ম্মো যুদ্ধং ক্ষত্রিয়স্য ব্রাহ্মণস্য পরং তপঃ ।
তপস্বী কৃতবিদ্যশ্চ প্রেক্ষিতেনাপি নির্দ্দহেৎ ॥৫৮॥
দ্রোণাস্ত্রমগ্নিসংস্পর্শং প্রবিষ্টাঃ ক্ষত্রিয়র্ষভাঃ ।
বহবো দুস্তরং ঘোরং যতোঽদহ্যন্ত ভারত ! ॥৫৯॥

ভারতকৌমুদী

তেষিতি । পাঞ্চালাঃ সমকম্পন্ত, একচ্ছাগচ্ছেদে ছাগান্তরাণীবেতি ভাবঃ ॥৫৫॥

আক্রোশন্নিতি । আক্রোশন্ রক্ষণায় তারস্বরমাহ্বয়ন্ ॥৫৬॥

অথ কেচন যোদ্ধারো ভরতবংশীয়স্যাপরস্য যোদ্ধুরন্তিকে দ্রোণক্রিয়ামাহুশ্চতুর্ভিঃ ।
ব্রাহ্মণেনেতি । ব্রাহ্মণেন দ্রোণেন । দহতি দাহমিবানায়াসেন নাশং করোতি ॥৫৭॥

ধর্ম্ম ইতি । পরং তপশ্চ ব্রাহ্মণস্য ধর্ম্ম ইতি সম্বন্ধঃ । প্রেক্ষিতেন দর্শনেনাপি ॥৫৮॥

দ্রোণেতি । যতোঽদহ্যন্ত, অতো দুশ্চরং তপশ্চরিতমিত্যর্থঃ ॥৫৯॥

ভরতনন্দন ! সেই চেদিশ্রেষ্ঠেরা ক্ষয় পাইতে লাগিলে, পাঞ্চালেরাও দ্রোণের বাণে পীড়িত হইয়া কাঁপিতে লাগিল ॥৫৫॥

মাননীয় ভরতনন্দন ! তখন তাহারা দ্রোণের সেইরূপ কার্য্য দেখিয়া উচ্চস্বরে ভীমসেন ও ধৃষ্টদ্যুম্নকে আহ্বান করিতে থাকিল ॥৫৬॥

(অনেকে বলিতে লাগিল—) 'নিশ্চয়ই ব্রাহ্মণ দুষ্কর মহাতপস্যা করিয়াছেন। তাহাতেই ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ক্ষত্রিয়শ্রেষ্ঠগণকে দগ্ধ করিতেছেন ॥৫৭॥

যুদ্ধ যেমন ক্ষত্রিয়ের ধর্ম্ম, তেমন পরম তপস্যা ব্রাহ্মণের ধর্ম্ম। সুতরাং তপস্বী ও কৃতবিদ্য ব্রাহ্মণ কেবল দৃষ্টিদ্বারাও দগ্ধ করিতে পারেন ৫৮॥

ভরতনন্দন। যেহেতু বহু ক্ষত্রিয়শ্রেষ্ঠ অগ্নিসমস্পর্শ, দুস্তর ও ভয়ঙ্কর দ্রোণাস্ত্রের মধ্যে প্রবেশ করিয়া দগ্ধ হইতেছে ॥৫৯॥

---

(৫৫)...চেদিমুখ্যেষু সর্বশঃ—বা নি। (৫৮) ধর্ম্মং যুদ্ধং ক্ষত্রিয়স্য—পি। (৫৯) দ্রোণাগ্নিমস্ত্রসংস্পর্শম্—নি,...যত্রাদহ্যন্ত ভারত !—পি বা নি।

যথাবলং যথোৎসাহং যথাসত্ত্বং মহাদ্যুতিঃ।
মোহয়ন্ সর্ব্বসৈন্যানি দ্রোণো হন্তি বলানি নঃ ॥৬০॥
তেষাং তদ্বচনং শ্রুত্বা ক্ষত্রধর্ম্মব্যবস্থিতঃ।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ ক্ষত্রধর্ম্মা মহাবলঃ।
ক্রোধসংবিগ্নমনসো দ্রোণস্য সশরং ধনুঃ ॥৬১॥
স সংবৃদ্ধস্ততো ভূত্বা দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
অন্যৎ কার্ম্মুকমাদায় ভাস্বরং বেগবত্তরম্ ॥৬২॥
তত্রাধায় শরং তীক্ষ্ণং পরঘ্নং বিমলং দৃঢ়ম্।
আকর্ণপূর্ণমাচার্য্যো বলবানভ্যবাসৃজৎ ॥৬৩॥ (যুগ্মকম্)
স জীবিতমুপাদায় ধার্ষ্টদ্যুম্নেঃ শরোত্তমঃ।
আশীবিষ ইব ক্রুদ্ধো জগাম ধরণীতলম্ ॥৬৪॥
স ভিন্নহৃদয়ো বাহাদপতন্মেদিনীতলে।
ততঃ সৈন্যান্যকম্পন্ত ধৃষ্টদ্যুম্নসুতে হতে ॥৬৫॥

ভারতকৌমুদী

যথেতি। যথাসত্ত্বং যথাধ্যবসায়ম্। বলানি সৈন্যান্যেব ॥৬০॥

তেষামিতি। ক্ষত্রধর্ম্মা নাম। ক্রোধেন সংবিগ্নমনসঃ অস্থিরচিত্তস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬১॥

স ইতি। সংবৃদ্ধঃ সোৎসাহঃ। পরঘ্নং শত্রুনাশকম্ ॥৬২—৬৩॥

স ইতি। ধৃষ্টদ্যুম্নস্যাপত্যমিতি ধার্ষ্টদ্যুম্নিস্তস্য প্রাগুক্তস্য ক্ষত্রধর্ম্মনাম্নঃ ॥৬৪॥

মহাতেজা দ্রোণ শক্তি, উৎসাহ ও অধ্যবসায় অনুসারে আমাদের সমস্ত সৈন্যকে মুগ্ধ করিয়া তাহা সংহার করিতেছেন' ॥৬০॥

তাহাদের সেই কথা শুনিয়া ক্ষত্রিয়ধর্ম্মস্থিত মহাবল ক্ষত্রধর্ম্মা একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা ক্রোধে অস্থিরচিত্ত দ্রোণের শরযুক্ত ধনু ছেদন করিলেন ॥৬১॥

তাহার পর বলবান্ ও ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণাচার্য্য বিশেষ উৎসাহী হইয়া উজ্জ্বল ও বিশেষ আকর্ষণসহ অন্য একখানা ধনু লইয়া, তাহাতে তীক্ষ্ণ, নির্ম্মল, দৃঢ় ও শত্রুনাশক একটা বাণ স্থাপন করিয়া আকর্ণপূর্ণ আকর্ষণে তাহা নিক্ষেপ করিলেন ॥৬২—৬৩॥

সেই উত্তম বাণটা ধৃষ্টদ্যুম্নের পুত্র ক্ষত্রধর্ম্মার জীবন লইয়া ক্রুদ্ধ সর্পের ন্যায় ভূতলে গমন করিল ॥৬৪॥

---

(৬২)···দ্রোণঃ প্রহরতাং বরঃ—পি।

অথ দ্রোণং সমাসাদ্য চেকিতানো মহারথঃ।
স দ্রোণং দশভির্বিদ্ধ্বা প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
পঞ্চভিঃ সারথিঞ্চাস্য চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৬৬॥
তমাচার্য্যস্ত্রিভির্ব্বাণৈর্ব্বাহ্বোরুরসি চার্পয়ৎ।
ধ্বজং সপ্তভিরুন্মথ্য যন্তারমবধীৎস্ত্রিভিঃ ॥৬৭॥
তস্য সূতে হতে বাহা রথমাদায় বিদ্রুতাঃ।
সমরে শরসংবীতা ভারদ্বাজেন মারিষ! ॥৬৮॥
চেকিতানরথং দৃষ্ট্বা বিদ্রুতং হতসারথিম্।
পাঞ্চালান পাণ্ডবাংশ্চৈব মহদ্ভয়মথাবিশৎ ॥৬৯॥

ভারতকৌমুদী

স ইতি। উহ্যতে অনেনেতি বাহো রথস্তস্মাৎ করণে ঘঞ্ ॥৬৫॥

অথেতি। দশভিঃ শরৈঃ। এবমন্যত্র। স্তনান্তরে বক্ষসি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

তমিতি। উরসি বক্ষসি আর্পয়ৎ অপীড়য়ৎ। যন্তারং সারথিম্ ॥৬৭॥

তস্যেতি। সূতে সারথৌ। বিদ্রুতা দ্রুতং রণস্থলাদ্‌গতাঃ। শরৈঃ সংবীতা ব্যাপ্তাঃ ॥৬৮॥

চেকিতানেতি। হতঃ সারথির্যস্য তম্। ভয়ং কর্তৃ ॥৬৯॥

তখন বিদীর্ণহৃদয় সেই ক্ষত্রধর্ম্মা রথ হইতে ভূতলে পতিত হইলেন। ক্রমে সেই ধৃষ্টদ্যুম্নের পুত্র নিহত হইলে, পাণ্ডবসৈন্যেরা কাঁপিতে লাগিল ॥৬৫॥

তদনন্তর মহারথ চেকিতান দ্রোণের নিকটে উপস্থিত হইয়া দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিয়া আবারও তাঁহাব বক্ষস্থল বিদ্ধ করিলেন; আব পাঁচটা বাণদ্বারা উঁহার সারথিকে এবং চারিটা বাণদ্বারা চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥৬৬॥

তখন দ্রোণাচার্য্য তিনটা বাণদ্বারা চেকিতানেব বাহুদ্বয় ও বক্ষস্থল পীড়ন করিলেন এবং সাতটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে বিনষ্ট করিয়া তিনটা বাণদ্বারা সাবথিকে বধ করিলেন ॥৬৭॥

মাননীয় বাজা! চেকিতানের সারথি নিহত হইলে, দ্রোণের শবে ব্যাপ্তদেহ অশ্বগণ তাঁহার রথখানাকে লইয়া রণস্থল হইতে দ্রুত অপসৃত হইল ॥৬৮॥

চেকিতানেব সারথি নিহত হইল এবং তাঁহার রথখানা দ্রুত চলিয়া গেল দেখিয়া পাঞ্চালগণ ও পাণ্ডবগণের গুরুতর ভয় উপস্থিত হইল ॥৬৯॥

(৬৬) অথ দ্রোণং সমারোহৎ—বঙ্গ বর্দ্ধ বা নি, চেকিতানো মহাবলঃ—বা নি। অত্রাপরেঽপি বহব এব পাঠভেদা লক্ষ্যন্তে।

তান্ সমেতান্ রণে শূরাংশ্চেদিপাঞ্চালসৃঞ্জয়ান্।
সমন্তাদ্দ্রাবয়ন্ দ্রোণো বহ্বশোভত ভারত ! ॥৭০॥
আকর্ণপলিতঃ শ্যামো বয়সাশীতিপঞ্চকঃ।
রণে পর্য্যচরদ্দ্রোণো বৃদ্ধঃ ষোড়শবর্ষবৎ ॥৭১॥
অথ দ্রোণং মহারাজ। বিচরন্তমভীতবৎ।
বজ্রহস্তমমন্যন্ত শত্রবঃ শত্রুসূদনম্ ॥৭২॥
ততোঽব্রবীন্মহাবাহুদ্রুপদো বুদ্ধিমান্ নৃপ !।
লুব্ধোঽয়ং ক্ষত্রিয়ান্ হন্তি ব্যাঘ্রঃ ক্ষুদ্রমৃগানিব ॥৭৩॥

ভারতকৌমুদী

তানিতি। সমন্তাৎ সর্বাসু দিক্ষু, দ্রাবয়ন্ মর্দ্দয়ন্। অশোভত বীরশ্রিয়া ॥৭০॥

দ্রোণং স্তৌতি। আকর্ণেতি। আকর্ণং কর্ণপর্য্যন্তপাতি পলিতং জরসা কেশশৌক্ল্যং শুক্লঃ কেশপাশো যস্য সঃ, শ্যামঃ শ্যামবর্ণদেহঃ, বয়সা জীবনকালেন, বৎসরাণামশীতিঃ পঞ্চকঞ্চ যস্য স পঞ্চাশীতিবর্ষবয়স্ক ইত্যর্থঃ। "অশীতিপঞ্চকঃ অতিবৃদ্ধতমঃ, অশীতিপঞ্চকশ্চতুঃশতাব্দ ইতি বা" ইতি নীলকণ্ঠঃ। তদসৎ, সপ্ততিবর্ষবয়স্কস্যার্জ্জুনস্য সখ্যুরশ্বত্থাম্নোঽপি কিঞ্চিন্ন্যূন-সপ্ততিবর্ষবয়স্কতায়া অবশ্যবক্তব্যতয়া ত্রিংশদধিকত্রিশতবর্ষবয়সি দ্রোণেন তজ্জননাসম্ভবাৎ। ষোড়শবর্ষবয়সি দ্রোণেনাশ্বত্থাম্নো জননন্তু সম্ভবত্যেব, অভিমন্যুনা পরীক্ষিতো জননবদিতি সুধীভির্ভাব্যম্ ॥৭১॥

অথেতি। বজ্রহস্তমিন্দ্রমমন্যন্ত অনিবার্য্যত্বাৎ ॥৭২॥

ভারতভাবদীপঃ

অপরাহ্ণ ইতি ॥১—৩৭॥ চাষঃ স্বর্ণকারঃ ॥৩৮—৪৮॥ নিষ্টানকঃ কষ্টস্বনঃ ॥৪৯॥ উরুগ্রাহ উরুস্তম্ভ ॥৫০—৭০॥ আকর্ণমুপাগতং কেশাদেঃ শৌক্ল্যং যস্য বয়সা কালপিণ্ড-

---

ভরতনন্দন ! যুদ্ধে সমবেত সেই বীর চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়দিগকে সকল দিকে পীড়ন করিতে থাকিয়া দ্রোণ বীরশোভায় গুরুতর শোভা পাইতে লাগিলেন ॥৭০॥

পক্ক কেশকলাপ কর্ণপর্যন্ত পড়িয়াছিল, দেহ শ্যামবর্ণ ছিল এবং বয়স পঁচাশী বৎসর হইয়াছিল, এইরূপ বৃদ্ধ হইয়াও দ্রোণ ষোড়শবর্ষবয়স্ক যুবার ন্যায় যুদ্ধে বিচরণ করিতেছিলেন ॥৭১॥

মহারাজ ! দ্রোণ নির্ভয়ের ন্যায় সেইরূপ বিচরণ করিতে লাগিলে, শত্রুরা সেই শত্রুসূদনকে বজ্রপাণি ইন্দ্র বলিয়া মনে করিতেছিল ॥৭২॥

---

(৭১) আকর্ণপলিতশ্যামঃ—পি বঙ্গ বর্দ্ধ,…বয়সাশীতিকাপরঃ—পি,…বয়সাশীতিপঞ্চ চ—বঙ্গ বর্দ্ধ। (৭৩) ততোঽব্রবীন্মহারাজ।…নৃপঃ—পি বঙ্গ বর্দ্ধ।

কৃচ্ছ্রান্ দুর্য্যোধনো লোকান্ পাপঃ প্রাপ্স্যতি দুর্ম্মতিঃ।
যস্য লোভাদ্বিনিহতাঃ সমরে ক্ষত্রিয়র্ষভাঃ ॥৭৪॥
শতশঃ শেরতে ভূমৌ নিকৃত্তা গোবৃষা ইব।
রুধিরেণ পরীতাঙ্গাঃ শ্বশৃগালাদনীকৃতাঃ ॥৭৫॥
এবমুক্ত্বা মহারাজ। দ্রুপদোঽক্ষৌহিণীপতিঃ।
পুরস্কৃত্য রণে পার্থান্ দ্রোণমভ্যদ্রবদ্দ্রুতম্ ॥৭৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্রোণপরাক্রমে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ॥ *

ভারতকৌমুদী

তত ইতি। লুব্ধো দুর্য্যোধনাদর্থলোভী। কথমন্যথা ঈদৃশী প্রবৃত্তিরিতি ভাবঃ ॥৭৩॥
কৃচ্ছ্রানিতি। কৃচ্ছ্রান্ কষ্টকরান্, লোকান্ নরকান্। লোভাৎ রাজ্যস্য ॥৭৪॥
শতশ ইতি। নিকৃত্তাশ্ছিন্নাঃ, গোবৃষাঃ প্রধানা গাবঃ। পরীতাঙ্গা আপ্লুতগাত্রাঃ। শুনাং কুক্কুরাণাং শৃগালানাঞ্চ অদনীকৃতা দ্রোণেনৈব খাদ্যীকৃতাঃ। অদনমিতি কর্ম্মণি যুট্ ॥৭৫॥
এবমিতি। পার্থান্ পাণ্ডবান্, অভ্যদ্রবৎ যোদ্ধুমভ্যধাবৎ ॥৭৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সংযোগেন, অশীতিপঞ্চকঃ অতিবৃদ্ধতমঃ, অশীতিপঞ্চকঃ চতুঃশতাব্দ ইতি বা ॥৭১—৭৫॥
পার্থান্ অপনয়ন্ ॥৭৬॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৯॥

রাজা! তাহার পর মহাবাহু ও বুদ্ধিমান্ দ্রুপদ বলিলেন—'ব্যাঘ্র যেমন ক্ষুদ্র মৃগ বধ করে, সেইরূপ এই লুব্ধ ব্রাহ্মণ ক্ষত্রিয় বধ করিতেছে ॥৭৩॥

যাহার লোভে ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা যুদ্ধে নিহত হইয়াছেন, সেই পাপাত্মা ও দুর্বুদ্ধি দুর্য্যোধন নিশ্চয়ই কষ্টজনক নরকে যাইবে ॥৭৪॥

হায়! ছিন্ন প্রধান প্রধান বৃষের ন্যায় রক্তলিপ্তদেহ শত শত ক্ষত্রিয় কুকুর ও শৃগাল প্রভৃতির খাদ্য হইযা ভূতলে শযন করিয়া রহিয়াছেন' ॥৭৫॥

মহারাজ! অক্ষৌহিণীপতি দ্রুপদ এইরূপ বলিয়া পাণ্ডবগণকে অগ্রবর্ত্তী করিয়া দ্রোণের দিকে সত্বর ধাবিত হইলেন' ॥৭৬॥

* '... ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...'—বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...'—বা রা নি।

দশাধিকশততমোঽধ্যায়ঃ।

——(ঃ*ঃ)——

সঞ্জয় উবাচ।

ব্যূহেম্বালোড্যমানেষু পাণ্ডবানাং ততস্ততঃ।
সুদূরমন্বয়ুঃ পার্থাঃ পাঞ্চালাঃ সোমকৈঃ সহ ॥১॥
বর্ত্তমানে তথা রৌদ্রে সংগ্রামে লোমহর্ষণে।
প্রক্ষয়ে জগতস্তীব্রে যুগান্ত ইব ভারত! ॥২॥
দ্রোণে যুধি পরাক্রান্তে নর্দ্দমানে মুহুর্মুহুঃ।
পাঞ্চাল্যেষু চ ক্ষীণেষু বধ্যমানেষু পাণ্ডুষু ॥৩॥
নাপশ্যচ্ছরণং কঞ্চিদ্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
চিন্তয়ামাস রাজেন্দ্রঃ কথমেতদ্ভবিষ্যতি ॥৪॥ (বিশেষকম্)
তত্রাবেক্ষ্য দিশঃ সর্ব্বাঃ সব্যসাচিদিদৃক্ষয়া।
যুধিষ্ঠিরো দদর্শাথ নৈব পার্থং ন মাধবম্ ॥৫॥

ভারতকৌমুদী

ব্যূহেম্বিতি। আলোড্যমানেষু দ্রোণেন মর্দ্দ্যমানেষু। সুদূরং দ্রোণাদেব ॥১॥

বর্ত্তমান ইতি। প্রক্ষয়ে জায়মানে, যুগান্তে প্রলয়কালে। নর্দ্দমানে সিংহনাদং কুর্ব্বতি। শরণং রক্ষকম্। এতদ্যুদ্ধং কথং ভবিষ্যতি, মৎপক্ষে দ্রোণপ্রতিপক্ষাভাবাৎ ॥২—৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দ্রোণ নানাস্থানে পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে লাগিলে, পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সোমকগণের সহিত অতিদূরে সরিয়া গেলেন ॥১॥

ভরতনন্দন! সেইরূপ ভয়ঙ্কর ও লোমহর্ষণ যুদ্ধ চলিতে লাগিলে, প্রলয়-কালের ন্যায় দারুণ লোকক্ষয় হইতে থাকিলে, পরাক্রমশালী দ্রোণ যুদ্ধে মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলে, পাঞ্চালসৈন্যগণ ক্ষয় পাইতে থাকিলে এবং পাণ্ডবসৈন্যগণও নিহত হইতে লাগিলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির কোন রক্ষক দেখিতে পাইলেন না; তখন সেই রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির চিন্তা করিলেন—'কি করিয়া এ যুদ্ধ হইবে' ॥২—৪॥

---

(১)…সহ সোমকৈঃ—পি বা নি। (২) সংক্ষয়ে জগতস্তীব্রে—বা নি। (৩)… বধ্যমানেষু যোধেষু পাণ্ডবেষু চ ভারত!—পি। (৪)… চিন্তয়ামাস ধর্ম্মাত্মা—পি,…চিন্তয়ামাস রাজেন্দ্র!—বা নি। (৫) ততো বীক্ষ্য—পি বা নি।

সোঽপশ্যন্ নরশার্দ্দূলং বানরর্ষভলক্ষণম্ ।
গাণ্ডীবস্য চ নির্ঘোষমশৃণ্বন্ ব্যথিতেন্দ্রিয়ঃ ॥৬॥
অপশ্যন্ সাত্যকিঞ্চাপি বৃষ্ণীনাং প্রবরং রথম্ ।
চিন্তয়াভিপরীতাঙ্গো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
নাধ্যগচ্ছত্তদা শান্তিং তাবপশ্যন্ নরর্ষভৌ ॥৭॥
লোকোপক্রোশভীরুত্বাদ্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
অচিন্তয়ন্মহাবাহুঃ শৈনেয়স্য রথং প্রতি ॥৮॥
পদবীং প্রেষিতশ্চৈব ফাল্গুনস্য মহারণে ।
শৈনেয়ঃ সাত্যকিঃ শূরো মিত্রাণামভয়ঙ্করঃ ॥৯॥

ভাবতকৌমুদী

তত্রেতি। সব্যসাচিদিদৃক্ষয়া অর্জ্জুনদর্শনেচ্ছয়া। পার্থমর্জ্জুনম্, মাধবং কৃষ্ণম্ ॥৫॥

স ইতি। নরশার্দ্দূলমর্জ্জুনম্, বানরর্ষভো লক্ষণং ধ্বজচিহ্নং যস্য তম্। ব্যথিতেন্দ্রিয়োঽভবৎ ॥৬॥

অপশ্যন্নিতি। রথং রথিনম্। অভিপরীতাঙ্গো ব্যাপ্তচিত্তঃ। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

লোকেতি। লোকোপক্রোশো লোকাপবাদস্তদ্ভীরুত্বাৎ ॥৮॥

পদবীমিতি। পদবীং পন্থানম্, ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥৯॥

তখন যুধিষ্ঠির অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় সকল দিকে দৃষ্টিপাত করিয়া অর্জ্জুন বা কৃষ্ণ ইহার কাঁহাকেও দেখিতে পাইলেন না ॥৫॥

তিনি নরশ্রেষ্ঠ ও কপিধ্বজ অর্জ্জুনকে না দেখিয়া এবং গাণ্ডীবের শব্দ শুনিতে না পাইয়া গুরুতর দুঃখিতচিত্ত হইলেন ॥৬॥

আর বৃষ্ণিবংশের মধ্যে প্রধান রথী সাত্যকিকে না দেখিয়া এবং নরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুনকেও দেখিতে না পাইয়া চিন্তায় আকুলচিত্ত হইয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির তখন শান্তি পাইতে লাগিলেন না ॥৭॥

মহাবাহু ধর্ম্মরাজ যুধিষ্ঠির লোকাপবাদের ভয়ে ক্রমে সাত্যকির রথের বিষয়েই অধিক চিন্তা করিতে লাগিলেন—॥৮॥

'সুহৃদ্‌গণের অভয়দাতা শিনিবংশনন্দন বীর সাত্যকিকে আমি মহাযুদ্ধে অর্জ্জুনের পথে প্রেরণ করিয়াছি ॥৯॥

---

(৬)…বরবানরকেতনম্…নাশৃণোদ্ব্যথিতেন্দ্রিয়ঃ—পি। (৯)…মহাম্বধে—পি।

তদিদং হ্যেকমেবাসীদ্দ্বিধা জাতং মনোঽস্য মে।
সাত্যকিশ্চ হি মে জ্ঞেয়ঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ ॥১০॥
সাত্যকিং প্রেষয়িত্বা তু পাণ্ডবস্য পদানুগম্।
সাত্বতস্যাপি কং যুদ্ধে প্রেষয়িষ্যে পদানুগম্ ॥১১॥
করিষ্যামি প্রযত্নেন ভ্রাতুরন্বেষণং যদি।
যুযুধানমনন্বিষ্য লোকো মাং গর্হয়িষ্যতি ॥১২॥
ভ্রাতুরন্বেষণং কৃত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠির।
পরিত্যজতি বার্ষ্ণেয়ং সাত্যকিং সত্যবিক্রমম্ ॥১৩॥
লোকাপবাদভীরুত্বাৎ সোঽহং পার্থং বৃকোদরম্।
পদবীং প্রেষয়িষ্যামি মাধবস্য মহাত্মনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তদিতি। একম্ একার্জ্জুনচিন্তাকুলম্, দ্বিধা চিন্তাদ্বয়ান্বিতম্ ॥১০॥
সাত্যকিমিতি। পাণ্ডবস্যার্জ্জুনস্য, পদানুগং স্থানানুচরম্। সাত্বতস্য সাত্যকেঃ ॥১১॥
করিষ্যামীতি। ভ্রাতুরর্জ্জুনস্য। যুযুধানং সাত্যকিম্ ॥১২॥
গর্হাপ্রকারমাহ ভ্রাতুরিতি। পবিত্যজতি অন্বেষণবিষয়ে ॥১৩॥
লোকেতি। পার্থং পৃথাপুত্রম্। পদবীং পন্থানম্, মাধবস্য সাত্যকেঃ ॥১৪॥

সুতরাং পূর্ব্বে আমার মন একচিন্তায় আকুল ছিল, এখন দুই চিন্তায় আকুল হইয়াছে। সুতরাং সাত্যকির সংবাদও লইতে হইবে এবং অর্জ্জুনের বার্ত্তাও জানিতে হইবে ॥১০॥

'অর্জ্জুনেব পিছনে সাত্যকিকে পাঠাইয়া এখন সাত্যকিব পিছনে কাহাকে পাঠাই? ॥১১॥

আমি যদি সাত্যকিব অন্বেষণ না কবিয়া যত্নপূর্ব্বক কেবল ভ্রাতা অর্জ্জুনেরই অন্বেষণ কবি, তবে লোকে আমাকে নিন্দা কবিবে ॥১২॥

'ধর্ম্মরাজ যুধিষ্ঠির ভ্রাতার অন্বেষণ কবিয়া যথার্থবিক্রমশালী বৃষ্ণিবংশীয় সাত্যকিকে পরিত্যাগ কবিলেন (অন্বেষণ করিলেন না' এই কথা লোকে বলিবে) ॥১৩॥

সুতরাং আমি লোকাপবাদের ভয় করি বলিয়া মহাত্মা সাত্যকির পথে পৃথানন্দন ভীমসেনকে প্রেরণ কবিব ॥১৪॥

(১০) দ্বৈধং চিত্তমিদং মেঽস্য পার্থসাত্বতয়োঃ কৃতে—পি,...দ্বিধা জাতং মমাস্য বৈ—বা নি। (১২)...লোকো মাং গর্হয়েত্ততঃ—পি। (১৩) সাত্বতং সত্যবিক্রমম্—পি। (১৪) লোকাপবাদভীতত্বাৎ—বঙ্গ বর্দ্ধ।

যথৈব চ মম প্রীতিরর্জ্জুনে শত্রুসূদনে।
তথৈব বৃষ্ণিবীরেঽপি সাত্বতে যুদ্ধদুর্ম্মদে ॥১৫॥
অতিভারে নিযুক্তশ্চ ময়া শৈনেয়নন্দনঃ।
স তু মিত্রোপরোধেন গৌরবাচ্চ মমানঘঃ।
প্রবিষ্টো ভারতীং সেনাং মকরঃ সাগরং যথা ॥১৬॥
অসৌ হি শ্রূয়তে শব্দঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
মিথঃ সংযুধ্যমানানাং বৃষ্ণিবীরেণ ধীমতা ॥১৭॥
প্রাপ্তকালস্তু বলবন্নিশ্চিতং বহুধা হি মে।
তত্র বৈ পাণ্ডবেয়স্য ভীমসেনস্য ধন্বিনঃ।
গমনং রোচতে মহ্যং যত্র যাতৌ মহারথৌ ॥১৮॥
ন চাপ্যশক্যং ভীমস্য বিদ্যতে ভুবি কিঞ্চন।
শক্তো হ্যেষ রণে যত্তঃ পৃথিব্যাং সর্বধন্বিনাম্।
স্ববাহুবলমাশ্রিত্য প্রতিব্যূহিতুমঞ্জসা ॥১৯॥

ভারতকৌমুদী

যথেতি। শত্রুসূদনে শত্রুদমনে। সাত্বতে সাত্যকৌ ॥১৫॥

অতীতি। অতিভারে অতিদুষ্করব্যাপারে। ভারতীং কৌরবীম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥

অসাবিতি। মিথঃ পরস্পরম্, বৃষ্ণিবীরেণ সাত্যকিনা সহ ॥১৭॥

প্রাপ্তেতি। প্রাপ্তকালং কালোচিতম্, বলবদ্দৃঢ়ম্। মহারথৌ অর্জ্জুনসাত্যকী। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৮॥

শত্রুসূদন অর্জ্জুনের উপরে আমার যেরূপ প্রীতি রহিয়াছে, বৃষ্ণিবীর ও যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকির উপরেও আমার সেইরূপ প্রীতিই আছে ॥১৫॥

আমি অতিদুষ্কর কার্য্যে সাত্যকিকে নিযুক্ত করিয়াছি; আবার সেই নিষ্পাপ সাত্যকিও সুহৃদের সাহায্যের জন্য এবং আমার গৌরবে—মকর যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥১৬॥

বৃষ্ণিবীর ও বুদ্ধিমান্ সাত্যকির সহিত যুধ্যমান অনিবর্ত্তী বীরগণের ঐ পরস্পর কোলাহল শুনা যাইতেছে ॥১৭॥

আমি বহু বিবেচনা করিয়া কালোচিত এই বিষয় দৃঢ় নিশ্চয় করিয়াছি যে, মহারথ অর্জ্জুন ও সাত্যকি যেখানে গিয়াছেন, ধনুর্দ্ধর পাণ্ডুনন্দন ভীমসেনেরও সেইখানেই গমন করা উচিত ॥১৮॥

(১৫) যথৈব মে পুরা প্রীতিঃ—পি। (১৮)·· বলবন্নিশ্চিত্য—পি বঙ্গ বর্দ্ধ। (১৯) ন চাপ্যসহ্যম্—পি বা নি,···সর্বধন্বিনঃ···ভীমসেনোঽরিমর্দ্দনঃ—পি।

যস্য বাহুবলং সর্ব্বে সমাশ্রিত্য মহাত্মনঃ।
বনবাসান্নিবৃত্তাঃ স্মো ন চ যুদ্ধেষু নির্জ্জিতাঃ ॥২০॥
ইতো গতে ভীমসেনে সাত্বতং প্রতি পাণ্ডবে।
সনাথৌ ভবিতারৌ হি যুধি সাত্যকিফাল্গুনৌ ॥২১॥
কামং ত্বশোচনীয়ৌ তৌ রণে ফাল্গুনসাত্যকী।
রক্ষিতৌ বাসুদেবেন স্বয়ঞ্চাস্ত্রবিশারদৌ ॥২২॥
অবশ্যন্তু ময়া কার্য্যমাত্মনঃ শোকনাশনম্।
তস্মাদ্ভীমং নিযোক্ষ্যামি সাত্বতস্য পদানুগম্।
ততঃ প্রতিকৃতং মন্যে বিধানং সাত্যকিং প্রতি ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। যত্তো যত্নবান্ সন্। প্রতিব্যূহিতুং ব্যূহপ্রতিপক্ষে গন্তুম্, অঞ্জসা দ্রুতম্ ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

যস্যেতি। স্মো বয়ম্। যুদ্ধেষু দ্রৌপদ্যাঃ স্বয়ংবরকালীনাদিষু ॥২০॥

ইত ইতি। সাত্বতং সাত্যকিম্। সনাথৌ সরক্ষকৌ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২১॥

আত্মানমাশ্বাসয়তি কামমিতি। কামং পর্য্যাপ্তম্ ॥২২॥

অবশ্যমিতি। শোকনাশনমুদ্বেগনিবৃত্তিঃ প্রতিকৃতং সর্বথা বিহিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥

জগতে ভীমের অসাধ্য কিছুই নাই। কারণ, ইনি চেষ্টা করিলে আপন বাহুবল অবলম্বন করিয়াই পৃথিবীতে সমস্ত ধনুর্দ্ধরব্যূহের প্রতিপক্ষে দ্রুত গমন করিতে সমর্থ হন ॥১৯॥

যে মহাত্মার বাহুবল অবলম্বন করিয়া আমরা সকলে বনবাস হইতে ফিরিয়া আসিয়াছি, কোন যুদ্ধেও পরাজিত হই নাই ॥২০॥

পাণ্ডুনন্দন ভীমসেন এস্থান হইতে সাত্যকির দিকে গমন করিলে, সাত্যকি ও অর্জ্জুন যুদ্ধে সহায়সম্পন্ন হইবেন ॥২১॥

যুদ্ধে অর্জ্জুন ও সাত্যকির বিষয়ে কোন প্রকারেই আমার শোক করিবার হেতু নাই। কারণ, কৃষ্ণ তাঁহাদিগকে রক্ষা করিতেছেন; বিশেষতঃ তাঁহারা নিজেরাও অস্ত্রে বিচক্ষণ ॥২২॥

তবে অবশ্যই আমার নিজের উদ্বেগ নিবৃত্তি করা উচিত। অতএব আমি ভীমকে সাত্যকির অনুচর নিযুক্ত করিব। তাহা হইলে, সাত্যকির বিষয়ে উপযুক্ত কার্য্যই করা হইবে বলিয়া মনে করি' ॥২৩॥

---

(২০) ..নিবৃত্তাঃ স্ম ন চ - বঙ্গ বর্দ্ধ বা নি। (২২) কামং ন শোচনীয়ৌ—বর্দ্ধ।

এবং নিশ্চিত্য মনসা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
যন্তারমব্রবীদ্রাজা ভীমং প্রতি নয়স্ব মাম্ ॥২৪॥
ধর্ম্মরাজবচঃ শ্রুত্বা সারথির্হয়কোবিদঃ ।
রথং হেমপরিষ্কারং ভীমান্তিকমুপানয়ৎ ॥২৫॥
ভীমসেনমনুপ্রাপ্য প্রাপ্তকালমনুস্মরন্ ।
কশ্মলং প্রাবিশদ্রাজা তত্তদ্বহু সমাদিশন্ ॥২৬॥
স কশ্মলসমাবিষ্টো ভীমমাহূয় পার্থিবঃ ।
অব্রবীদ্বচনং রাজন্ ! কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥২৭॥
যঃ স দেবান্ সগন্ধর্ব্বান্ দৈত্যাংশ্চৈকরথোঽজয়ৎ ।
তস্য লক্ষ্ম ন পশ্যামি ভীমসেনানুজস্য তে ॥২৮॥
ততোঽব্রবীদ্ধর্ম্মরাজং ভীমসেনস্তথাগতম্ ।
নৈবাদ্রাক্ষং ন চাশ্রৌষং তব কশ্মলমীদৃশম্ ॥২৯॥

ভারতকৌমুদী

এবমিতি। যন্তারং নিজসারথিম্ ॥২৪॥
ধর্ম্মেতি। হয়কোবিদঃ অশ্বচালনাদৌ দক্ষঃ। হেম্না পরিষ্কারঃ শোভা যস্য তম্ ॥২৫॥
ভীমেতি। প্রাপ্তকালং কালোচিতং প্রেষণম্। কশ্মলং স্নেহাতিরেকান্মোহম্ ॥২৬॥
স ইতি। কশ্মলসমাবিষ্টো ভ্রাতৃস্নেহান্মোহাকুলতাপ্রাপ্তঃ ॥২৭॥
য ইতি। দেবান্ খাণ্ডবদাহে, দৈত্যান্ নিবাতকবচাদীন্। লক্ষ্ম ধ্বজচিহ্নম্ ॥২৮॥

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির মনে মনে এইরূপ স্থির করিয়া সারথিকে বলিলেন— 'আমাকে ভীমের নিকট লইয়া চল' ॥২৪॥

যুধিষ্ঠিরের বাক্য শুনিয়া অশ্বশাস্ত্রবিশারদ সারথি স্বর্ণশোভিত রথখানাকে ভীমের নিকট লইয়া গেল ॥২৫॥

তখন যুধিষ্ঠির ভীমের নিকট উপস্থিত হইয়া কালোচিত কর্ত্তব্য স্মরণ করিয়া সেই সেই বহু বিষয় আদেশ করিবার পক্ষে আকুলচিত্ত হইলেন ॥২৬॥

রাজা ! কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির ভ্রাতৃস্নেহে আকুল হইয়া ভীমসেনকে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥২৭॥

'ভীমসেন ! সেই যিনি একরথে গন্ধর্ব্বগণের সহিত দেবগণকে এবং দৈত্যগণকে জয় করিয়াছিলেন, তোমার সেই কনিষ্ঠ ভ্রাতার চিহ্ন দেখিতে পাইতেছি না ।' ॥২৮॥

---

(২৮) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ'—নি। (২৯) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'ভীমসেন উবাচ'—বঙ্গ বর্দ্ধ।

পুরা হি দুঃখদীর্ণানাং ভবান্ গতিরভূদ্ধি নঃ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ রাজেন্দ্র! শাধি কিং করবাণি তে ॥৩০॥
ন হ্যসাধ্যমকার্য্যং বা বিদ্যতে মম মানদ!।
আজ্ঞাপয় কুরুশ্রেষ্ঠ! মা চ শোকে মনঃ কৃথাঃ ॥৩১॥
তমব্রবীদশ্রুপূর্ণঃ কৃষ্ণসর্প ইব শ্বসন্।
ভীমসেনমিদং বাক্যং প্রম্লানবদনো নৃপঃ ॥৩২॥
শ্রূয়তে পাঞ্চজন্যস্য যথা শঙ্খস্য নিস্বনঃ।
পূরিতো বাসুদেবেন সংরব্ধেন যশস্বিনা ॥৩৩॥
নূনমদ্য হতঃ শেতে তব ভ্রাতা ধনঞ্জয়ঃ।
তস্মিন্ বিনিহতে নূনং যুধ্যতেঽসৌ জনার্দ্দনঃ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। তথা গতং মোহেনোপবিষ্টম্, উত্তিষ্ঠোত্তিষ্ঠেতি পরত্রাভিধানাৎ ॥২৯॥
পুরেতি। পুরা অর্জ্জুনস্যাস্ত্রশিক্ষার্থস্বর্গগমনাদিকালে। শাধি উপদিশ ॥৩০॥
নেতি। হে মানদ! মাননীয়ানাং মানকারক!। মা কৃথা ন কুরু ॥৩১॥
তমিতি। অশ্রুপূর্ণঃ, অর্জ্জুনানিষ্টাশঙ্কাবশাদেবেতি ভাবঃ ॥৩২॥
শ্রূয়ত ইতি। পূরিতো মুখবায়ুপূরণেন জনিতঃ, সংরব্ধেন ক্রুদ্ধেন। নূনং ধ্রুবম্ ॥৩৩-৩৪॥

তখন ভীমসেন মোহে উপবিষ্ট যুধিষ্ঠিরকে বলিলেন—'আমি আপনার এরূপ মোহ কখনও দেখি নাই, বা শুনিও নাই ॥২৯॥

রাজশ্রেষ্ঠ! পূর্ব্বে আমরা যখন দুঃখে আকুল হইয়া পড়িতাম, তখন আপনিই আমাদিগকে আশ্বস্ত করিতেন। অতএব আপনি উঠুন উঠুন, আদেশ করুন, আমি আপনার কি করিব ॥৩০॥

মানী লোকের সম্মানকারক কৌরবশ্রেষ্ঠ! জগতে আমার অসাধ্য বা অকর্ত্তব্য কোন কার্য্য নাই। সুতরাং আপনি আদেশ করুন, শোকের দিকে মন দিবেন না' ॥৩১॥

তখন অশ্রুপূর্ণনয়ন ও মলিনবদন যুধিষ্ঠির কৃষ্ণসর্পের ন্যায় নিঃশ্বাস ত্যাগ করিতে থাকিয়া ভীমসেনকে এই কথা বলিলেন—॥৩২॥

'ভীমসেন! যশস্বী কৃষ্ণ ক্রুদ্ধ হইয়া পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি করিতেছেন, তাহা যখন শুনা যাইতেছে, তখন নিশ্চয়ই তোমার ভ্রাতা অর্জ্জুন নিহত হইয়া শয়ন করিয়াছেন এবং তিনি নিহত হওয়ায় নিশ্চয়ই কৃষ্ণ যুদ্ধ করিতেছেন ॥৩৩—৩৪॥

(৩১) অতঃ পরম্, 'সঞ্জয় উবাচ'—নি। (৩২)…কৃষ্ণোরগ ইব—পি।

যস্য সত্ত্ববতো বীর্য্যমুপজীবন্তি পাণ্ডবাঃ।
যং ভয়েষ্বনুগচ্ছন্তি সহস্রাক্ষমিবামরাঃ ॥৩৫॥
স শূরঃ সৈন্ধবপ্রেপ্সুরন্বয়াদ্ভারতীং চমূম্।
তস্য বৈ গমনং বিদ্মো ভীম! নাবর্ত্তনং পুনঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
শ্যামো যুবা গুড়াকেশো দর্শনীয়ো মহাভুজঃ।
ব্যূঢ়োরস্কো বৃষস্কন্ধো মত্তবারণবিক্রমঃ ॥৩৭॥
চকোরনেত্রস্তাম্রাক্ষো দ্বিষতামঘবর্দ্ধনঃ।
তদিদং মম ভদ্রং তে শোকস্থানমরিন্দম! ॥৩৮॥ (যুগ্মকম্)
অর্জ্জুনার্থং মহাবাহো! সাত্বতস্য চ কারণাৎ।
বর্দ্ধতে হবিষেবাগ্নিরিধ্যমানঃ পুনঃ পুনঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

যস্যেতি। সত্ত্ববতো বলবতঃ। সহস্রাক্ষমিন্দ্রম্। সঃ অর্জ্জুনঃ, সৈন্ধবপ্রেপ্সুর্জয়দ্রথং গ্রহীতুমিচ্ছুঃ, অন্বয়াৎ অন্বগচ্ছৎ, ভারতীং কৌরবীম্। বিদ্মো জানীমঃ ॥৩৫—৩৬॥

শ্যাম ইতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা সর্বদা সতর্ক ইত্যর্থঃ। ব্যূঢ় দৃঢ়বিশালম্ উরো বক্ষো যস্য সঃ। অঘবর্দ্ধনঃ শোকবর্দ্ধনঃ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৭—৩৮॥

অর্জ্জুনেতি। সাত্বতস্য সাত্যকেঃ। বর্দ্ধতে শোক ইতি শেষঃ। ইধ্যমানো দীপ্যমানঃ ॥৩৯॥

ভীম! পাণ্ডবেরা যে বলবানের বল অবলম্বন করিয়া বহিয়াছেন এবং দেবতারা যেমন ভয় উপস্থিত হইলে ইন্দ্রের অনুসরণ করেন সেইরূপ পাণ্ডবেরা ভয় উপস্থিত হইলে যাঁহার অনুসরণ করিয়া থাকেন, সেই বীর (অর্জ্জুন) জয়দ্রথকে আক্রমণ করিবার ইচ্ছায় কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন। কিন্তু তাঁহার গমনের বিষয়ই জানি, ফিরিয়া আসিবার বিষয় আর জানি না ॥৩৫—৩৬॥

তিনি শ্যামবর্ণ, যুবক, সর্ব্বদা সতর্ক, সুদৃশ্যমূর্ত্তি, মহাবাহু, দৃঢ় ও বিশালবক্ষা, বৃষের ন্যায় উন্নতস্কন্ধ, মত্ত হস্তীর ন্যায় বিক্রমশালী, চকোরের ন্যায় সুন্দর ও তাম্রনয়ন এবং শত্রুগণের শোকবর্দ্ধক। অরিন্দম! তাঁহার এই ঘটনাই আমার শোকের কারণ। তোমার মঙ্গল হউক ॥৩৭—৩৮॥

মহাবাহু! ঘৃতদ্বারা প্রজ্জ্বালিত করিলে অগ্নি যেমন বৃদ্ধি পায়, সেইরূপ অর্জ্জুন ও সাত্যকির জন্য আমার শোক অতিশয় বৃদ্ধি পাইতেছে ॥৩৯॥

---

(৩৫) হ্যুপজীবন্তি⋯অভিগচ্ছন্তি,—বা নি। (৩৭)⋯দর্শনীয়ো মহারথঃ। ব্যূঢোরস্কো মহাবাহুঃ—বঙ্গ বর্দ্ধ বা নি।

তস্য লক্ষ্ম ন পশ্যামি তেন বিন্দামি কশ্মলম্।
তং বিদ্ধি পুরুষব্যাঘ্রং সাত্বতঞ্চ মহারথম্ ॥৪০॥
স তং মহারথং পশ্চাদনুযাতস্তবানুজম্।
তমপশ্যন্ মহাবাহুমহং বিন্দামি কশ্মলম্ ॥৪১॥
পার্থে তস্মিন্ হতে চৈব যুধ্যতে নূনমগ্রণীঃ।
সহায়ো নাস্য বৈ কশ্চিত্তেন বিন্দামি কশ্মলম্ ॥৪২॥
একঃ কৃষ্ণো রণে নূনং যুধ্যতে যুদ্ধদুর্ম্মদঃ।
যস্য বীর্য্যবতো বীর্য্যমুপজীবন্তি পাণ্ডবাঃ ॥৪৩॥
নহি শুধ্যতি মে ভাবস্তয়োবেবং পরন্তপ!।
স তত্র গচ্ছ কৌন্তেয়! যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥৪৪॥
সাত্যকিশ্চ মহাবীর্য্যঃ কর্ত্তব্যং যদি মন্যসে।
বচনং মম ধর্ম্মজ্ঞ! জ্যেষ্ঠো ভ্রাতা ভবামি তে ॥৪৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তস্যেতি। লক্ষ্ম চিহ্নম্। বিন্দামি প্রাপ্নোমি, কশ্মলং মোহম্ ॥৪০॥
স ইতি। স আসক্তিবশাৎ সাত্যকিঃ। অনুজমর্জ্জুনম্। তং সাত্যকিম্ ॥৪১॥
পার্থ ইতি। পার্থে অর্জ্জুনে। অগ্রণীর্বীরাণামগ্রগণ্যঃ কৃষ্ণঃ ॥৪২॥
নন্থ বীরাণামগ্রণীত্বাত্তত্র কিং ভয়মিত্যাহ এক ইতি। একো নিঃসহায়ঃ ॥৪৩॥
নহীতি। শুধ্যতি প্রসীদতি, ভাব আত্মা। সাত্যকিশ্চ যত্র যাত ইতি সম্বন্ধঃ ॥ ৪৪—৪৫॥

তাঁহাদেব চিহ্ন দেখিতেছি না, সেই জন্যই উদ্বেগে আকুল হইয়াছি। অতএব ভীম! তুমি সেই পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনের ও মহাবথ সাত্যকিব সংবাদ অবগত হও ॥৪০॥

সেই সাত্যকি পরে তোমাব কনিষ্ঠভ্রাতা মহাবথ অর্জ্জুনের অনুসবণ কবিযাছেন; আমি সেই মহাবাহুকেও না দেখিযা উদ্বেগে আকুল হইযাছি ॥৪১॥

নিশ্চযই অর্জ্জুন নিহত হইলে পব বীবাগ্রগণ্য কৃষ্ণ যুদ্ধ কবিতেছেন; অথচ উঁহাব কেহই সহায নাই। তাহাতেই আমি উদ্বেগে বিহ্বল হইযা পডিয়াছি ॥৪২॥

পাণ্ডবেরা যে বলবানের বল অবলম্বন করিয়া বহিযাছেন, সেই যুদ্ধদুর্দ্ধর্ষ কৃষ্ণ নিশ্চযই একাকী বণস্থলে যুদ্ধ কবিতেছেন ॥৪৩॥

ন তেঽর্জ্জুনস্তথা জ্ঞেযো জ্ঞাতব্যঃ সাত্যকির্যথা।
চিকীর্ষুর্মৎপ্রিয়ং পার্থ! স যাতঃ সব্যসাচিনঃ।
পদবীং দুর্গমাং ঘোরামগম্যামকৃতাত্মভিঃ ॥৪৬॥
দৃষ্ট্বা কুশলিনৌ কৃষ্ণৌ সাত্বতঞ্চৈব সাত্যকিম্।
সংবিদং মম কুর্য্যাস্ত্বং সিংহনাদেন পাণ্ডব। ॥৪৭॥

ভীম উবাচ।

ব্রহ্মেশানেন্দ্রবরুণানবহদ্ যঃ পুরা রথঃ।
তমাস্থায় গতৌ কৃষ্ণৌ ন তয়োর্বিদ্যতে ভয়ম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ। অকৃতাত্মভির্যুদ্ধশিক্ষায়ামকৃতযত্নৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

দৃষ্ট্বেতি। সংবিদং সঙ্কেতম্, "সংবিৎ সঙ্কেতকেঽপি স্যাৎ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৪৭॥

ব্রহ্মেতি। ঈশানঃ শিবঃ। আস্থায আরুহ্য, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৪৮॥

ভাবতভাবদীপঃ

ব্যূহেষ্বিতি ॥১—৫॥ বানবর্ষভলক্ষণং বানরপ্রধানং ধ্বজম্, বরবানবকেতনমিতি পাঠো বা ॥৬—১২॥ সত্যো দৃঢপ্রতিজ্ঞঃ ॥১৮—২২॥ সাত্যকিং প্রতি বিধানং কৃতমিত্যন্বয়ঃ ॥২৩—৩৭॥ চকোরনেত্রো রক্তান্তায়তনযনঃ, তাম্রাস্যো বক্তগৌরমুখঃ ॥৩৮—৪৬॥ সংবিদং

অতএব পরন্তপ কুন্তীনন্দন! তাঁহাদের এই অবস্থা চলিতে থাকায় আমাব মন শুদ্ধ (নিরুদ্বেগ) হইতেছে না। ভীম! আমি তোমাব জ্যেষ্ঠভ্রাতা হই। সুতরাং ধর্ম্মজ্ঞ! তুমি যদি আমাব বাক্য বক্ষণীয় বলিয়া মনে কর, তবে মহাবীর অর্জ্জুন ও সাত্যকি যেখানে বহিয়াছেন, তুমি সেইখানে যাও ॥৪৪—৪৫॥

পৃথানন্দন! তোমাব যেভাবে সাত্যকিব সংবাদ জানিতে হইবে, সেভাবে অর্জ্জুনের সংবাদ জানিতে হইবে না। সাত্যকি আমাব প্রিয়কার্য করিবার ইচ্ছা করিয়া যুদ্ধানভিজ্ঞ লোকের অগম্য ভয়ঙ্কর দুর্গম অর্জ্জুনের পথে গিয়াছেন ॥৪৬॥

পাণ্ডুনন্দন! তুমি—কৃষ্ণ, অর্জ্জুন ও সাত্যকিকে কুশলী দেখিয়া সিংহনাদ করিয়া আমাকে সেই সঙ্কেত জানাইবে ॥৪৭॥

ভীম বলিলেন—'মহারাজ! যে রথ পূর্ব্বে ব্রহ্মা, রুদ্র, ইন্দ্র ও বরুণকে বহন করিত, সেই রথে আরোহণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুন গিয়াছেন। সুতরাং তাঁহাদের কোন ভয় নাই ॥৪৮॥

(৪৬) ন মেঽর্জ্জুনস্তথা জ্ঞেয়ঃ—বা নি। (৪৭) ইতঃ পবম্ 'চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

আজ্ঞাং তে শিরসা বিভ্রদেষ গচ্ছামি মা শুচঃ।
সমেত্য তান্ নরব্যাঘ্রাংস্তব দাস্যামি সংবিদম্ ॥৪৯॥

সঞ্জয় উবাচ।

এতাবদুক্ত্বা প্রযযৌ পরিহায় যুধিষ্ঠিরম্।
ধৃষ্টদ্যুম্নায় বলবান্ সুহৃদ্ভ্যশ্চ পুনঃ পুনঃ ॥৫০॥
ধৃষ্টদ্যুম্নঞ্চেদমাহ ভীমসেনো মহাবলঃ।
বিদিতং তে মহাবাহো! যথা দ্রোণো মহারথঃ।
গ্রহণে ধর্ম্মরাজস্য সর্বোপায়েন বর্ত্ততে ॥৫১॥
ন চ মে গমনে কৃত্যং তাদৃক্ পার্ষত! বিদ্যতে।
যাদৃক্ সংরক্ষণং দ্রোণাদ্রাজ্ঞঃ কৃত্যতমং হি নঃ ॥৫২॥
এবমুক্তোঽস্মি পার্থেন প্রতিবক্তুং ন চোৎসহে।
প্রযাস্যে তত্র যত্রাজৌ মুমূর্ষুঃ সৈন্ধবঃ স্থিতঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তর্হি কিং ন গমিষ্যসীত্যাহ আজ্ঞামিতি। বিভ্রৎ ধারয়ন্। সংবিদং সঙ্কেতম্ ॥৪৯॥
এতাবদিতি। প্রযযৌ ভীমঃ প্রযাতুমুদ্যুঙ্‌ক্তে স্ম, পরিহায় নিক্ষিপ্য ॥৫০॥
ধৃষ্টেতি। বর্ত্ততে অভিলাষীতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥
নেতি। কৃত্যং প্রয়োজনম্। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, কৃত্যতমং প্রধানং প্রয়োজনম্ ॥৫২॥

তথাপি আপনার আদেশ মস্তকে ধারণ করিয়া এই আমি যাইতেছি, আপনি শোক করিবেন না। আমি সেই নরশ্রেষ্ঠগণের নিকটে যাইয়া আপনার নিকট সঙ্কেত করিব' ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'বলবান্ ভীমসেন এইটুকুমাত্র বলিয়া ধৃষ্টদ্যুম্ন ও অন্যান্য বন্ধুগণের নিকটে যুধিষ্ঠিরকে বার বার গচ্ছিত রাখিয়া গমন করিবার উদ্‌যোগ করিলেন ॥৫০॥

এবং মহাবল ভীমসেন ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—'মহাবাহু! আপনার জানা আছে যে, মহারথ দ্রোণ সমস্ত উপায়ে যুধিষ্ঠিরকে ধরিবার অভিলাষী আছেন ॥৫১॥

অতএব পৃষতনন্দন! দ্রোণ হইতে রাজাকে রক্ষা করা আমাদের যেরূপ প্রধান প্রয়োজন, আমার গমনে সেরূপ প্রয়োজন নাই ॥৫২॥

(৫১) পার্ষতস্তাব্রবীদ্বীরম্—পি। (৫২)…যাদৃশং রক্ষণে রাজ্ঞঃ কার্য্যমাত্যয়িকং হি নঃ—বা নি। (৫৩) …যত্রাসৌ—বা নি।

ধর্ম্মরাজস্য বচনে স্থাতব্যমবিশঙ্কয়া।
যাস্যামি পদবীং ভ্রাতুঃ সাত্বতস্য চ ধীমতঃ ॥৫৪॥
সোঽহস্য যত্তো রণে পার্থং পরিরক্ষ যুধিষ্ঠিরম্।
এতদ্ধি সর্বকার্য্যাণাং পরমং কৃত্যমাহবে ॥৫৫॥
তমব্রবীন্মহারাজ! ধৃষ্টদ্যুম্নো বৃকোদরম্।
ঈপ্সিতং তে করিষ্যামি গচ্ছ পার্থাবিচারয়ন্ ॥৫৬॥
নাহত্বা সমরে দ্রোণো ধৃষ্টদ্যুম্নং কথঞ্চন।
নিগ্রহং ধর্ম্মরাজস্য করিষ্যতি মহাহবে ॥৫৭॥
ততো নিক্ষিপ্য রাজানং ধৃষ্টদ্যুম্নে মহাত্মনি।
অভিবাদ্য গুরুং জ্যেষ্ঠং প্রযযৌ যত্র ফাল্গুনঃ ॥৫৮॥

ভাবতকৌমুদী

এবমিতি। পর্থেন যুধিষ্ঠিবেণ। ন চোৎসহে অনুজ্ঞাতুম্ন চ শক্নোমি ॥৫৩॥
ধর্ম্মেতি। পদবীং পন্থানম্, ভ্রাতুরর্জ্জুনস্য, সাত্বতস্য সাত্যকেঃ ॥৫৪॥
স ইতি। যত্তো যত্নবান্ সন্। কৃত্যং কার্য্যম্, আহবে যুদ্ধে ॥৫৫॥
তমিতি। ঈপ্সিতমভীষ্টং ধর্ম্মরাজস্য রক্ষণম্ ॥৫৬॥
নেতি। নিগ্রহং পরাভূয় গ্রহণম্, করিষ্যতি কর্ত্তুং শক্ষ্যতি ॥৫৭॥
তত ইতি। জ্যেষ্ঠং যুধিষ্ঠিরম্, প্রযযৌ প্রয়াতুমারেভে ॥৫৮॥

তথাপি রাজা আমাকে এইরূপ বলিযাছেন। সুতরাং তাহার প্রতিবাদ কবিতে পারি না। মুমূর্ষু জয়দ্রথ রণস্থলে যেখানে বহিয়াছে, অবশ্যই সেখানে যাইব ॥৫৩॥

বিনা বিচাবে ধর্ম্মরাজেব বাক্যেব অধীন হইযা আমাকে থাকিতে হইবে। সুতবাং আমি ভ্রাতা অর্জ্জুনের ও ধীমান্ সাত্যকির পথে যাইব ॥৫৪॥

অতএব আপনি আজ যুদ্ধে যত্নবান্ হইযা পৃথানন্দন যুধিষ্ঠিবকে রক্ষা করিতে থাকুন। ইহাই যুদ্ধে সমস্ত কার্য্যের মধ্যে আপনার প্রধান কার্য্য ॥৫৫॥

মহারাজ! তখন ধৃষ্টদ্যুম্ন ভীমসেনকে বলিলেন—'পৃথানন্দন! আমি আপনাব অভীষ্ট কার্য্য করিব; আপনি নিঃশঙ্কচিত্তে যাইতে পাবেন ॥৫৬॥

দ্রোণ যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে বধ না করিয়া কোন প্রকাবেই মহাযুদ্ধে ধর্ম্মরাজকে ধবিতে পারিবেন না' ॥৫৭॥

---

(৫৪)...স্থাতব্যমিতি পার্থত!—পি। (৫৭) ময়ি জীবতি কৌন্তেয়! ভারদ্বাজঃ কথঞ্চন।...প্রকরিষ্যতি সংযুগে—পি। (৫৮)...ধৃষ্টদ্যুম্নায় পাণ্ডবঃ...বদ্ধ বর্দ্ধ,...ধৃষ্টদ্যুম্নে চ পাণ্ডবম্—বা নি।

পরিষ্বক্তশ্চ কৌন্তেয়ো ধর্ম্মরাজেন ভারত ! ।
আঘ্রাতশ্চ তথা মূর্দ্ধ্নি শ্রাবিতশ্চাশিষঃ শুভাঃ ॥৫৯॥
ভীমসেনো মহাবাহুঃ কবচী শুভকুণ্ডলী ।
সগদঃ সতলত্রাণঃ স রথী রথিনাং বরঃ ॥৬০॥
তস্য কার্ষ্ণায়সং বর্ম্ম হেমচিত্রং মহর্দ্ধিমৎ ।
বিবভৌ পর্ব্বতং শ্লিষ্টঃ সবিদ্যুদিব তোয়দঃ ॥৬১॥
পীতরক্তাসিতসিতৈর্বাসোভিশ্চ সুবেষ্টিতঃ ।
কণ্ঠত্রাণেন চ বভৌ সেন্দ্রায়ুধ ইবাম্বুদঃ ॥৬২॥

ভারতকৌমুদী

পরীতি। পরিষ্বক্ত আলিঙ্গিতঃ, কৌন্তেয়ো ভীমসেনঃ ॥৫৯॥

ভীমেতি। রথিনাং বরঃ স মহাবাহুর্ভীমসেনঃ, কবচী, শুভকুণ্ডলী সুন্দরকুণ্ডলযুগলবান্, সগদো গদয়া সহিতঃ, সতলত্রাণো হস্তাবাপযুক্তঃ, রথী রথারোহী চ বভূব ॥৬০॥

তস্যেতি। কৃষ্ণস্য সাবভূততয়া কৃষ্ণবর্ণস্য অয়সো লৌহস্যেদমিতি কার্ষ্ণায়সম্। মহর্দ্ধিমৎ মহামূল্যম্। শ্লিষ্ট আশ্রিতঃ। কর্ত্তরি ক্তঃ। তোয়দো মেঘঃ ॥৬১॥

পীতেতি। অসিতানি কৃষ্ণানি. সিতানি শুক্লানি। কণ্ঠত্রাণেন কণ্ঠাবরণেন ॥৬২॥

ভারতভাবদীপঃ

জ্ঞাপনম্ ॥৪৭—৫১॥ আত্যয়িকম্ অতিশয়িতম্, দিশঃ দোঽভিমুখীকরণে, এবমনন্তরোক্তম্ ॥৫২—৬৬॥ (পাঠান্তরে) "অনলো গোহিরণ্যঞ্চ দূর্ব্বা গোরোচনামৃতম্। অক্ষতং দধি

তাহাব পব ভীমসেন যুধিষ্ঠিবকে মহাত্মা ধৃষ্টদ্যুম্নেব হস্তে গচ্ছিত রাখিয়া গুরু জ্যেষ্ঠভ্রাতা যুধিষ্ঠিবকে অভিবাদন কবিযা—যেখানে অর্জ্জুন ছিলেন সেই দিকে গমন কবিবাব উদ্‌যোগ কবিলেন ॥৫৮॥

ভরতনন্দন ! তখন যুধিষ্ঠিব ভীমসেনকে আলিঙ্গন ও তাঁহার মস্তকাঘ্রাণ কবিলেন এবং তাঁহাকে বহুতব শুভাশীর্ব্বাদ শুনাইলেন ॥৫৯॥

বথিশ্রেষ্ঠ ও মহাবাহু ভীমসেন কবচ, সুন্দব দুইটি কুণ্ডল, গদা ও চর্ম্মনির্ম্মিত হস্তাববণ ধাবণ কবিযা বথে আবোহণ কবিলেন ॥৬০॥

তখন কৃষ্ণবর্ণলৌহ- (ইস্পাত) নির্ম্মিত, স্বর্ণখচিত ও মহামূল্য ভীমের বর্ম্মটা—পর্ব্বতাশ্লিষ্ট বিদ্যুৎসংযুক্ত মেঘেব ন্যায প্রকাশ পাইতে লাগিল ॥৬.॥

---

(৫৯)·· ধর্ম্মরাজেন মারুতিঃ—বা নি। ইতঃ পরমিদং শ্লোকত্রয়মধিকম্—'কৃত্বা প্রদক্ষিণং বিপ্রানর্চ্চিতাংস্তুষ্টমানসান্। আলভ্য মঙ্গলান্যষ্টৌ পীত্বা কৈরাতকং মধু। দ্বিগুণদ্রবিণো ধীমান্ মদবিহ্বললোচনঃ। বিপ্রৈঃ কৃতস্বস্ত্যয়নো বিজয়োৎপাদসূচিতঃ। পশ্চিমবাহুনো বৃদ্ধিং বিজয়ানন্দকারিণীম্। অনুলোমানিলৈশ্চাশু প্রচোদিতজয়োদয়ঃ॥' পি বঙ্গ বর্দ্ধ বা।
(৬০)···সাঙ্গদঃ সতলত্রাণঃ·· পি,···অঙ্গদী সতলত্রাণঃ· বঙ্গ বর্দ্ধ।

প্রযাতে ভীমসেনে তু তব সৈন্যং যুযুৎসযা।
পাঞ্চজন্যরবো ঘোবঃ পুনরাসীদ্বিশাংপতে! ॥৬৩॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং ত্রৈলোক্যত্রাসনং মহৎ।
পুনর্ভীমং মহাবাহুং ধর্ম্মরাজোঽভ্যভাষত ॥৬৪॥
এষ বৃষ্ণিপ্রবীরেণ ধ্মাতঃ সলিলজো মহান্।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ নিনাদয়তি শঙ্খরাট্ ॥৬৫॥
নূনং ব্যসনমাপন্নে সুমহৎ সব্যসাচিনি।
কুরুভির্যুধ্যতে সার্দ্ধং সর্ব্বৈশ্চক্রধরঃ স্বয়ম্ ॥৬৬॥
নূনমার্য্যা মহৎ কুন্তী পাপমদ্য নিদর্শনম্।
দ্রৌপদী চ সুভদ্রা চ পশ্যন্তি সহ বন্ধুভিঃ ॥৬৭॥
স ভীম! ত্বরয়া যুক্তো যাহি যত্র ধনঞ্জয়ঃ।
মুহ্যন্তীব হি মে সর্ব্বা ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥৬৮॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রয়াতে প্রয়াতুমুদ্যতে যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৬৩॥
তমিতি। মহদিতি ক্লীবত্বমার্ষম্। ভীমং ভীমসেনম্ ॥৬৪॥
এষ ইতি। বৃষ্ণিপ্রবীরেণ কৃষ্ণেন, ধ্মাতো মুখবায়ুনা পূরিতঃ ॥৬৫॥
নূনমিতি। ব্যসনং বিপদম্, আপন্নে প্রহারেণ প্রাপ্তে। চক্রধরঃ কৃষ্ণঃ ॥৬৬॥
নূনমিতি। পাপং পাপজনিতানিষ্টসূচকম্, নিদর্শনং লক্ষণম্ ॥৬৭॥

আর ভীমসেনও পীত, রক্ত, কৃষ্ণ ও শুক্লবর্ণ বস্ত্রে পরিবেষ্টিত হইয়া কণ্ঠত্রাণ ধারণ করিয়া ইন্দ্রাযুধযুক্ত মেঘের তুল্য শোভা পাইতে থাকিলেন ॥৬২॥

নরনাথ! ক্রমে ভীমসেন যুদ্ধ করিবার ইচ্ছায় আপনার সৈন্যের দিকে প্রস্থান করিবার উদ্যম করিলে, পুনরায় ভয়ঙ্কর পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি হইল ॥৬৩॥

ত্রিভুবনের ত্রাসজনক সেই ভয়ঙ্কর মহাধ্বনি শুনিয়া যুধিষ্ঠির পুনরায় মহাবাহু ভীমসেনকে বলিলেন—॥৬৪॥

'এই জলজাত শঙ্খরাজ পাঞ্চজন্য কৃষ্ণের মুখবায়ুতে পূর্ণ হইয়া পৃথিবী ও আকাশ নিনাদিত করিতেছে ॥৬৫॥

নিশ্চয়ই অর্জ্জুন মহাবিপদাপন্ন হইলে, স্বয়ং কৃষ্ণই সমস্ত কৌরবের সহিত যুদ্ধ করিতেছেন ॥৬৬॥

নিশ্চয়ই আজ পূজনীয়া কুন্তীদেবী, দ্রৌপদী ও সুভদ্রা অন্যান্য বন্ধুদের সহিত অনিষ্টসূচক লক্ষণ সকল দেখিতেছেন ॥৬৭॥

দিশশ্চ প্রদিশশ্চৈব পার্থ। সাত্বতকারণাৎ।
গচ্ছ গচ্ছেতি গুরুণা সোঽনুজ্ঞাতো বৃকোদরঃ ॥৬৯॥ (যুগ্মকম্)
ততঃ পাণ্ডুসুতো রাজন্। ভীমসেনঃ প্রতাপবান্।
বদ্ধগোধাঙ্গুলীত্রাণঃ প্রগৃহীতশরাসনঃ ॥৭০॥
জ্যেষ্ঠেন প্রহিতো ভ্রাত্রা ভ্রাতা ভ্রাতুঃ প্রিয়ঙ্করঃ।
আহত্য দুন্দুভিং ভীমঃ শঙ্খং প্রধ্মাপ্য চাসকৃৎ ॥৭১॥
বিনদ্য সিংহনাদাংশ্চ জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
দর্শয়ন্ ঘোরমাত্মানমমিত্রান্ সহসাভ্যয়াৎ ॥৭২॥ (বিশেষকম্)
তমূহুর্জবনা দান্তা বিকুর্ব্বাণা হয়োত্তমাঃ।
বিশোকেনাভিসংযত্তা মনোমারুতরংহসঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

স ইতি। ধনঞ্জয়স্য দিদৃক্ষয়া দর্শনেচ্ছয়া। গুরুণা জ্যেষ্ঠভ্রাতা ॥৬৮—৬৯॥

তত ইতি। বদ্ধে ধৃতে গোধা হস্তাবাপঃ অঙ্গুলীত্রাণঞ্চ তে যেন সঃ। ভ্রাতুরর্জ্জুনস্য। বিনদ্য কৃত্বা। জ্যাং ধনুর্গুণম্। আত্মানং স্বদেহম্, অমিত্রান্ শত্রূন্ ॥৭০—৭২॥

তমিতি। জবনা বেগবন্তঃ, দান্তাঃ শিক্ষিতাঃ, বিকুর্ব্বাণা বিশিষ্টাং গতিং কুর্ব্বন্তঃ, বিশোকেন তদাখ্যেন সারথিনা, অভিসংযত্তাঃ সর্বতো যত্নেন ধৃতাঃ, মনসো মারুতস্য বায়োরিব চ রংহো বেগো যেষাং তে, হয়োত্তমা উত্তমাশ্বাঃ, তং ভীমম্, ঊহুর্নীতবন্তঃ ॥৭৩॥

ভারতভাবদীপঃ

চেত্যষ্টৌ মঙ্গলানি প্রচক্ষতে॥"। বিজয়োৎপাদসূচিকাং সূচিতবিজয়োৎপাদিকাম্। আর্য্যা মান্যা মাতেতি যাবৎ, নিদর্শনং নিমিত্তম্ ॥৬৭॥ মুহ্যন্তি মোহেনাবিয়ন্তে ॥৬৮—৭৩॥

অতএব ভীম! অর্জ্জুন যেখানে রহিয়াছেন, তুমি সত্বর সেখানে যাও। পৃথানন্দন! অর্জ্জুনকে দেখিবার জন্য এবং সাত্যকির জন্য আমার যেন সমস্ত দিক্ ও বিদিকের মোহ উপস্থিত হইয়াছে। সুতরাং যাও যাও' এইভাবে যুধিষ্ঠির ভীমকে আদেশ করিলেন ॥৬৮—৬৯॥

রাজা! তদনন্তর ভ্রাতার প্রিয়কার্য্যকারী, অথচ ভয়ঙ্কর মূর্ত্তি ও প্রতাপশালী পাণ্ডুনন্দন ভীমসেন জ্যেষ্ঠসহোদরকর্তৃক প্রেরিত হইয়া তলত্রাণ, অঙ্গুলীত্রাণ ও ধনু ধারণপূর্ব্বক বার বার দুন্দুভিধ্বনি, শঙ্খধ্বনি ও সিংহনাদ করিয়া বার বার ধনুর গুণ আকর্ষণ করিতে থাকিয়া নিজের ভয়ঙ্কর মূর্ত্তি দেখাইতে দেখাইতে শত্রুগণের দিকে বেগে ধাবিত হইলেন ॥৭০—৭২॥

(৬৯)⋯ সাত্বতস্য চ কারণাৎ· বঙ্গ বর্দ্ধ বা নি। (৭২) বিনদ্য সিংহনাদেন—বা নি। (৭৩)⋯ বিক্রবন্তো হয়োত্তমাঃ। বিশোকেন সুসংযত্তাঃ—বা নি।

আরুজন্ বিরুজন্ পার্থো জ্যাং স্পৃশংশ্চৈব পাণিনা।
সোঽনুকর্ষন্ বিকর্ষংশ্চ সেনাগ্রং সমলোড়য়ৎ ॥৭৪॥
তং প্রয়ান্তং মহাবাহুং পাঞ্চালাঃ সহসোমকাঃ।
পৃষ্ঠতোঽনুযযুঃ শূরা মঘবন্তমিবামরাঃ ॥৭৫॥
তং সসেনা মহারাজ। সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্।
দুঃশাসনশ্চিত্রসেনঃ কুণ্ডভেদী বিবিংশতিঃ ॥৭৬॥
দুর্ম্মুখো দুঃসহশ্চৈব বিকর্ণোঽথ শলস্তথা।
বিন্দানুবিন্দৌ সুমুখো দীর্ঘবাহুঃ সুদর্শনঃ ॥৭৭॥
বৃন্দারকঃ সুহস্তশ্চ সুষেণো দীর্ঘলোচনঃ।
অভয়ো রৌদ্রকর্ম্মা চ সুবর্ম্মা দুর্ব্বিমোচনঃ ॥৭৮॥

ভারতকৌমুদী

আরুজন্নিতি। স পার্থো ভীমঃ, পাণিনা, বিকর্ষন্, তূণাদ্বাণানুদ্ধরন্, জ্যাং ধনুর্গুণং স্পৃশন্ অনুকর্ষন্ আকর্ষংশ্চ, আরুজন্ ক্ষেপেণ পীড়য়ন্, বিরুজন্ ভগ্নং কুর্ব্বন্, সেনাগ্রং সমলোড়য়ৎ ॥৭৪॥

তমিতি। সোমকৈঃ সহেতি সহসোমকাঃ। মঘবন্তমিন্দ্রম্ ॥৭৫॥

তমিতি। সেনয়া সহেতি সসেনাঃ, সোদর্য্যাঃ সহোদরাঃ। কে তে ইত্যাহ দুঃশা-

ভারতভাবদীপঃ

আরুজন্ কৃন্তন্, বিরুজন্ বিরুধ্যন্, বিকর্ষন্ অত্যর্থং কর্ষন্, সংপ্রকর্ষন্ সংপ্রকর্ষেণ বিলিখন্, বিকর্ষন্ বিক্ষিপন্ ॥৭৪—১১৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

তখন বেগবান্, শিক্ষিত, সুন্দরগতিশালী এবং মন ও বায়ুর ন্যায় দ্রুতগামী উত্তম অশ্বগণ সারথি বিশোককর্তৃক সযত্নে ধৃত হইয়া ভীমসেনকে বহন করিতে লাগিল ॥৭৩॥

ক্রমে ভীমসেন হস্তদ্বারা তূণীর হইতে বাণ উত্তোলন, ধনুর্গুণস্পর্শ ও তাহা আকর্ষণ করতঃ, বিপক্ষের সৈন্যদিগকে পীড়ন ও সংঘচ্যুত করিতে থাকিয়া কৌরবসেনার সম্মুখভাগ আলোড়ন করিতে লাগিলেন ॥৭৪॥

মহাবাহু ভীমসেন সেইভাবে অগ্রসর হইতে লাগিলে, দেবতারা যেমন ইন্দ্রের অনুসরণ করিতেন, সেইরূপ বীর পাঞ্চালেরা সোমকগণের সহিত মিলিত হইয়া ভীমসেনের অনুসরণ করিতে থাকিল ॥৭৫॥

---

(৭৪)·· জ্যাং বিকর্ষংশ্চ পাণিনা। সম্প্রকর্ষন্ বিকর্ষংশ্চ—বা নি। (৭৭)···বিন্দানুবিন্দৌ দুর্দ্ধর্ষৌ—বঙ্গ বর্দ্ধ।

বিবিধৈ রথিনাং শ্রেষ্ঠাঃ সহ সৈন্যৈঃ সহানুগৈঃ।
সংযত্তাঃ সমরে শূরা ভীমসেনমুপাদ্রবন্ ॥৭৯॥ (কলাপকম্)
তান্ সমীক্ষ্য তু কৌন্তেয়ো ভীমসেনঃ পরাক্রমী।
অভ্যবর্ত্তত বেগেন সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৮০॥
তে মহাস্ত্রাণি দিব্যানি তত্র বীরা ব্যদর্শয়ন্।
ছাদয়ন্তঃ শরৈর্ভীমং মেঘাঃ সূর্য্যমিবোদিতম্ ॥৮১॥
স তানতীত্য বেগেন দ্রোণানীকমুপাদ্রবৎ।
অগ্রতশ্চ গজানীকং শরবর্ষৈরবাকিরৎ ॥৮২॥

ভাবতকৌমুদী

সনেতি। সুমুখোঽপ্যেকঃ। বৃন্দাবকো নাম। সংযত্তা জয়ায় যত্নবন্তঃ ॥৭৬—৭৯॥
তানিতি। অভ্যবর্ত্তত অভ্যধাবৎ। ক্ষুদ্রা যে মৃগাঃ পশবস্তান্ ॥৮০॥
ত ইতি। দিব্যানি অলৌকিকানি। ব্যদর্শয়ন্ মধ্যে মধ্যে আবিরকুর্বন্ ॥৮১॥
স ইতি। স ভীমঃ। দ্রোণানীকমুপাদ্রবৎ তস্যৈব প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥৮২॥

মহারাজ! তখন সহোদরেরা সেনা লইয়া তাঁহাকে বারণ করিবার ইচ্ছা করিলেন। (অর্থাৎ) দুঃশাসন, চিত্রসেন, কুণ্ডভেদী, বিবিংশতি, দুর্ম্মুখ, দুঃসহ বিকর্ণ, শল, বিন্দ, অনুবিন্দ, সুমুখ, দীর্ঘবাহু, সুদর্শন, বৃন্দাবক, সুহস্ত, সুষেণ, দীর্ঘলোচন, অভয, রৌদ্রকর্ম্মা, সুবর্ম্মা, ও দুর্বিমোচন এই একুশ জন রথিশ্রেষ্ঠ বীর জয়ে যত্নবান্ হইয়া নানাবিধ সৈন্য ও অনুচরের সহিত ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥৭৬—৭৯॥

তখন পরাক্রমশালী কুন্তীনন্দন ভীমসেন তাঁহাদিগকে দেখিয়া—সিংহ যেমন ক্ষুদ্র পশুগণের প্রতি বেগে ধাবিত হয, সেইরূপ বেগে তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৮০॥

ক্রমে মেঘ যেমন উদিত সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ সেই বীরেরা বাণদ্বারা ভীমসেনকে আচ্ছাদন করতঃ অলৌকিক মহাস্ত্র সকল আবিষ্কার করিতে লাগিলেন ॥৮১॥

কিন্তু ভীমসেন বেগে তাঁহাদিগকে অতিক্রম করিয়া দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন এবং বাণবর্ষণদ্বারা সম্মুখবর্ত্তী হস্তিসৈন্য পীড়ন করিতে থাকিলেন ॥৮২॥

(৮১)...বীরা অদর্শয়ন্—বা নি,.. বারয়ন্তঃ শরৈঃ—বঙ্গ বর্দ্ধ।

সোঽচিরেণৈব কালেন তদ্গজানীকমাশুগৈঃ।
দিশঃ সর্ব্বাঃ সমং ব্যাপ্য ব্যধমৎ পবনাত্মজঃ ॥৮৩॥
ত্রাসিতাঃ শরভস্যেব গর্জ্জিতেন বনে মৃগাঃ।
প্রাদ্রবন্ দ্বিরদাঃ সর্ব্বে নদন্তো ভৈরবান্ রবান্ ॥৮৪॥
পুনশ্চাতীত্য বেগেন দ্রোণানীকমুপাদ্রবৎ।
তমবারযদাচার্য্যো বেলোদ্বৃত্তমিবার্ণবম্ ॥৮৫॥
ললাটেঽতাড়য়চ্চৈনং নারাচেন স্ময়ন্নিব।
ঊর্দ্ধরশ্মিরিবাদিত্যো বিবভৌ তত্র পাণ্ডবঃ ॥৮৬॥
স মন্যমানস্ত্বাচার্য্যো মমায়ং ফাল্গুনো যথা।
ভীমঃ করিষ্যতে পূজামিত্যুবাচ বৃকোদরম্ ॥৮৭॥

ভারতকৌমুদী

স ইতি। সমং যুগপৎ, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৮৩॥
ত্রাসিতা ইতি। শরভস্য মহাহিংস্রজন্তুবিশেষস্যেব। নদন্তঃ কুর্ব্বন্তঃ ॥৮৪॥
পুনরিতি। আচার্য্যো দ্রোণঃ, বেলা তীরম্, উদ্বৃত্তং পুরোচ্ছলিতম্ ॥৮৫॥
ললাট ইতি। স্ময়ন্ ঈষদ্ধসন্ আচার্য্য ইত্যনুবৃত্তিঃ। পাণ্ডবো ভীমঃ ॥৮৬॥
স ইতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। পূজাং প্রাদক্ষিণ্যেন সম্মানম্ ॥৮৭॥

পরে পবননন্দন ভীমসেন অচিরকালমধ্যেই বাণদ্বারা একদা সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়া সেই হস্তিসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৮৩॥

তখন বনে অপর পশুগণ যেমন শরভের গর্জ্জনে ভীত হইয়া পলায়ন করে, সেইরূপ সেই সমস্ত হস্তী ভীত হইয়া ভয়ঙ্কর রব করিতে করিতে পলায়ন করিতে থাকিল ॥৮৪॥

পরে ভীমসেন সেই হস্তিসৈন্য অতিক্রম করিয়া বেগে দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন। তখন তীর যেমন উচ্ছলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ দ্রোণ ভীমকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৮৫॥

এবং দ্রোণ ঈষৎ হাস্য করতই যেন একটা নারাচদ্বারা ভীমের ললাটদেশে তাড়ন করিলেন। তখন ভীম ঊর্দ্ধরশ্মি সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৮৬॥

পরে 'অর্জ্জুনের তুল্যই এই ভীম আমার সম্মান করিবে' এইরূপ মনে করিয়া দ্রোণাচার্য্য ভীমকে এই কথা বলিলেন—॥৮৭॥

(৮৩) দিশঃ সর্বাঃ সমভ্যেত্য ··বঙ্গ বৰ্দ্ধ,···দিশঃ সর্বাঃ সমালোক্য ব্যধমৎ পাণ্ডুনন্দঃ—বা নি।

ভীমসেন। ন তে শক্যং প্রবেষ্টুমরিবাহিনীম্।
মামনির্জ্জিত্য কৌন্তেয়! শত্রুমদ্য মহাহবে ॥৮৮॥
যদ্যসৌ তেঽনুজঃ কৃষ্ণঃ প্রবিষ্টোঽনুমতে মম।
অনীকং ন তু শক্যং মে প্রবেষ্টুমিহ বৈ ত্বয়া ॥৮৯॥
অথ ভীমস্তু তচ্ছ্রুত্বা গুরোর্বাক্যমপেতভীঃ।
ক্রুদ্ধঃ প্রোবাচ বৈ দ্রোণং রক্তাপাঙ্গেক্ষণঃ শ্বসন্ ॥৯০॥
তবার্জ্জুনো নানুমতে ব্রহ্মবন্ধো! রণাজিরম্।
প্রবিষ্টঃ স হি দুর্দ্ধর্ষঃ শত্রুস্যাপি বিশেদ্বলম্ ॥৯১॥
যেন বৈ পরমাং পূজাং কুর্ব্বতা মানিতো হ্যসি।
নার্জ্জুনোঽহং ঘৃণী দ্রোণ। ভীমসেনোঽস্মি তে রিপুঃ ॥৯২॥

ভারতকৌমুদী

ভীমেতি। শক্যমিতি ভাবে যৎ। অতএব "ন কর্তৃকর্ম্মপ্রাপ্তৌ" ইতি কর্ম্মণি ষষ্ঠী-নিষেধাৎ "কাং দিশং গন্তব্যম্" ইতি কাদম্বরীপ্রয়োগবদরিবাহিনীমিতি কর্ম্মণি দ্বিতীয়ৈব ॥৮৮॥
যদীতি। কৃষ্ণোঽর্জ্জুনঃ, অনুমতে অনুমতৌ। ন শক্যম্, অনুমত্যভাবে ॥৮৯॥
অথেতি। অপেতভীঃ ত্যক্তভয়ঃ রক্তৌ ক্রোধাল্লোহিতৌ অপাঙ্গৌ প্রান্তৌ যয়োস্তে তথা ঈক্ষণে নেত্রে যস্য সঃ ॥৯০॥
তবেতি। হে ব্রহ্মবন্ধো! ক্ষত্রিয়বৃত্তিকত্বাদ্‌ব্রাহ্মণাধম্! রণাজিরং রণাঙ্গনম্ ॥৯১॥
যেনেতি। যেনার্জ্জুনেন। সোঽর্জ্জুনঃ, ঘৃণী দয়ালুঃ ॥৯২॥

'কুন্তীনন্দন ভীমসেন! আমি তোমাদের শত্রু। সুতরাং আজ আমাকে এই মহাযুদ্ধে জয় না করিয়া তুমি শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিতে পারিবে না ॥৮৮॥

যদিও তোমার কনিষ্ঠভ্রাতা অর্জ্জুন আমার অনুমতিক্রমে প্রবেশ করিয়া থাকেন, তথাপি তুমি আমার সৈন্যমধ্যে প্রবেশ করিতে সমর্থ হইবে না' ॥৮৯॥

তদনন্তর নির্ভয়চিত্ত ভীমসেন গুরুর সেই কথা শুনিয়া ক্রুদ্ধ ও রক্তনয়ন হইয়া শ্বাস ত্যাগ করিতে থাকিয়া তাঁহাকে বলিলেন—॥৯০॥

'ব্রাহ্মণাধম! অর্জ্জুন তোমার অনুমতিক্রমে সমরাঙ্গনে প্রবেশ করেন নাই। কেন না, তিনি দুর্দ্ধর্ষ সৈন্যমধ্যেও প্রবেশ করিতে পারেন ॥৯১॥

দ্রোণ! যে অর্জ্জুন তোমার বিশেষ গৌরব করিয়া সম্মান করিয়াছেন, আমি সেই দয়ালু অর্জ্জুন নহি; আমি তোমার শত্রু ভীমসেন ॥৯২॥

---

(৮৯) যদি তে সানুজঃ কৃষ্ণঃ—বঙ্গ বর্দ্ধ

পিতা নস্ত্বং গুরুর্বন্ধুস্তথা পুত্ত্রাশ্চ তে বয়ম্ ।
ইতি মন্যামহে সর্ব্বে ভবন্তং প্রণতাঃ স্থিতাঃ ।
অদ্য তদ্বিপরীতং তে বদতোঽস্মাসু দৃশ্যতে ॥৯৩॥
যদি শত্রুং ত্বমাত্মানং মন্যসেঽদ্য তথাস্ত্বিহ ।
এষ তে সদৃশং শত্রোঃ কর্ম্ম ভীমং করোম্যহম্ ॥৯৪॥
অথোদ্ভ্রাম্য গদাং ভীমঃ কালদণ্ডমিবান্তকঃ ।
দ্রোণায় প্রাসৃজদ্রাজন্ ! স রথাদবপুপ্লুবে ॥৯৫॥
সাশ্বসূতধ্বজং যানং দ্রোণস্যাপোথয়ত্তদা ।
তং পুনঃ পরিবব্রুস্তে তব পুত্ত্রা মহারথাঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

পিতেতি। পুত্ত্রাঃ পুত্ত্রতুল্যাঃ। বিপরীতম্, শত্রুমিত্যুক্তত্বাৎ ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৩॥
যদীতি। তথা শত্রুত্বমেব। ভীমং ভয়ানকম্ ॥৯৪॥
অথেতি। স দ্রোণঃ, অবপুপ্লুবে লম্ফনেনাবাতরৎ ॥৯৫॥
সাশ্বেতি। যানং রথম্। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৯৬॥

আপনি আমাদের পিতৃতুল্য, গুরু ও সুহৃদ্, আবার আমরাও আপনার পুত্ত্রতুল্য; ইহা আমরা সকলে মনে করি, তাই চিরদিন আপনার নিকট অবনত ছিলাম, কিন্তু আজ আপনি আমাদের প্রতি তাহার বিপরীত বলিতেছেন দেখিতেছি ॥৯৩॥

যদি আজ আপনি আপনাকে আমাদের শত্রু বলিয়াই মনে করেন, তবে এখন তাহাই হউক। এই আমি আপনার সম্বন্ধে শত্রুর উপযুক্ত ভয়ঙ্কর কার্য্য করিতেছি' ॥৯৪॥

রাজা! তাহার পর যম যেমন কালদণ্ড ঘূর্ণিত করিয়া নিক্ষেপ করেন, সেইরূপ ভীম গদা ঘূর্ণিত করিয়া দ্রোণের দিকে নিক্ষেপ করিলেন। তখন দ্রোণ রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৯৫॥

তখন সেই গদাটা যাইয়া অশ্ব, সারথি ও ধ্বজের সহিত দ্রোণের রথখানাকে পোথিত করিল। এই সময়ে আপনার সেই মহারথ পুত্ত্রেরা যাইয়া পুনরায় ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥৯৬॥

---

(৯৩)…পুত্ত্রা হি তে—বঙ্গ বর্দ্ধ। (৯৪)… ভীমঃ কর্ম্ম করোম্যহম্—পি, ভীমঃ কর্ম্ম করিষ্যতি—বা নি। (৯৬) পূর্বার্দ্ধাৎ পরম্ 'প্রামৃদ্নাচ্চ বহূন্ যোধান্ বায়ুর্বৃক্ষানিবৌজসা' ইতি পাদদ্বয়মধিকং পি বা বঙ্গ বর্দ্ধ।

অন্যন্তু রথমাস্থায় দ্রোণঃ প্রহরতাং বরঃ।
বৃহদ্বারং সমাসাদ্য যুদ্ধায় সমবস্থিতঃ ॥৯৭॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ। ভীমসেনঃ পরাক্রমী।
অগ্রতঃ স্যন্দনানীকং শরবর্ষৈরবাকিরৎ ॥৯৮॥
তে বধ্যমানা ভীমেন তব পুত্রা মহারথাঃ।
ভীমং ভীমবলং যুদ্ধেঽযোধয়ন্ত জয়ৈষিণঃ ॥৯৯॥
ততো দুঃশাসনঃ ক্রুদ্ধো রথশক্তিং বিচিক্ষিপে।
যমদণ্ডোপমাং গুর্বীং জিঘাংসুঃ পাণ্ডুনন্দনম্ ॥১০০॥
আপতন্তীং মহাশক্তিং তব পুত্রপ্রচোদিতাম্।
দ্বিধা চিচ্ছেদ তাং ভীমস্তদদ্ভুতমিবাভবৎ ॥১০১॥

ভাবতকৌমুদী

অন্যমিতি। আস্থায় আরুহ্য, প্রহরতাং যোদ্ধৄণাম্ ॥৯৭॥
তত ইতি। স্যন্দনানীকং রথিসৈন্যম্, অবাকিরৎ ন্যপীডয়ৎ ॥৯৮॥
ত ইতি। ভীমবলং ভয়ঙ্করশক্তিকম্ ॥৯৯॥
তত ইতি। গুর্বীং মহতীম্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ, পাণ্ডুনন্দনং ভীমম্ ॥১০০॥
আপতন্তীমিতি। পুত্রেণ দুঃশাসনেন প্রচোদিতাং ক্ষিপ্তাম্ ॥১০১॥

ওদিকে যোদ্ধৃশ্রেষ্ঠ দ্রোণ অন্য একখানা রথে আরোহণ করিয়া বৃহদ্বারে যাইয়া যুদ্ধের জন্যই অবস্থান করিতে লাগিলেন ॥৯৭॥

মহারাজ। তাহার পর পরাক্রমশালী ভীমসেন ক্রুদ্ধ হইয়া বাণবর্ষণদ্বারা সম্মুখবর্ত্তী রথী সৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥৯৮॥

ভীমসেন আঘাত করিতে থাকিলে, আপনার সেই মহারথ পুত্রেরা জয়াভিলাষী হইয়া সমরাঙ্গনে ভয়ঙ্কর শক্তিশালী ভীমের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৯৯॥

তদনন্তর দুঃশাসন ক্রুদ্ধ হইয়া ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া যমদণ্ডের তুল্য বিশাল একটা রথশক্তি নিক্ষেপ করিলেন ॥১০০॥

আপনার পুত্রনিক্ষিপ্ত সেই মহাশক্তি আসিতে লাগিলে, ভীমসেন সেটাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন: তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১০১॥

(৯৭) অন্যঞ্চ রথমারুহ্য ··বৃহদ্বারং সমাস্থায়—পি। (৯৮) ··ভীমসেনঃ প্রতাপবান্—পি। (১০০)···সর্বপারশবীং দীপ্তাম্—পি।

অথান্যৈস্ত্রিশিতৈর্বাণৈঃ সংক্রুদ্ধঃ কুণ্ডভেদিনম্ ।
সুষেণং দীর্ঘনেত্রঞ্চ ত্রিভিস্ত্রীনবধীদ্বলী ॥১০২॥
ততো বৃন্দারকং বীরং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনম্ ।
পুত্রাণাং তব শূরাণাং যুধ্যতামবধীৎ পুনঃ ॥১০৩॥
অভয়ং রৌদ্রকর্ম্মাণং দুর্বিমোচনমেব চ ।
ত্রিভিস্ত্রীনবধীদ্ভীমঃ পুনরেব সুতাংস্তব ॥১০৪॥
বধ্যমানা মহারাজ ! পুত্রাস্তব বলীয়সা ।
বাহুং মৃত্যুভয়ং কৃত্বা সমাবব্রুর্বৃকোদরম্ ॥১০৫॥
তে শরৈর্ভীমকর্ম্মাণং ববৃষুঃ পাণ্ডবং যুধি ।
মেঘা ইব তপাপায়ে ধারাভির্ধরণীধরম্ ॥১০৬॥
স তদ্বাণময়ং বর্ষমশ্মবর্ষমিবাচলঃ ।
প্রতীচ্ছন্ পাণ্ডুদায়াদো ন প্রাব্যথত শত্রুহা ॥১০৭॥

ভাবতকৌমুদী

অথেতি। শিতৈঃ সুধারৈঃ। বলী ভীমসেনঃ ॥১০২॥
তত ইতি। বৃন্দারকং নাম। যুধ্যতাং যুধ্যমানানাম্ ॥১০৩॥
অভযমিতি। ত্রিভির্বাণৈরিত্যনুবৃত্তিঃ ॥১০৪॥
বধ্যেতি। বলীয়সা ভীমসেনেন। বাহুং হৃদয়াদ্বহির্ভূতম্ ॥১০৫॥
ত ইতি। তপাপাযে গ্রীষ্মাবসানে, ধরণীধরং পর্বতম্ ॥১০৬॥

তাহার পর বলবান্ ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া অন্য সুধার তিনটী বাণদ্বারা কুণ্ডভেদী, সুষেণ ও দীর্ঘনেত্র এই তিন জনকে বধ করিলেন ॥১০২॥

তৎপরে আবার কৌরবগণের কীর্ত্তিবর্দ্ধক এবং যুধ্যমান আপনার বীর পুত্রগণের মধ্যে মহাবীর বৃন্দারককে বিনাশ করিলেন ॥১০৩॥

পুনরায় ভীম তিনটী বাণদ্বারা আপনার পুত্র অভয় রৌদ্রকর্ম্মা ও দুর্ব্বিমোচন এই তিন জনকে সংহার করিলেন ॥১০৪॥

মহারাজ ! বলবান্ ভীম বধ করিতে লাগিলে, আপনার অপর পুত্রেরা মৃত্যুভয় ত্যাগ করিয়া ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥১০৫॥

ক্রমে মেঘ যেমন বর্ষাকালে পর্ব্বতের উপরে জলধারা বর্ষণ করে সেইরূপ তাঁহারা যুদ্ধে ভয়ঙ্করকর্ম্মা ভীমের উপরে বাণধারা বর্ষণ করিতে লাগিলেন ॥১০৬॥

---

(১০২) অথান্যৈর্নিশিতৈর্বাণৈঃ পাণ্ডবঃ কুণ্ডভেদিনম্ ··ত্রিভিস্তান্—পি। (১০৬)··· আতপাপায়ে—পি।

বিন্দানুবিন্দৌ সহিতৌ সুবর্ম্মাণঞ্চ তে সুতম্।
প্রহসন্নিব কৌন্তেয়ঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥১০৮॥
ততঃ সুদর্শনং বীরং পুত্রং তে ভরতর্ষভ!।
বিব্যাধ সমরে তূর্ণং স পপাত মমার চ ॥১০৯॥
সোঽচিরেণৈব কালেন তদ্রথানীকমাশুগৈঃ।
দিশঃ সর্ব্বাঃ সমভ্যেত্য ব্যধমৎ পাণ্ডুনন্দনঃ ॥১১০॥
ততো বৈ রথঘোষেণ গর্জ্জিতেন মৃগা ইব।
বধ্যমানাশ্চ সমরে পুত্রাস্তব বিশাংপতে!।
প্রাদ্রবন্ সরথাঃ সর্ব্বে ভীমসেনভয়ার্দ্দিতাঃ ॥১১১॥
অনুযায় তু কৌন্তেয়ঃ পুত্রাণাং তে মহদ্বলম্
বিব্যাধ সমরে রাজন্! কৌরবেয়ান্ সমন্ততঃ ॥১১২॥

ভাবতকৌমুদী

স ইতি। অশ্মবর্ষং শিলাবৃষ্টিম্, অচলঃ পর্বতঃ। প্রতীচ্ছন্ গৃহ্নন্ ॥১০৭॥
বিন্দেতি। কৌন্তেয়ো ভীমঃ। যমক্ষয়ং যমালয়ম্ ॥১০৮॥
তত ইতি। সুদর্শনং নাম। বিব্যাধ ভীমঃ শরেণ তাড়য়ামাস ॥১০৯॥
স ইতি। রথানীকং রথিসৈন্যম্, আশুগৈর্বাণৈঃ ব্যধমৎ ন্যপীড়য়ৎ ॥১১০॥
তত ইতি। গর্জ্জিতেন সিংহস্য। প্রাদ্রবন্ পলায়ন্ত। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১১॥
অন্বিতি। কৌরবেয়ান্ ত্বৎপুত্রাংশ্চ, সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥১১২॥

তখন পর্ব্বত যেমন শিলাবৃষ্টি গ্রহণ করিয়া ব্যথিত হয় না, সেইরূপ শত্রুহন্তা ভীমসেন তাঁহাদের বাণবর্ষণ গ্রহণ করিয়া ব্যথিত হইলেন না ॥১০৭॥

পরে ভীমসেন হাসিতে হাসিতেই যেন বাণদ্বারা আপনার পুত্র সম্মিলিত বিন্দ ও অনুবিন্দকে এবং সুবর্ম্মাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥১০৮॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে ভীম সত্বর আপনার পুত্র বীর সুদর্শনকে বিদ্ধ করিলেন; তৎক্ষণাৎ তিনি পতিত হইলেন ও প্রাণত্যাগ করিলেন ॥১০৯॥

এইভাবে ভীমসেন সকল দিকে বিচরণ করিতে থাকিয়া বাণদ্বারা অচির-কালমধ্যেই সেই রথী সৈন্যদিগকে নিপীড়ন করিলেন ॥১১০॥

নরনাথ! তদনন্তর সিংহের গর্জ্জনে হরিণগণের ন্যায় আপনার পুত্রেরা সকলে ভীমের রথের শব্দে ও আঘাতে ভয়ার্ত্ত হইয়া রথ লইয়া পলায়ন করিতে লাগিলেন ॥১১১॥

---

(১০৯) ইত্য প্রভৃতি শ্লোকেষু বিবিধা এব পাঠভেদা লক্ষ্যন্তে।

বধ্যমানা মহারাজ ! ভীমসেনেন তাবকাঃ ।
ত্যক্ত্বা ভীমং রণাজ্জগ্মুশ্চোদয়ন্তো হয়োত্তমান্ ॥১১৩॥
তাংস্তু নির্জ্জিত্য সমরে ভীমসেনো মহাবলঃ ।
সিংহনাদরবং চক্রে বাহুশব্দঞ্চ পাণ্ডবঃ ॥১১৪॥
তলশব্দঞ্চ সুমহৎ কৃত্বা ভীমো মহাবলঃ ।
ভীষয়িত্বা রথানীকং হত্বা যোধান্ বরান্ ববান্ ।
অতীত্য রথিনশ্চাপি দ্রোণানীকমুপাদ্রবৎ ॥১১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

বধ্যেতি। চোদয়ন্তশ্চালয়ন্তঃ, হয়োত্তমান্ উত্তমাশ্বান্ ॥১১৩॥

তানিতি। সিংহনাদ এব ববস্তম্ ॥১১৪॥

তলেতি। তলশব্দং করতলদ্বয়ধ্বনিম্। সুমহদিতি ক্রিয়াবিশেষণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিবচিতায়াং মহাভাবতটীকায়াঃ ভারতকৌমুদীসমাখ্যাযাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দশাধিক-শততমোঽধ্যাযঃ ॥০॥

——(ঃ*ঃ)——

রাজা ! তখন ভীমসেন আপনার পুত্রদের সেই বিশাল সৈন্যের অনুসরণ কবিয়া সকল দিকেই কোববগণকে তাড়ন করিতে থাকিলেন ॥১১২॥

মহারাজ ! ভীমসেন বধ কবিতে লাগিলে, আপনার পক্ষের যোদ্ধারা ভীমকে ত্যাগ কবিযা উত্তম অশ্বগুলিকে চালাইতে থাকিযা রণস্থল হইতে চলিয়া গেলেন ॥১১৩॥

মহাবল পাণ্ডুনন্দন ভীমসেন এইভাবে তাঁহাদিগকে যুদ্ধে জয় করিয়া সিংহনাদ ও বাহ্বাস্ফোটন কবিলেন ॥১১৪॥

ক্রমে মহাবল ভীমসেন বিশাল করতলধ্বনি করিযা, রথী সৈন্যদের ভয় জন্মাইয়া প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিয়া, সেই বথীদিগকে অতিক্রমপূর্ব্বক দ্রোণসৈন্যেব দিকে ধাবিত হইলেন' ॥১১৫॥

——ঃ*ঃ——

* '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, অধ্যায়সমাপ্তির্নাস্তি নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সঞ্জয় উবাচ।

তং জিঘাংসন্তমায়ান্তং পাণ্ডবং প্রহসন্ রণে।
বিবারয়িষুরাচার্য্যঃ শরবর্ষৈরবাকিরৎ ॥১॥
পিবন্নিব শরৌঘাংস্তান্ দ্রোণচাপপরিচ্যুতান্।
সোঽভ্যদ্রবত সোদর্য্যান্ মোহয়ন্ মায়যা বলম্ ॥২॥
তং মৃধে বেগমাস্থায পরং পরমধন্বিনঃ।
চোদিতাস্তব পুত্রেণ সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥৩॥
স তথা সংবৃতো ভীমঃ প্রহসন্নিব ভারত।।
উদযচ্ছদ্‌গদাং তেভ্যঃ সুঘোরাং সিংহবন্নদন্।
অবাসৃজচ্চ বেগেন শত্রুপক্ষবিনাশিনীম্ ॥৪॥

ভাবতকৌমুদী

তমিতি। জিঘাংসন্তং বিপক্ষান্ হন্তুমিচ্ছন্তম্। বিবারযিষুর্বাবয়িতুমিচ্ছুঃ ॥১॥
পিবন্নিতি। সোদর্য্যান্ ধার্ত্তরাষ্ট্রান্, মাযযা অস্ত্রাদিকৌশলেন ॥২॥
তমিতি। পরমধন্বিনো মহাধনুর্দ্ধরাঃ। চোদিতাঃ প্রেরিতাঃ, পুত্রেণ দুর্য্যোধনেন ॥৩॥
স ইতি। উদযচ্ছৎ উদতোলযৎ। অবাসৃজৎ ন্যক্ষিপৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহাবাজ! ভীমসেন বিপক্ষদিগকে বধ করিবাব ইচ্ছায় আসিতে লাগিলে, দ্রোণাচার্য্য তাঁহাকে বারণ কবিবার ইচ্ছা কবিয়া হাস্য কবতঃ বাণবর্ষণ কবিতে লাগিলেন ॥১॥

তখন ভীমসেন দ্রোণকার্ম্মুকনির্গত সেই বাণসমূহকে যেন পান কবিতে থাকিয়া অস্ত্রকৌশলে শত্রুসৈন্যের মোহ উৎপাদন করতঃ ধার্ত্তবাষ্ট্রগণেব দিকে ধাবিত হইলেন ॥২॥

সেই সময়ে আপনাব পুত্রের (দুর্য্যোধনেব) আদেশে মহাধনুর্দ্ধরেরা গুরুতর বেগ অবলম্বন কবিযা সকল দিক্ হইতে যাইযা ভীমকে পবিবেষ্টন কবিলেন ॥৩॥

ভবতনন্দন! ভীমসেন সেইরূপ পবিবেষ্টিত হইয়া হাস্য করতই যেন

---

(১) সমুত্তীর্ণং রথানীকং পাণ্ডবং বিহসন্ রণে—বা নি। (২)···বলমায়য়া—পি।

ইন্দ্রাশনিরিবেন্দ্রেণ প্রবিদ্ধা সুমহাত্মনা।
প্রামথ্নাৎ সা মহারাজ! সৈনিকাংস্তব সংযুগে ॥৫॥
ঘোষেণ মহতা রাজন্! পূরয়ন্তীব মেদিনীম্।
জ্বলন্তী তেজসা ভীমা ত্রাসয়ামাস তে সুতান্ ॥৬॥
তাং পতন্তীং মহাবেগাং দৃষ্ট্বা তেজোঽভিসংবৃতাম্।
প্রাদ্রবংস্তাবকাঃ সর্ব্বে নদন্তো ভৈরবান্ রবান্ ॥৭॥
তঞ্চ শব্দমসংসহ্যং তস্যাঃ সংলক্ষ্য মারিষ!।
প্রাপতন্ মনুজাস্তত্র রথেভ্যো রথিনস্তথা ॥৮॥
তে হন্যমানা ভীমেন গদাহস্তেন তাবকাঃ।
প্রাদ্রবন্ত রণে ভীত ব্যাঘ্রাঘ্রাতা মৃগা ইব ॥৯॥

ভারতকৌমুদী

